সম্পত্তি ফিরে পেয়ে মুখ্যমন্ত্রীকে মিষ্টিমুখ প্রবীণ নাগরিকের

# আজকাল



সেঁজুতি হাসপাতাল NABH স্বীকৃত
কম খরচে সঠিক চিকিৎসা পরিষেবা
৯৭৩২৫ ৯৭৬৫৩, ৯০৭৩৮ ৮১৮৭৪, ৯৩৩৯৭ ৫৪৪৩০, ৯৭৩৩০ ২৫০৫২
মৌলালী, তালতলা, কলকাতা-১৩



www.aajkaal.in | কলকাতা ১৪ শ্রাবণ ১৪৩৩ শুক্রবার ৩১ জুলাই ২০২৬ শহর সংস্করণ* ৫.০০ টাকা ১২ পাতা | পশ্চিমবঙ্গের বাইরে অতিরিক্ত বিমান মাশুল ১ টাকা




রাজ্য পুলিশ অ্যাকাডেমির 'বড়া খানা' অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। ব্যারাকপুরে, বৃহস্পতিবার। ছবি: আজকাল

# ডাকাত ধরে খোঁজ মিলেছে বীরভূমের 'সোনার খনি'র!

## সোনা এসেছে দুবাই, সুইৎজারল্যান্ড থেকে

**অনুপম বন্দ্যোপাধ্যায়**
সিউড়ি, ৩০ জুলাই

বীরভূমে 'সোনার খনি'র নেপথ্যে রয়েছে ডাকাত-যোগ। ডাকাতদের কাছ থেকে পাওয়া তথ্যের সূত্র ধরেই বীরভূম জেলার পুলিশ বুধবার কাকভোরে ওই সোনা ও টাকা উদ্ধারের অভিযানে নামে। বীরভূমের মহম্মদবাজার থানার দেউচা বাসস্টপের কাছে যে-দোতলা বাড়িতে গাড়ি থামিয়ে তল্লাশি চালাতেই গাড়ির ভেতরে অস্ত্রশস্ত্র-সহ ৭ দুষ্কৃতীকে দেখতে পায় জাতীয় সড়কে টহলরত পুলিশ। তাদের ধরে এনে মহম্মদবাজার থানায় দীর্ঘক্ষণ জেরা করে জানা যায়, দেউচায় মিনার মণ্ডলের বাড়িতে পাথর সিন্ডিকেটের প্রচুর টাকা ও সোনা মজুত আছে বলে খবর পেয়েই তারা ডাকাতির ছক কষেছিল। এই দলে রয়েছে বিহার ও ঝাড়খণ্ডের কয়েকজন পেশাদার ডাকাত।

- **সন্দেহে মহম্মদবাজারে একটি গাড়ি থামিয়ে পুলিশ তল্লাশি চালালে ধরা পড়ে অস্ত্র-সহ বিহার ও ঝাড়খণ্ডের ৭ ডাকাত**
- **জেরায় ডাকাতরা জানায়, দেউচায় মিনার মণ্ডলের বাড়িতে প্রচুর টাকা-সোনা মজুত আছে। সেখানে তারা ডাকাতি করতে চলেছে**
- **বুধবার ভোরেই সেই বাড়িতে অভিযান চালায় পুলিশ। মেলে ১৫ কেজি সোনা, সাড়ে ২৮ কোটি নগদ**
- **পুলিশের অনুমান, এ টাকা পাথর খাদান থেকে ভুয়ো চালান দিয়ে আদায় করা সরকারি রাজস্ব**

বুধবার সকাল থেকে অনেক রাত পর্যন্ত অভিযান চালিয়ে পুলিশ প্রায় সাড়ে ২৮ কোটি টাকা ও ১৫ কেজি সোনার বাট ও বিস্কুট উদ্ধার করেছে, সেই বাড়িতেই ডাকাতির ছক কষেছিল দুষ্কৃতীরা। পুলিশ সূত্রে জানা যায়, সোমবার রাতে দেউচা থেকে কিছুটা দূরে ১৪ নম্বর জাতীয় সড়কে একটি সন্দেহজনক চারচাকার ডাকাতদের কাছ থেকে পাওয়া তথ্যের ভিত্তিতেই একটি বিশেষ দল গঠন করে মিনার মণ্ডলের বাড়িতে তল্লাশি অভিযান চালানোর পরিকল্পনা করে জেলা পুলিশ। বুধবার ভোর সাড়ে ৩টে নাগাদ শুরু হয় পুলিশের এই বিশেষ অভিযান। বাড়িতে তল্লাশি চালাতেই মিলে যায় ডাকাতদলের দেওয়া তথ্য। উদ্ধার হয় সোনা ও টাকার পাহাড়। বুধবার রাত সাড়ে ১০টা পর্যন্ত চলে টাকা গোনার কাজ। উদ্ধার হওয়া সাড়ে ২৮ কোটি টাকা ও ১৫ কেজি সোনার বাট ও বিস্কুট রাখা হয় ছ'টি বড় ও তিনটি মাঝারি ট্রাঙ্কে। কিন্তু বুধবার রাতে নিরাপত্তার কারণে বাক্সবন্দি ধনসম্পদ বাড়ি থেকে বের করার ঝুঁকি নেয়নি পুলিশ। বাড়িটি কেন্দ্রীয় বাহিনীর নিরাপত্তা বেষ্টনীতে মুড়ে ফেলা হয়। বৃহস্পতিবার সকাল সাড়ে ৮টা নাগাদ কড়া নিরাপত্তায় বাড়ির ভেতর থেকে একে একে বড়-মাঝারি ৯টি টাকা-সোনা বোঝাই ট্রাঙ্ক মিনার মণ্ডলের বাড়ি থেকে বের করে একটি প্রিজন ভ্যানে তুলে মহম্মদবাজার থানায় নিয়ে যাওয়া হয়। সেই সঙ্গে বাড়ির মালিক মিনার মণ্ডলকে গ্রেপ্তার করে নিয়ে যাওয়া হয়।

● এরপর ৩ পাতায়



সিউড়িতে মূল অভিযুক্ত টুলু মণ্ডলের প্রাসাদোপম বাড়িতে চলছে পুলিশি তল্লাশি। বৃহস্পতিবার। ছবি: শান্তনু দাস

# পুলিশকর্মীদের মুখ্যমন্ত্রী হতে হবে দেশসেরা

**সোহম সেনগুপ্ত**

পুলিশের কাজের প্রশংসা করে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর আহ্বান, এ রাজ্যের পুলিশকে দেশের সেরা হতে হবে। রাজ্যের আর্থিক সীমাবদ্ধতা ও পরিকাঠামোগত নানা সমস্যা সত্ত্বেও তাঁরা নিষ্ঠা, শৃঙ্খলা ও পেশাদারিত্বের সঙ্গে কাজ করছেন। বৃহস্পতিবার ব্যারাকপুরে রাজ্য পুলিশ অ্যাকাডেমির ঐতিহ্যবাহী 'বড়া খানা' অনুষ্ঠানে একথা বলেন মুখ্যমন্ত্রী। সেখানে পুলিশকর্মীদের সঙ্গে মধ্যাহ্নভোজে যোগ দেন তিনি। একই সঙ্গে এদিন বিকেলে মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রী বিধাননগর পুলিশ কমিশনারেটেও যান। সেখানে তাঁকে গার্ড অফ অনার দেওয়া হয়। এদিন দুপুরে ব্যারাকপুরের অনুষ্ঠানে যোগ দিয়ে পুলিশকর্মীদের উদ্দেশে মুখ্যমন্ত্রী বলেন, 'ঠিক ভাবে মানবসম্পদকে কাজে লাগাতে পারলে পশ্চিমবঙ্গ পুলিশ দেশের যে-কোনও রাজ্যের পুলিশ বা কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার তুলনায় ভাল কাজ করার ক্ষমতা রাখে। এ রাজ্যের পুলিশকে দেশের সেরা হতে হবে।' ব্যারাকপুর পুলিশ কমিশনারেটের পক্ষ থেকে এদিন মুখ্যমন্ত্রীকে গার্ড অফ অনার দেওয়া হয়। এরপর উপস্থিত পুলিশ আধিকারিক ও কর্মীদের উদ্দেশে বক্তব্য পেশ করেন তিনি। শুরুতেই উল্লেখ করেন পশ্চিমবঙ্গ পুলিশের বর্তমান পরিস্থিতি, সীমাবদ্ধতা এবং ভবিষ্যতের সম্ভাবনার কথা। বলেন, 'কী করলে পশ্চিমবঙ্গ পুলিশ দেশের অন্যতম সেরা বাহিনী হয়ে উঠতে পারে সেই বিষয়গুলি নিয়ে আমি নিয়মিত ভাবনাচিন্তা করি। রাজ্যের আর্থিক পরিস্থিতি অত্যন্ত কঠিন। তার প্রভাব পুলিশ-প্রশাসনের ওপরও পড়েছে। প্রত্যন্ত এলাকায় কর্মরত পুলিশকর্মীদের অনেক সময় পর্যাপ্ত আবাসন, বিশুদ্ধ পানীয় জল কিংবা প্রয়োজনীয় লজিস্টিক সুবিধা মেলে না। তবু এই প্রতিকূল পরিবেশের মধ্যেই পুলিশকর্মীরা তাঁদের নিজেদের দায়িত্ব নিষ্ঠার সঙ্গে পালন করছেন।' মুখ্যমন্ত্রী জানান, গত প্রায় দশ সপ্তাহে পশ্চিমবঙ্গের পুলিশ দুর্নীতিদমন, আইনশৃঙ্খলা রক্ষা, চিহ্নিত অপরাধীদের গ্রেপ্তার, সীমান্ত সুরক্ষা, অবৈধ

● এরপর ২ পাতায়

## স্কুল সিলেবাস

# ২০২৭ পরিমার্জন ২০২৮ পরিবর্তন

**আজকালের প্রতিবেদন**

আগামী শিক্ষাবর্ষ, অর্থাৎ ২০২৭ সালে স্কুল স্তরে এখন যে সিলেবাস রয়েছে তার পরিমার্জন করা হবে। সেক্ষেত্রে সম্পূর্ণ বদল না ঘটলেও পরিমার্জিত সিলেবাস পাবে প্রথম থেকে দ্বাদশ শ্রেণির পড়ুয়ারা। আর ২০২৮ সাল থেকে স্কুল স্তরের সিলেবাসে আসতে চলেছে আমূল পরিবর্তন। ওই বছর থেকেই রাজ্যে স্কুল স্তরে চালু হতে চলেছে জাতীয় শিক্ষানীতি। বৃহস্পতিবার এক সাংবাদিক বৈঠকে

**শিক্ষক নিয়োগ নিয়ে সময় বাড়ানোর আবেদন হবে শীর্ষ আদালতে**

■ ৩ পাতায় ■

একথা জানিয়েছেন স্কুলশিক্ষা মন্ত্রী দীপক বর্মন। পাশাপাশি মন্ত্রী জানান, স্কুলের পোশাকে আর থাকবে না বিশ্ব বাংলা লোগো। অতীত ঐতিহ্য মেনে কর্তৃপক্ষ চাইলে স্কুলের পোশাক এবং ভবনের রং আগে যেমন ছিল তা করতে পারবেন। এ ব্যাপারে স্কুলগুলিকে পূর্ণ স্বাধীনতা দেওয়া হয়েছে।

সম্প্রতি প্রাথমিক থেকে উচ্চ মাধ্যমিক পর্যন্ত পাঠ্যক্রম পুনর্বিবেচনার জন্য 'সিলেবাস কাম কারিকুলাম' কমিটি গঠন করেছে রাজ্য।

● এরপর ২ পাতায়

## রাজ্যে শিল্পের সম্ভাবনা

# রাসায়নিক শিল্প চেয়ে শমীকের চিঠি

**আজকালের প্রতিবেদন**

সিঙ্গুরে রাসায়নিক শিল্প পার্ক গড়ার জন্য রাজ্যকে উদ্যোগী হওয়ার প্রস্তাব দিলেন রাজ্যসভার সাংসদ ও বিজেপি রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীকে এক চিঠিতে তিনি এই বিষয়ে দ্রুত উদ্যোগী হওয়ার জন্য জানিয়েছেন। পরিস্থিতি বিবেচনায় সিঙ্গুর, হলদিয়া, রঘুনাথপুর কিংবা দুর্গাপুরের মধ্যে যে-কোনও একটি জায়গায় ভারত সরকারের সিদ্ধান্ত অনুযায়ী ভব্য রসায়ন প্রকল্পের সুবিধে গ্রহণ করে রাসায়নিক শিল্প পার্ক স্থাপন করা যেতে পারে। ভারত সরকার দেশের ৩টি জায়গায় ভারত ঔদ্যোগিক বিকাশ যোজনা রসায়ন (ভব্য রসায়ন) স্কিমে শিল্প পার্ক গড়ার সিদ্ধান্ত নিয়েছে।

### লিখলেন মুখ্যমন্ত্রীকে

প্রসঙ্গত, রাজ্যে শিল্পায়নের বিষয়ে প্রথম থেকেই উদ্যোগী বিজেপির রাজ্য সভাপতি। শিল্পে বড় বিনিয়োগের জন্য পশ্চিমবঙ্গ যে প্রস্তুত, সে বার্তাও তিনি বারে বারেই দিয়েছেন। চিঠিতে তিনি লিখেছেন, জাতীয়স্তরে একটি রাসায়নিক শিল্পকেন্দ্র তৈরির ক্ষেত্রে পশ্চিমবঙ্গ সরকারের কাছে বিরল সুযোগ এসেছে। তার সদ্ব্যবহার করার জন্য রাজ্য উদ্যোগ নিক। ওই চিঠিতে বলা হয়েছে, কেন্দ্র-রাজ্য যৌথ উদ্যোগে এই প্রকল্পের মাধ্যমে কমবেশি দেড় হাজার কোটি টাকা বরাদ্দ করা হবে। এর ফলে রাসায়নিক শিল্প পার্কটি গড়া হলে বেসরকারি বিনিয়োগ আসার সম্ভাবনাও অনেকটাই বেড়ে যাবে। বিদেশি বিনিয়োগও আসবে। শিল্প পার্ক তৈরি হলে সরাসরি কর্মসংস্থানের ক্ষেত্র যেমন তৈরি হবে, তেমনই প্ল্যান্ট অপারেশন্স, লজিস্টিক্স,

● এরপর ২ পাতায়

# পানাগড়ে জমি দেখবে মিৎসুবিশি

**আবির রায়**
দুর্গাপুর, ৩০ জুলাই

আগামী মাসেই রাজ্য সরকারের শিল্পনীতি গঠন হয়ে যাবে। সেমিকন্ডাক্টর কারখানা নির্মাণে দুর্গাপুর-পানাগড় শিল্পাঞ্চলে জমি দেখতে আসছেন মিৎসুবিশির আধিকারিকেরা। শিল্পের বিকাশে উদ্যোগপতিরাই রাজ্যের অন্যতম অংশীদার। বৃহস্পতিবার দুর্গাপুরের শিল্পপতিদের আলোচনাসভায় একথা জানালেন শিল্পমন্ত্রী তাপস রায়।

ওই সভায় তিনি বলেছেন, 'কর্মসংস্থানের লক্ষ্যে ঘরের ছেলেমেয়েদের ঘরে রাখতে বাংলায় শিল্প গড়তেই হবে। শিল্পায়নের মাধ্যমে শিল্পপতিরাই বাংলাকে বাঁচাতে পারে।

### জানালেন শিল্পমন্ত্রী

তা না হলে পরবর্তী প্রজন্ম আমাদের প্রতি অখুশি হবে। শুধু এদেশের উদ্যোগপতিরাই নন, বিদেশ থেকেও ১৪টি শিল্প-প্রস্তাব এসেছে রাজ্য সরকারের হাতে। সেই প্রস্তাব নিয়ে আলোচনাও শুরু হয়েছে। রাজ্যের শিল্পনীতি, ল্যান্ডব্যাঙ্ক এবং 'ওয়ান উইন্ডো' পদ্ধতি চালু করা হবে। এরাজ্যে শিল্প গড়ে ওঠার বিষয়ে আগ্রহী প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এবং স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। অন্য উৎসব ছাড়াও দুর্গাপুর-আসানসোল শিল্পাঞ্চলে এবার শিল্প উৎসব হবে।'

বামুনাড়া অঙ্গদপুর ইন্ডাস্ট্রিজ অ্যাসোসিয়েশনের সভাপতি অনিল আগরওয়াল বলেন, 'প্রায় ৪০টি বন্ধ কারখানা বাঁচাতে এবং নতুন বিনিয়োগকারীদের সমস্যা মেটাতে সবরকম সহায়তা দেওয়ার আশ্বাস দিয়েছেন শিল্পমন্ত্রী।'

● এরপর ২ পাতায়

# ৩ সাংসদের বিজেপি যোগে সংশয়

**বীরেন ভট্টাচার্য**
দিল্লি, ৩০ জুলাই

বিজেপি ঘনিষ্ঠ হিসেবে থাকতে নারাজ তৃণমূল ভেঙে এনসিপিআইয়ে যাওয়া তিন সংখ্যালঘু সাংসদ আবু তাহের, খলিলুর রহমান এবং ইরফান পাঠান। তাঁরা, বিশেষ করে তাহের ও খলিলুর ঘনিষ্ঠ মহলে জানিয়ে দিয়েছেন, তাঁদের এলাকার মানুষের কথা মাথায় রেখেই বিজেপির সঙ্গে থাকা তাঁদের পক্ষে সম্ভব নয়। তৃণমূলে ফেরার বিষয়েও কথাবার্তা চলছে। তবে বহরমপুরের সাংসদ ইরফান পাঠান এনসিপিআই ছাড়লেও তাঁর পক্ষে সংসদে বিজেপির সরাসরি বিরোধিতা সম্ভব নয়। আদতে গুজরাটের বরোদার মানুষ ইরফানের পরিবারের ওপর চাপ রয়েছে বলেও তিনি ঘনিষ্ঠ মহলে জানিয়েছেন।

এদিকে, তৃণমূল ছেড়ে যাওয়া বাকি সাংসদদের আর কতদিন এনসিপিআইয়ে থাকতে হবে, তা নিয়ে তৈরি হয়েছে প্রশ্ন, সংশয়। জানা গিয়েছে, সম্প্রতি উদ্ধব-শিবসেনার ছয় সাংসদ শিন্ডে-শিবসেনায় যোগ দেওয়ায় যে মামলা দায়ের হয়েছে, তার দিকে তাকিয়ে রয়েছে বিজেপি। সেই মামলায় কী রায় আসে, তা দেখেই সরকার বা স্পিকারের দপ্তর সিদ্ধান্ত নেবে বলে মনে করা হচ্ছে। এই বিষয়টি এনসিপিআই সাংসদদের স্পিকার ওম বিড়লা জানিয়ে দিয়েছেন বলে জানা গিয়েছে।

● এরপর ৪ পাতায়

# 'এ যেন নিজের দেশে ফেরা'

## আজ তসলিমা কলকাতায়

**আজকালের প্রতিবেদন**



আজ, শুক্রবার সন্ধেয় প্রায় ১৮ বছর ৯ মাস পর কলকাতায় আসছেন তসলিমা নাসরিন। কাল, শনিবার রবীন্দ্রসদনে 'সেকুলার মিশন', 'পশ্চিমবঙ্গের জন্য' এবং এইচআরবিএফএফের উদ্যোগে আয়োজিত অনুষ্ঠানে যোগ দেবেন তিনি। অনুষ্ঠানটি তসলিমা নাসরিনের লেখা বিভিন্ন গান ও কবিতা দিয়ে সাজানো হয়েছে। অনুষ্ঠানে তিনি নিজেও কবিতা পাঠ করবেন। প্রকাশিত হবে তসলিমাকে নিয়ে লেখা দুটি বই। বক্তব্য পেশ করবেন সাহিত্যিক শীর্ষেন্দু মুখোপাধ্যায়, বিজেপি নেতা তথাগত রায়, অর্থমন্ত্রী স্বপন দাশগুপ্ত-সহ অন্যরা। আয়োজকরা জানিয়েছেন, অনুষ্ঠানে আমন্ত্রণ জানানো হয়েছে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীকে।

২০০৭ সালে তসলিমার বিরুদ্ধে আন্দোলনে উত্তাল হয়েছিল কলকাতা। তাঁর লেখা 'দ্বিখণ্ডিত' উপন্যাসকে কেন্দ্র করে বিক্ষোভের জেরে সে-বছরেরই ২১ নভেম্বর কলকাতা ছাড়তে হয়েছিল তাঁকে। বৃহস্পতিবার সংবাদ সংস্থা পিটিআইকে দেওয়া সাক্ষাৎকারে তসলিমা বলেছেন, 'প্রায় ১৯ বছর পর কলকাতায় ফেরা যেন নিজের দেশে ফেরার মতোই। কলকাতা শুধু বসবাসের জায়গাই ছিল না, বরং এমন এক শহর যা আমাকে আপন করে নিয়েছিল।

● এরপর ৫ পাতায়




# চা নিয়ে অ্যাকশন প্ল্যানের পথে রাজ্য

আজকালের প্রতিবেদন

উত্তরবঙ্গে বিনিয়োগ ফেরাতে মঙ্গলবার 'বিকশিত বাংলা' শিল্প সম্মেলন অনুষ্ঠিত হয়েছে শিলিগুড়িতে। সেখানে রাজ্যের অর্থমন্ত্রী ড. স্বপন দাশগুপ্ত ও পর্যটনমন্ত্রী ড. শঙ্কর ঘোষ উপস্থিত ছিলেন। এরপরই বৃহস্পতিবার রীতিমতো নবান্নে পৌঁছে যান উত্তরবঙ্গের ৪০ জন উদ্যোগপতি। ইন্ডিয়ান চেম্বার অফ কমার্সের নর্থ বেঙ্গল চ্যাপ্টারের এই প্রতিনিধিদের নিয়ে এদিনও বিস্তারিত আলোচনা হয়। সেখানে উত্তরবঙ্গে বিনিয়োগের ক্ষেত্রে কোথায় কোথায় সমস্যা রয়েছে, কোন বিষয়গুলিতে বিশেষ নজর দিতে হবে, সমস্ত বিষয়ে চুলচেলা আলোচনা হয়। আলোচনা–শেষে সাংবাদিকদের পর্যটনমন্ত্রী জানান, শিল্পস্থাপনের জন্য উত্তরবঙ্গই ভবিষ্যৎ। এখানে জমির সমস্যা নেই। যোগাযোগ ব্যবস্থাও এখন অনেকটাই ভাল। বাকি সমস্ত পরিকাঠামোগত বিষয় দেখা হচ্ছে। এর পাশাপাশি যে বিষয়গুলির জটিলতা মেটাতে হবে, সেসব নিয়ে আলোচনা হয়েছে। ফলে নীতিগত পরিবর্তনের মাধ্যমে বিনিয়োগের একটা পরিবেশ তৈরি করে বিনিয়োগকারীদের মধ্যে ভরসা তৈরি করাই আমাদের লক্ষ্য।

**নবান্নে বৈঠক**

অন্য দিকে, এদিনের আলোচনায় উত্তরবঙ্গের অন্যতম প্রধান শিল্প চা নিয়ে বিস্তর আলোচনা হয়েছে। শঙ্কর ঘোষ জানান, 'ফ্রান্সের বিভিন্ন প্রদেশে যেভাবে ওয়াইনেরি বিভিন্ন ভাবে ব্র্যান্ডিং করেছে, আমরা কি চা নিয়ে তেমন ব্র্যান্ডিং করেছি? দার্জিলিং চা নিয়ে উদ্যোগ নেওয়া হলেও ডুয়ার্সের চা, তরাইয়ের চায়ের যে আলাদা স্বাদ, সেসব নিয়ে কিছু ভাবা হয়নি। এর সঙ্গে চা–পর্যটন নিয়ে আমরা বড় আকারে ভাবনাচিন্তা করছি। পাশাপাশি, বড় চা–বাগান, ছোট চা–বাগান সবকিছু নিয়ে একটি অ্যাকশন প্ল্যান তৈরির সিদ্ধান্ত হয়েছে। এর জন্য সময় লাগবে। কিন্তু আমরা দীর্ঘমেয়াদি পরিকল্পনার মধ্যে দিয়ে এগোতে চাইছি। এক্ষেত্রেও একটা উল্লেখযোগ্য কথা হল, রাজ্যের আর্থিক অবস্থার কথা আমরা সবাই জানি। কিন্তু আমরা কেন্দ্রের সহযোগিতা পাব। কেন্দ্রের অ্যাসিস্ট্যান্সটাকে ১০০ শতাংশ যাতে রাজ্যের উন্নয়নের ক্ষেত্রে ব্যবহার করতে পারি, তার কথাও আমরা বলেছি।'

# হতে হবে দেশসেরা

● ১ পাতার পর

অনুপ্রবেশকারীদের চিহ্নিতকরণ এবং রাজ্যের মা–বোনেদের নিরাপত্তা নিশ্চিত করার ক্ষেত্রে একাধিক উল্লেখযোগ্য সাফল্য অর্জন করেছে। একটি সুসংগঠিত ও শৃঙ্খলাবদ্ধ বাহিনী হিসেবে তারা অল্প সময়ের মধ্যেই বহু ইতিবাচক নজির স্থাপন করেছে। পুলিশকর্মীদের উদ্দেশে তাঁর বার্তা, শুধু আইপিএস, ডিজি, এডিজি বা আইজি পর্যায়ের আধিকারিকদের সঙ্গে বৈঠক করাই তাঁর লক্ষ্য নয়। নিচুতলার পুলিশকর্মীদের অভাব–অভিযোগ, সমস্যা, মানসিক কষ্ট ও কর্মক্ষেত্রের বাস্তব পরিস্থিতিও তিনি জানতে চান এবং সেগুলির সমাধানে আন্তরিক ভাবে তিনি উদ্যোগী হবেন। এদিন পুলিশকর্মীদের তিনি বলেন, 'আপনারা ভাল থাকবেন। আপনাদের মন্ত্রী আপনাদের সঙ্গেই আছে। কারণ আপনারাই আমাদের সবচেয়ে বড় সম্পদ।' এদিন অনুষ্ঠান শেষে তিনি পুলিশকর্মীদের সঙ্গে মধ্যাহ্নভোজে কিছুক্ষণ তাঁদের সঙ্গে সৌজন্য বিনিময়ও করেন। মুখ্যমন্ত্রীকে ঘিরে এদিন পুলিশকর্তা থেকে সাধারণ পুলিশকর্মীদের মধ্যে উৎসাহ–উদ্দীপনা ছিল চোখে পড়ার মতো।

এদিন বিধাননগর কমিশনারেটেও যান মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। সেখানে ছিলেন রাজ্য পুলিশের ডিজি সিদ্ধনাথ গুপ্তা, ডিজি (আইনশৃঙ্খলা) অজয় রানাডে, বিধাননগরের কমিশনার রাঠোর অমিত কুমার ছাড়াও একাধিক শীর্ষ পর্যায়ের আধিকারিক। পুলিশ কমিশনারেটের অন্দরমহলে পুলিশের কর্তাব্যক্তিদের সঙ্গে প্রায় ঘণ্টাখানেক বৈঠক সেরে বেরিয়ে যান মুখ্যমন্ত্রী। সল্টলেক, বাগুইআটি, নিউ টাউন, এয়ারপোর্ট, রাজারহাট ইত্যাদি বৃহত্তর এলাকা নিয়ে গঠিত বিধাননগর কমিশনারেট। শহর ও গ্রামীণ— দুই অঞ্চলের বসবাসকারী অসংখ্য নাগরিকের পুলিশি নিরাপত্তা, রাতের নজরদারি, ট্র্যাফিক সচেতনতা বৃদ্ধি, অপরাধ দমনে পুলিশের তৎপরতা, আইনশৃঙ্খলা রক্ষা, নিরাপদ সমাজ গঠন, সিন্ডিকেটরাজ দমন, ইত্যাদি ক্ষেত্রে পুলিশের আরও সক্রিয় ভূমিকা নেওয়ার বিষয়ে আলোচনা হয়েছে বলে জানা গেছে।

## গুদাম পরিদর্শনে জোর খাদ্যমন্ত্রীর

**রেশনের পণ্যের গুণমান যাচাই করতে যখন–তখন গুদাম পরিদর্শন করবেন খাদ্যমন্ত্রী অশোক কীর্তনিয়া। বৃহস্পতিবার খাদ্য ভবনে চালকল মালিকদের সঙ্গে বৈঠকে রেশন–দুর্নীতি রুখতে কড়া বার্তা দিলেন তিনি। খাদ্যমন্ত্রী জানিয়েছেন, আগের সরকারের সময় রাজনৈতিক নেতাদের মদতে নানা বেনিয়ম হয়েছে। বাইরে থেকে চাল এনে পালিশ করার মতো বেআইনি কাজ কোনও ভাবেই বরদাস্ত করা হবে না। যে–কোনও সময় তিনি নিজেই গুদাম পরিদর্শন করতে যেতে পারেন। কোনও গুদামে যদি কোনও আধিকারিক, কোনও দলের নেতা টাকা দাবি করেন, তা হলে সরাসরি সরকারকে জানানো যাবে। অভিযোগ প্রমাণিত হলে এক সপ্তাহের মধ্যেই ব্যবস্থা নেওয়া হবে। চাষিদের স্বার্থরক্ষা করা সরকারের মূল লক্ষ্য। সেই কারণে ধানের ক্ষেত্রে প্রতি কুইন্টালে ২০০ টাকা করে মূল্যবৃদ্ধি করা হয়েছে। মন্ত্রী জানান, রেশনব্যবস্থার সুনাম বজায় রাখার দায়িত্ব সকলের। সরকারের একমাত্র উদ্দেশ্য, প্রকৃত উপভোক্তাদের হাতে রেশনের সুবিধা পৌঁছে দেওয়া।**



দুর্গাপুরের শিল্পপতিদের আলোচনাসভায় শিল্পমন্ত্রী তাপস রায়, শিল্প দপ্তরের রাষ্ট্রমন্ত্রী মৌমিতা বিশ্বাস মিশ্র, পূর্তমন্ত্রী ড. অজয়কুমার পোদ্দার। বৃহস্পতিবার। ছবি: প্রতিবেদক

# জমি দেখবে মিৎসুবিশি

● ১ পাতার পর

আলোচনাসভায় ছিলেন শিল্প দপ্তরের রাষ্ট্রমন্ত্রী মৌমিতা বিশ্বাস মিশ্রও। তিনি বলেছেন, 'গত দু–মাসে রাজ্যের শিল্পায়নে ২৮ হাজার কোটি টাকা বিনিয়োগ হয়েছে। বিগত ৫০ বছরে রাজ্যে বড় কোনও শিল্প–কারখানা হয়নি। শুধু দাদাগিরি চলেছে। বাংলায় আর 'ব্রেন ড্রেন' হবে না। দুই বর্ধমান, বাঁকুড়া, বীরভূম, পুরুলিয়া জুড়ে শিল্প গড়ার জন্য প্রচুর সম্পদ রয়েছে। শিল্পবান্ধব শিল্পনীতিও আসবে। রাজ্যের বিকাশের জন্য রাজ্য সরকার চেষ্টা করছে।' বৈঠকে পূর্তমন্ত্রী ড. অজয়কুমার পোদ্দার বলেছেন, 'মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর নির্দেশে দুর্গাপুর–আসানসোল শিল্পাঞ্চলে বিশেষ গুরুত্ব দিয়ে শিল্পপতি ও নতুন উদ্যোক্তাদের সঙ্গে ধারাবাহিক আলোচনা করা হচ্ছে। গত ২২ বছর ধরে বন্ধ–থাকা রাষ্ট্রায়ত্ত কারখানাগুলিকে পুনরুজ্জীবিত করার বিষয়েও কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলোচনা চলছে।'

# ২০২৭ পরিমার্জন ২০২৮ পরিবর্তন

● ১ পাতার পর

স্কুল স্তরের পাঠ্যক্রম পুনর্বিবেচনার পাশাপাশি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরে এখন যে মূল্যায়ন ও পরীক্ষা পদ্ধতি চালু আছে, তাও পর্যালোচনা করবে এই কমিটি। কমিটি প্রথম বৈঠকের দু'মাসের মধ্যে প্রাথমিক রিপোর্ট জমা দেবে। পরবর্তী তিন মাসের মধ্যে চূড়ান্ত রিপোর্ট জমা দেওয়ার কথা। আগামী শিক্ষাবর্ষ থেকেই পাঠ্যক্রমে বদল আনতে চায় রাজ্য। ২০২৭ সালের জানুয়ারি থেকে শুরু হবে নতুন শিক্ষাবর্ষ। তার আগে নতুন বই ছাপার বিষয়টি রয়েছে। যা সময়সাপেক্ষ। সেক্ষেত্রে পুরো পাঠ্যক্রমের বদল সম্ভব না হলেও কিছু কিছু 'টপিক' বদল হতে পারে। যেমন অষ্টম শ্রেণির ইতিহাস বই থেকে বাদ যেতে পারে সিঙ্গুর আন্দোলন। এরকমই ভাষাগত কিছু বদল হতে পারে। অঙ্কের বইয়ে থাকা কিছু নামেও বদল ঘটতে পারে। এদিন এই প্রসঙ্গে স্কুলশিক্ষা মন্ত্রী বলেন, '২০২৭ সালে সিলেবাসে কিছু পরিমার্জন করা হবে। আর ২০২৮ সাল থেকে সিলেবাসে আমূল বদল আনা হবে। ইতিমধ্যেই সিলেবাস কমিটি গঠিত হয়েছে। কমিটির প্রথম পরিকল্পনা, আগামী শিক্ষাবর্ষে যে বইগুলি বেরোবে তার রিভিউ করা। ২০২৮ সাল থেকে স্কুল স্তরে জাতীয় শিক্ষানীতি চালু হবে। তার জন্য সিলেবাসে কী কী বদল আসবে, তা নিয়ে সুপারিশ করবে কমিটি। কমিটির সুপারিশ অনুযায়ী সিদ্ধান্ত নেওয়া হবে।' দীর্ঘমেয়াদি পরিকল্পনা করেই কমিটি নতুন সিলেবাস তৈরি করবে বলে জানান মন্ত্রী।

এর সঙ্গে স্কুলের ঐতিহ্য মেনেই স্কুলবাড়ি এবং পোশাকের রং ঠিক করতে পারবেন স্কুল কর্তৃপক্ষ, জানান স্কুলশিক্ষা মন্ত্রী। বলেন, 'স্কুলগুলিকে বলা হয়েছে, অতীত ঐতিহ্য মেনে আগে যে পোশাক ছিল তা যদি তারা ফিরিয়ে আনতে চায় সেটা করতে পারবে। এ ব্যাপারে স্কুলকে স্বাধীনতা দেওয়া হয়েছে। স্কুলবাড়ির রংয়ের ক্ষেত্রেও বলা হয়েছে, অতীত ঐতিহ্য মেনে আগে যে রং ছিল, সেই রং আবার করতে পারে। কেউ যদি চায় পোশাক এবং ভবনের রং নীল–সাদাই রাখবে, রাখতেই পারে। তবে পোশাকে বা ভবনে কোথাও বিশ্ব বাংলা লোগো থাকবে না।' প্রসঙ্গত, রাজ্যের স্কুলগুলির পোশাকের রং বদলে নীল–সাদা করতে বলেছিল পূর্বতন তৃণমূল সরকার। এমনকী স্কুল ভবনের রংও নীল–সাদা করার নির্দেশ দেওয়া হয়। তবে অনেক স্কুলই সেই নির্দেশ মানেনি। রাজ্যে পালাবদলের পরই সম্প্রতি ২০২২ সালের আগে কোন স্কুলের পোশাকের কী রং ছিল, তা নির্দিষ্ট সময়ের মধ্যে স্কুলগুলিকে দপ্তরের পক্ষ থেকে জানাতে বলা হয়েছে। মন্ত্রীর এদিনের বক্তব্যে খুশি স্কুলগুলি। তাদের বক্তব্য, স্কুলবাড়ি এবং পোশাকের সঙ্গে স্কুলের ঐতিহ্য জড়িয়ে থাকে। এদিন সমগ্র শিক্ষা মিশনের সঙ্গে 'ন্যাশনাল ইনস্টিটিউট অফ ওপেন স্কুলিং'–এর সমঝোতাপত্র স্বাক্ষরিত হয়। স্কুলছুট বা নানা কারণে মাঝপথে পড়াশোনা ছেড়ে দেওয়া এবং ভিন্‌রাজ্যে চলে যাওয়া ছেলেমেয়েরা চাইলে এই ওপেন স্কুলিংয়ের মাধ্যমে দেশের যে–কোনও কেন্দ্রে নিজের মাতৃভাষায় পড়াশোনা শেষ করতে পারবে। ১৯ বছর পর্যন্ত বিনামূল্যে পড়া যাবে। গ্রামে ওপেন স্কুলিংয়ের কেন্দ্র গড়ে তোলা হবে।

# জনগণনায় শিক্ষকেরা, সমস্যার কথা জানিয়েছি মুখ্যমন্ত্রীকে: স্কুলশিক্ষা মন্ত্রী

আজকালের প্রতিবেদন

জনগণনার কাজে স্কুলের অধিকাংশ শিক্ষক। ফলে অনেক স্কুলেই পঠনপাঠন কার্যত বন্ধ হওয়ার জোগাড়। পরিস্থিতি বিবেচনা করে পদক্ষেপের আশ্বাস দিলেন স্কুলশিক্ষা মন্ত্রী দীপক বর্মন। জানালেন, এ ব্যাপারে সমস্যা যে হচ্ছে তা মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীকে জানানো হয়েছে। জনগণনার কাজে বিপুল সংখ্যক শিক্ষকরা যুক্ত হয়েছেন। তাঁদের মধ্যে প্রাথমিক স্কুলের শিক্ষকদের সংখ্যাই বেশি। কলকাতাতেই কোনও স্কুলের ৪২ জন শিক্ষকের মধ্যে ৩৫ জনের বেশি শিক্ষককে এই কাজে যুক্ত করা হয়েছে। বৃহস্পতিবার স্কুলশিক্ষা মন্ত্রী জানান, প্রতিটি স্কুল থেকে নির্দিষ্ট সংখ্যক শিক্ষককেই যাতে এই কাজে যুক্ত করা যায়, সে বিষয়টি বিবেচনা করা হবে। বলেন, 'বিষয়টি মুখ্যমন্ত্রীকে জানানো হয়েছে। দপ্তর থেকেও চেষ্টা করা হচ্ছে বিষয়টি নিষ্পত্তি করার। অনেক স্কুলেই সংখ্যায় অনেক বেশি শিক্ষকদের জনগণনার কাজে যুক্ত করা হয়েছে। এই সংখ্যা যাতে কমিয়ে আনা যায়, সে চেষ্টা করা হবে।' অন্য দিকে, স্কুলের সঙ্গে সহযোগিতা করছেন না প্রশাসকরা, অভিযোগ পেয়ে নির্দেশিকা জারি করল স্কুলশিক্ষা দপ্তর। স্কুল পরিচালন সমিতি ভেঙে সেখানে সংশ্লিষ্ট এসআইদের প্রশাসক হিসেবে নিয়োগ করা হয়েছে।

## দখল হওয়া সম্পত্তি ফিরে পেলেন

# জনতার দরবারে মুখ্যমন্ত্রীকে মিষ্টিমুখ প্রবীণ প্রবীরের

সম্বৃতা মুখার্জি

জনতার দরবারে এসে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীকে মিষ্টি খাইয়ে, আশীর্বাদ করে গেলেন ভবানীপুরের বাসিন্দা ৮১ বছরের বৃদ্ধ প্রবীর মুখার্জি। মুখ্যমন্ত্রীর উদ্যোগে তিনি দখল হওয়া সম্পত্তি ফিরে পেয়েছেন। একসময় ফ্ল্যাট পাবেন, এই আশায় পৈতৃক ভিটে প্রোমোটার জয় কামদারের হাতে তুলে দিয়েছিলেন বৃদ্ধ। কিন্তু পাননি। উল্টে বার বার যোগাযোগ করে হুমকির মুখে পড়েন। নতুন সরকার আসার পর জনতার দরবারে এসে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীকে সব জানান তিনি। এরপর প্রবীর মুখার্জির বাড়িতে যান ইডির আধিকারিকরা। প্রাপ্য ফ্ল্যাট পান তিনি। বৃহস্পতিবার বিধাননগরে বিজেপির কার্যালয়ে জনতার দরবারে এসে জানান, তিনি বিচার পেয়েছেন। তাঁর বিশ্বাস, অন্যরাও বিচার পাবেন। এদিন জনতার দরবারে ছিলেন রাজ্য বিজেপির দুই সাধারণ সম্পাদক শশী অগ্নিহোত্রী এবং লকেট চ্যাটার্জি। এদিন মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ জানাতে এসেছিলেন জ্যোতির্ময় জানা নামে বেহালার এক বাসিন্দাও। জোর করে দখল করা হয়েছিল তাঁর বাড়ি। জনতার দরবারে সেকথা জানিয়েছিলেন তিনি। মুখ্যমন্ত্রীর উদ্যোগে বিধায়ক শঙ্কর শিকদারের সহযোগিতায় তাঁর সমস্যা মেটে।

এদিন জনতার দরবারে অভিযোগ জানাতে এসেছিলেন অনেকেই। বাঁকুড়ার আরএসএস কর্মী সুমন মণ্ডলের খুনের বিচার চেয়ে এসেছিল তাঁর পরিবার। অভিযোগ, ছাব্বিশের বিধানসভা ভোটের আগে কুপিয়ে খুন করা হয় সুমনকে। তাঁর বাবার অভিযোগ, পুলিশ সহযোগিতা করেনি। চার জন ধরা পড়েছিল, তারাও ছাড়া পেয়ে গিয়েছে। মুখ্যমন্ত্রী তদন্তের আশ্বাস দিয়েছেন। কৃষ্ণনগরের সুতপা আচার্য এদিন মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করে মেয়ের মৃত্যুর বিচার চাইলেন। পুলিশ প্রথমে আত্মহত্যা বলে চালানোর চেষ্টা করে। পরে খুনের অভিযোগ দায়ের হয়। এদিন জনতার দরবারে এসেছিলেন কিরণ গুপ্তা। অভিযোগ, জমি দখল করে বহুতল তৈরি করে ফেলা হয়েছে। সুন্দরবন থেকে এদিন মেয়ের চিকিৎসার আবেদন নিয়ে এসেছিলেন আরতি গুপ্ত। ১১ বছরের মেয়ের হৃদ্‌যন্ত্রে সমস্যা। কাঁথি থেকে এক দম্পতিও এসেছিলেন মেয়ের চিকিৎসার আবেদন নিয়ে। মালদার



সম্পত্তি ফিরে পেয়ে জনতার দরবারে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীকে মিষ্টি খাওয়ালেন ভবানীপুরের বৃদ্ধ প্রবীর মুখার্জি। রয়েছেন বিজেপি নেতা জয়কুমার মল্লিক। বিধাননগরে বিজেপির কার্যালয়ে, বৃহস্পতিবার। ছবি: আজকাল

এখনও সুবিচার পাননি তাঁরা। বারাসতের অমিত প্রধানের মৃত্যুর ঘটনায় জনতার দরবারে এসে পরিবারের অভিযোগ, ছেলের মৃত্যু অস্বাভাবিক। পুলিশ জোর করে বয়ান লিখিয়েছে যে, ব্যারাকপুর রোডে গাড়ির ধাক্কায় অমিতের মৃত্যু হয়েছে। প্রাক্তন বিধায়ক দেবাশিস কুমারের বিরুদ্ধে সম্পত্তি দখলের অভিযোগ নিয়ে কালিয়াচক থেকে আইনজীবী নারায়ণ মণ্ডল এসেছিলেন স্থানীয় দুই ব্যক্তিকে জোর করে ধর্মান্তর করার অভিযোগ নিয়ে। মুখ্যমন্ত্রীর কাছে তাঁর অভিযোগ, পুলিশও এই ঘটনায় যুক্ত ছিল। ওই দুই ব্যক্তি যাতে তাঁদের পরিবারে ফিরতে পারেন, তার জন্য মুখ্যমন্ত্রীর কাছে আবেদন জানান নারায়ণ মণ্ডল।

# শমীকের চিঠি

● ১ পাতার পর

এমএসএমই (অনুসারী শিল্প হিসেবে) ইত্যাদিও কার্যকরী হবে। এই শিল্প পার্ক একদিকে বিনিয়োগকারীদের আকৃষ্ট করবে, অন্য দিকে, গোটা দেশের নিরিখে কেমিক্যাল ভ্যালু চেনের ক্ষেত্রে বাংলার অবস্থান অনেকটাই উজ্জ্বল হবে।

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীকে দেওয়া এই চিঠির প্রতিলিপি তিনি রাজ্যের অর্থমন্ত্রী ড. স্বপন দাশগুপ্ত, শিল্পমন্ত্রী তাপস রায় এবং শিল্প দপ্তরের প্রধান সচিব বন্দনা যাদবকেও পাঠিয়েছেন। শমীক ভট্টাচার্য এর আগে বলেছিলেন, সিঙ্গুর থেকে টাটা চলে যাওয়ার পরেই রাজ্যে ভারী শিল্পের ক্ষেত্রে অনেক বিনিয়োগকারী মুখ ফিরিয়ে নিয়েছেন। কিন্তু আমরা চাই, টাটারা আসুন বা অন্য কোনও উদ্যোগ নেওয়া হোক। মুখ্যমন্ত্রীকে লেখা চিঠিতে তিনি আরও বলেছেন, এই মুহূর্তে বড় ধরনের শিল্পে বিনিয়োগ আনার বিষয়ে বাংলা অনেকটাই প্রস্তুত। সেই সুযোগকে কাজে লাগাতে হবে। চিঠিতে তিনি বলেছেন, কোন কোন রাজ্য এই তিনটি রাসায়নিক শিল্পকেন্দ্র তৈরির জন্য যোগ্যতা অর্জন করবে, প্রতিযোগিতামূলক প্রক্রিয়ার মাধ্যমে তা নির্ধারিত হবে। শমীক ভট্টাচার্য চাইছেন, পশ্চিমবঙ্গ এই প্রক্রিয়ায় এগিয়ে আসুক। প্রসঙ্গত, এই প্রক্রিয়ায় শামিল হওয়ার জন্য বেশ কিছু শর্ত রয়েছে। যেমন, অন্তত ২ হাজার একর জমি, যা নিয়ে কোনও আইনি জটিলতা নেই। রাজ্য সরকারকে কমপক্ষে ৫০০ কোটি টাকা বিনিয়োগ করতে হবে। অন্য দিকে, কেন্দ্রীয় সরকার বিনিয়োগ করবে ১ হাজার কোটি টাকা। তিনি লিখেছেন, আমি রাজ্য সরকারকে অনুরোধ জানাতে চাই, এ বিষয়ে যত দ্রুত সম্ভব পদক্ষেপ করুক। একটি আন্তর্বিভাগীয় টাস্ক ফোর্স গঠন করুক। যেখানে শিল্প, বাণিজ্য, বিভিন্ন সংস্থা এবং ডব্লিউবিআইডিসির প্রতিনিধিদের নিয়ে গঠন করা যেতে পারে। ওয়েস্ট বেঙ্গল ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট কর্পোরেশন (ডব্লিউবিআইডিসি) সরাসরি জমি চিহ্নিতকরণ, তার আইনি জটিলতা ইত্যাদি দিক খতিয়ে দেখা এবং পরিকাঠামোগত বিষয়টি নিয়ে কাজ করতে পারে। ভারত সরকারের কেমিক্যাল এবং পেট্রোকেমিক্যাল মন্ত্রকের সহায়তা নিয়ে একটি গাইডলাইন তৈরি করা যেতে পারে। যাতে বোঝানো যায়, বাংলা খুব দ্রুত এই বিষয়ে কাজ করতে আগ্রহী।

# বারুইপুর এনকাউন্টার: রিপোর্ট তলব

আজকালের প্রতিবেদন

বারুইপুর এনকাউন্টার নিয়ে কলকাতা হাইকোর্ট এবার জেলা পুলিশের কাছে রিপোর্ট চাইল। গভীর রাতে অভিযুক্তকে ঘটনার পুনর্নির্মাণের জন্য নিয়ে যাওয়াকে ঘিরে প্রশ্ন ওঠে। সেখানে ঠিক কী কী ঘটেছিল তা পুলিশকে বিস্তারিত জানিয়ে হলফনামা জমা দিতে বলেছে আদালত। আগামী ১৮ আগস্ট হাইকোর্টে এই মামলার পরবর্তী শুনানি রয়েছে। তার আগে পুলিশকে হলফনামা জমা দিতে হবে। বৃহস্পতিবার কলকাতা হাইকোর্টের ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি তপোব্রত চক্রবর্তী এবং বিচারপতি পার্থসারথি চ্যাটার্জির ডিভিশন বেঞ্চ জানায়, জেলা পুলিশকে ঘটনার বিস্তারিত রিপোর্ট হলফনামা আকারে জমা দিতে হবে। মামলাকারীর আইনজীবী বিকাশরঞ্জন ভট্টাচার্যের দাবি, এনকাউন্টারের যে কারণ পুলিশ দেখিয়েছে, তা মনগড়া। অভিযুক্তকে ঘটনাস্থলে নিয়ে যাওয়ার সময় পর্যাপ্ত নিরাপত্তার বন্দোবস্ত ছিল না।

# আপাতত স্বস্তি অভিষেকের

আজকালের প্রতিবেদন

তৃণমূল কংগ্রেস সাংসদ অভিষেক ব্যানার্জির বিরুদ্ধে দায়ের হওয়া একাধিক এফআইআর মামলায় কলকাতা হাইকোর্ট থেকে আপাতত স্বস্তি পেলেন তিনি। মামলার শুনানি এখনও শেষ না হওয়ায় আপাতত ভবানীপুর, কালীতলা ও বিষ্ণুপুর থানায় দায়ের হওয়া এফআইআরের ভিত্তিতে রাজ্য আপাতত তাঁর বিরুদ্ধে কোনও কঠোর পদক্ষেপ করতে পারবে না। মঙ্গলবার বিচারপতি সৌগত ভট্টাচার্যের সিঙ্গল বেঞ্চ অন্তর্বর্তী স্থগিতাদেশ বহাল রাখার নির্দেশ দিয়েছে। আগামী ৬ আগস্ট এই মামলার পরবর্তী শুনানি হবে। আদালত একইসঙ্গে রাজ্যকে জানাতে নির্দেশ দিয়েছে, অভিষেকের বিরুদ্ধে জমা হওয়া এফআইআরের সংখ্যা। এত বছর পর এই এফআইআর কেন, সেই প্রশ্নও তুলেছেন বিচারপতি।

## শব্দরঙ্গ–৩৫৯

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | | ২ | ■ | ■ | ৩ | | ৪ |
| | ■ | ৫ | | | | ■ | |
| | ■ | | ■ | ■ | ■ | ৬ | |
| ৭ | ৮ | | | ■ | ■ | | ■ |
| ■ | | ■ | ■ | ৯ | ১০ | | ১১ |
| ১২ | | ■ | ■ | ■ | | ■ | |
| | ■ | ১৩ | | | | ■ | |
| ১৪ | | | ■ | ■ | ১৫ | | |

**পাশাপাশি**

১. অসন্তুষ্ট ৪. অপেক্ষাকৃত নিম্নপদস্থ ৫. আবহ, ওয়েদার ৬. পর্বত ৭. আলো–আঁধার ৯. দুপুরের খাবারের বাক্স ১১.—এ পৃথিবীর কতটুকু জানি ১২. অনর্থক, মিছিমিছি।

**উপর–নীচ**

১. বিষদৃষ্টি
২. সূর্য, চন্দ্র
৩. সওয়া বা সোয়া গুণের নামতা
৪. আভাং
৬. নিয়মানুবর্তিতা মেনে না চলা
৭. বন্য
৮. ছত্রাক, ছাতা
১০. প্যানপ্যানানি।

**সমাধান–৩৫৮**

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| অ | গো | র | ■ | ■ | প | ত্ত | ন |
| আ | ■ | স | র্ব | ক্ষ | ণ | ■ | গ |
| ক | ■ | ব | ■ | ■ | ■ | বা | দা |
| খ | কু | ন্ত | ল | ■ | ■ | ন্ডি | ■ |
| ■ | হ | ■ | ■ | ম | হ | ল | ত |
| ভো | র | ■ | ■ | ■ | লা | ■ | রু |
| স্ব | ■ | জ | ল | বা | যু | ■ | ল |
| ল | ঘি | মা | ■ | ■ | ধ | র | তা |

■ শুভজ্যোতি রায়

## আজ টিভিতে কী দেখবেন

### সিনেমা

● **জি বাংলা সোনার**
সকাল ৬–০০ **ওস্তাদ**, সকাল ৯–০০ **তবু ভালবাসি**, সকাল ১১–৩০ **১০০% লাভ**, দুপুর ২–৩০ **বেদের মেয়ে জোস্না**, বিকেল ৫–৩০ **সংঘর্ষ**, রাত ৮–০০ **অভাগিনী**, রাত ১১–০০ **প্রজাপতি**

● **জলসা মুভিজ**



সকাল ৯–১৫ **ফাটাফাটি**, দুপুর ১২–০০ **আশ্রিতা**, বিকেল ৩–৩০ **রসগোল্লা**, সন্ধে ৬–১৫ **বিধাতার লেখা**, রাত ৯–৪৫ **অগ্নি**

● **কালার্স বাংলা সিনেমা**
সকাল ১০–১৫ **সূর্য**, বিকেল ৪–৩০ **মানিক**, রাত ৮–০০ **তুলকালাম**, রাত ১০–৪৫ **ভাইজান এলো রে**

● **কালার্স বাংলা**
দুপুর ২–০০ **আপন পর**

● **আকাশ আট**
দুপুর ৩–০৫ **ভালবাসার ছোঁয়া**

● **ডিডি বাংলা**
দুপুর ২–৩০ **মাস্টারমশাই**

● **জি সিনেমা**
সকাল ৬–০০ **জিতে হ্যায় শান সে**, সকাল ৯–০৫ **প্রেম রোগ**, দুপুর ২–৪৫ **আন্দাজ আপনা আপনা**, সন্ধে ৬–০০

কালার্স বাংলা সিনেমা
**ছোট বউ**
দুপুর ১–৩০



জি সিনেমা
**শুভ মঙ্গল সাবধান**
দুপুর ১২–৩৫

**এক অউর এক গ্যায়ারা**, রাত ৯–১৫ **বচ্চন পান্ডে**

**বিশেষ অনুষ্ঠান**

● **হোক ফোক**




লোকগীতির সঙ্গে মিশে আছে মাটির সুবাস। পল্লীবাংলার পরশ লোকগান। 'হোক ফোক' অনুষ্ঠানে বাউল, ভাটিয়ালি থেকে শুরু করে নানা ধরনের লোকগান উপভোগ করেন দর্শকরা। অনুষ্ঠানে এবার লোকগান উপস্থাপন করবে দোহার।
ডিডি বাংলা : রাত ৮–৩০

● **সোনি পিক্স**
সকাল ৭–০২ **দ্য স্মার্ফস ২**, সকাল ৮–৪২ **হ্যানকক**, সকাল ১০–১০ **৬৫**, সকাল ১১–৩৯ **ভেনম**, দুপুর ১–২৯ **ক্র্যাভেন: দ্য হান্টার**, বিকেল ৩–১৯ **দি ইকুয়ালাইজার ৩**, বিকেল ৫–২৫ **অ্যানাকন্ডা**, সন্ধে ৬–১৫ **গ্র্যান টুরিজ্‌মো**, রাত ৯–০০ **ব্রাইটবার্ন**, রাত ১০–২১ **গোস্টবাস্টার্স: আনসার দ্য কল**

● **কালার্স সিনেপ্লেক্স**



সকাল ৭–৪৫ **ড্যাশিং সিএম ভরত**, সকাল ১০–৫০ **কুইন**, দুপুর ১–৪৫ **জব প্যায়ার কিসি সে হোতা হ্যায়**, বিকেল ৫–০০ **৮৩**, রাত ৮–২০ **ওম শান্তি ওম**, রাত ১১–৫০ **গুলাম–ই–মুস্তাফা**

### ধারাবাহিক

● **লাখ টাকার লক্ষ্মীলাভ**




সান বাংলা: সন্ধে ৭–০০

### দিনপঞ্জি

**বিশুদ্ধ সিদ্ধান্ত:** শুক্রবার, ১৪ শ্রাবণ ১৪৩৩, ইং ৩১ জুলাই ২০২৬, মুং ১৬ শফর ১৪৪৭
সূর্যোদয়: ৫।১১।১২
সূর্যাস্ত: ৬।১৪।৪০
তিথি: (আষাঢ় কৃষ্ণপক্ষ) দ্বিতীয়া দং ৪৩।২৩ রাত্রি ঘ ১০।৩২
নক্ষত্র: ধনিষ্ঠা দং ৩৫।৪০ রাত্রি ঘ ৭।২৭

**অন্য পঞ্জিকা:** শুক্রবার, ১৪ শ্রাবণ ১৪৩৩, ইং ৩১ জুলাই ২০২৬, হিজরি ১৬ শফর ১৪৪৭

### প্রয়োজন

লালবাজার কন্ট্রোল: 100, ট্রাফিক: 1073
পশ্চিমবঙ্গ পুলিস : 2214-5411-16
সিআইডি কন্ট্রোল : 2450-6100
ডিজি কন্ট্রোল : 2214-5087
বিধাননগর কন্ট্রোল : 4063-1111
হাওড়া কন্ট্রোল : 2641-5614
আসানসোল কন্ট্রোল : 0341-2250347
ব্যারাকপুর কন্ট্রোল :2593-2647
হাওড়া জিআরপি : 2641-3256
শিয়ালদা জিআরপি : 2350-3940
নিখোঁজ সংক্রান্ত : 2450-6100
প্রবীণ সুরক্ষা : 98300-88884
নারী সহায়তা: 1091

**অ্যাম্বুল্যান্স 102**
লাইফকেয়ার: 2475-4628
ইন্ডিয়ান রেডক্রস: 2248-3636
মেডিক্যাল ব্যাঙ্ক: 2554-0084
রাসমণি মিশন: 2867-6031
মীরা সেবাকেন্দ্র: 2411-8316
সেন্ট জনস অ্যাম্বুল্যান্স: 98300-23653
বেল ভিউ ক্লিনিক: 99037-59103/ 82406-09986

**দমকল 101**
কন্ট্রোল: 2241-4545
হাওড়া: 2666-8111
শিলিগুড়ি: 0353-2502222

**রাতের ওষুধ / অক্সিজেন**
ধন্বন্তরী: 2454-7941
নন্দন মেডিক্যাল: 2358-1723
জীবনদীপ: 2455-0926
সাউথ ব্যুরো: 2484-4322
বেল ভিউ ক্লিনিক ফার্মেসি: 6688-8888

**ব্লাড ব্যাঙ্ক**
সেন্ট্রাল ব্লাড ব্যাঙ্ক: 2351-0619
লাইফকেয়ার: 2284-6940/2298
অশোক ব্যাঙ্ক : 2472-0333
বেলভিউ ক্লিনিক: 6688-8888 / 99031-03088
সেবা প্রতিষ্ঠান: 2475-3639/3636

**চক্ষুদান**
গণদর্পণ: 94330-31504
বন্ধু কর্নিয়া কেন্দ্র: 2663-4178

**শববহন**
সুরুচি সঙ্ঘ, নিউ আলিপুর: 2400-9950
হিন্দু সৎকার: 2241-3849/ 2050
শ্রীভূমি স্পোর্টিং: 2534-0002
উদয়ের পথে: 98301-73814
যাদবপুর মার্চেন্টস: 2412-8165

### আবহাওয়া

**শুক্রবার**
হালকা, মাঝারি বৃষ্টির সম্ভাবনা।
সর্বোচ্চ ৩১
সর্বনিম্ন ২৬
ডিগ্রি সেলসিয়াস

**বৃহস্পতিবার**
সর্বোচ্চ ২৯.৪ (-৩)
সর্বনিম্ন ২৬.৯ (০)
বৃষ্টি ৯.৬ মিমি
আপেক্ষিক আর্দ্রতা ৯৭% ৮৮%

বাংলায় সর্বোচ্চ তাপমাত্রা
বাগডোগরা ৩৩.৩°

# শিক্ষক নিয়োগ সময়ে না হলে রাজ্য যাবে সুপ্রিম কোর্টে

**আজকালের প্রতিবেদন**

নির্দিষ্ট সময়সীমা, অর্থাৎ ৩১ আগস্টের মধ্যে শিক্ষক নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করতে না পারলে, সময় বাড়ানোর আবেদন জানিয়ে ফের সুপ্রিম কোর্টের দ্বারস্থ হবে রাজ্য সরকার। বৃহস্পতিবার বিকাশ ভবনে সাংবাদিক সম্মেলনে এ কথা জানান স্কুলশিক্ষা মন্ত্রী দীপক বর্মন। একই সঙ্গে শিক্ষামন্ত্রী এদিন জানান, স্কুলে গ্রুপ–সি ও গ্রুপ–ডি শিক্ষাকর্মী নিয়োগের জন্য যে পরীক্ষা নেওয়া হয়েছিল, তার রেজাল্ট প্রস্তুত। দ্রুত তা প্রকাশ করা হবে। যেহেতু সুপ্রিম কোর্টের নির্দেশে শিক্ষক নিয়োগ প্রক্রিয়া চলছে এবং শিক্ষাকর্মী নিয়োগের ক্ষেত্রে এমন কোনও সময়সীমা নেই, তাই এই মুহূর্তে গুরুত্ব দেওয়া হচ্ছে শিক্ষক নিয়োগে। প্রসঙ্গত, প্রথমে ২০২৫ সালের ৩১ ডিসেম্বর এবং পরে রাজ্যের আবেদনে সাড়া দিয়ে চলতি বছরের ৩১ আগস্ট পর্যন্ত সময় দেয় দেশের শীর্ষ আদালত। এর মধ্যেই নতুন করে শিক্ষক নিয়োগ সম্পন্ন করার কথা। বদলি নীতি নিয়ে মন্ত্রী বলেন, যাঁরা অল্পবয়সি শিক্ষক, তাঁদেরকেই উদ্বৃত্ত শিক্ষক হিসেবে অন্য স্কুলে বদলি করা হবে। স্কুলে ছাত্র–শিক্ষক অনুপাতে সামঞ্জস্য আনতে এই শিক্ষকদের যে প্রশাসনিক বদলি করা হচ্ছে, তাঁরা ফের দপ্তরের কাছে বদলির আবেদন করতে পারবেন। এবং নিয়মকানুন মেনে আবেদন করলে এই শিক্ষকরা পরবর্তীতে বদলি হয়ে নিজের জেলায়, বাড়ির কাছে আসার সুযোগ পাবেন। এই বদলি নীতি মূলত প্রাথমিক স্কুলগুলির ক্ষেত্রে তৈরি করা হয়েছে বলে জানান স্কুলশিক্ষা মন্ত্রী।

নিয়োগ প্রসঙ্গে এদিন মন্ত্রী বলেন, 'সুপ্রিম কোর্টের নির্দেশে স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে যে শিক্ষক নিয়োগ প্রক্রিয়া চলছে, তা শেষ হওয়ার দিকে। দ্রুততার সঙ্গে কাজ চলছে। আমরা অতি স্বল্প সময়ে নিয়োগ প্রক্রিয়া শেষ করব। যদি কিছু বাকি থাকে, যদি দেখা যায় আরও কিছু সময় প্রয়োজন, তা হলে সুপ্রিম কোর্টের কাছে আবেদন করব এবং বাড়তি সময় চেয়ে নেব।' শিক্ষাকর্মীদের প্রসঙ্গে তিনি বলেন, 'শিক্ষক নিয়োগের জন্য ৩১ আগস্ট পর্যন্ত সময়সীমা বেঁধে দেওয়া হয়েছে। শিক্ষাকর্মী নিয়োগের ক্ষেত্রে এমন কোনও সময়সীমা নেই। ফলে শিক্ষক নিয়োগের কাজটাই আগে শেষ করতে হবে। গ্রুপ–সি ও গ্রুপ–ডি পদে শিক্ষাকর্মী নিয়োগের যে পরীক্ষা হয়েছে, তার রেজাল্ট প্রস্তুত হয়ে আছে। খুব দ্রুত ফল প্রকাশ করা হবে। কিন্তু সময়সীমার কারণে শিক্ষক নিয়োগে আগে গুরুত্ব দেওয়া হচ্ছে।' নিয়োগে দুর্নীতির কারণে স্কুল সার্ভিস কমিশনের ২০১৬ সালের গোটা প্যানেলটিই বাতিল করে সুপ্রিম কোর্ট। এর ফলে নবম–দশম এবং একাদশ–দ্বাদশ মিলিয়ে চাকরি খোয়াতে হয় ১৯ হাজার কর্মরত শিক্ষককে। চাকরি হারান শিক্ষাকর্মীরাও। চাকরিহারাদের মধ্যে যোগ্য শিক্ষকদের ফের পরীক্ষায় বসার সুযোগ দেয় আদালত। পুরো প্রক্রিয়াটি শেষ করতে সময় নির্দিষ্ট বেঁধে দেওয়া হয় রাজ্যকে। আদালতের নির্দেশে ৩১ আগস্ট পর্যন্ত সবেতন শিক্ষকতার কাজে বহাল রয়েছেন যোগ্য চাকরিহারা শিক্ষকরা। এর মাঝে বিধানসভা ভোট এবং সরকার বদলের কারণে নিয়োগ প্রক্রিয়া বন্ধ ছিল। সম্প্রতি একাদশ–দ্বাদশে নিয়োগ প্রক্রিয়া শুরু হয়েছে। নবম–দশমে নতুন নিয়োগে নথি যাচাইয়ের কাজ বৃহস্পতিবার থেকে ফের শুরু হয়েছে। কমিশনের আঞ্চলিক দপ্তরগুলিতে এই নথি যাচাই বা ভেরিফিকেশনের কাজ চলবে। নবম–দশমে শূন্যপদের সংখ্যা ২৩ হাজার ২০৯।

# বীরভূমের 'সোনার খনি'!

● ১ পাতার পর

এরপর মিনারের স্ত্রী ও পুত্রকে বের করে পুলিশের পক্ষ থেকে বাড়িটি সিল করে দেওয়া হয়। মিনারের স্ত্রী ও পুত্র বাড়ি ছেড়ে আত্মীয়ের বাড়িতে আশ্রয় নিয়েছেন। মিনারের স্ত্রী সাবিনা খাতুন তাঁদের বাড়ি থেকে উদ্ধার হওয়া সোনা ও টাকার দায় নিতে অস্বীকার করে বলেন, 'এই টাকা, সোনা আমাদের নয়। আমরা কিছুই জানতাম না। বছরখানেক আগে আমার এক সম্পর্কের দাদা টুলু মণ্ডল একটি আলমারি রেখে যান। দাদা বলেছিলেন, আলমারিতে জরুরি কাগজপত্র আছে। চাবি দাদা নিজের কাছেই রেখেছিলেন। আলমারির ভেতরে কী আছে আমরা কিছুই জানতাম না।' স্বামীর পেনশনের টাকায় তাঁদের সংসার চলে। পুলিশ আমাদের ব্যাঙ্ক অ্যাকাউন্ট পরীক্ষা করে দেখুক।' পুলিশের বক্তব্য, তাঁদের বাড়িতে টাকা ও সোনা রাখার বিষয়টি মিনার বা তাঁর স্ত্রী অবশ্যই জানতেন। পুলিশ থেকে এলাকার মানুষের বক্তব্য, ৩৫ হাজার টাকা পেনশনভোগী এক অবসরপ্রাপ্ত সরকারি বাসচালকের পক্ষে এত বিপুল ধনসম্পদের মালিক হওয়া সম্ভব নয়। পুলিশের অনুমান, এই টাকা আসলে জেলার পাথর খাদান থেকে ভুয়ো চালান (ডিসিমা) দিয়ে আদায় করা সরকারি রাজস্ব ফাঁকির টাকা। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী সোশ্যাল মিডিয়ায় স্পষ্ট জানান, অবৈধ বালি–মাফিয়া টুলু মণ্ডল ওরফে মহম্মদ নজিবুদ্দিনের গোপন আস্তানায় অভিযান চালিয়ে এই বিপুল টাকা ও সোনা উদ্ধার হয়েছে। বুধবার অনেক রাতে জেলা পুলিশ সুপার বিনীত রাজ বুন্দেশ জানান, মিনার মণ্ডল স্বীকার করেছেন, তাঁর বাড়ি থেকে উদ্ধার হওয়া সোনা ও টাকা আসলে তাঁদের অবৈধ পাথর কারবারের সিন্ডিকেটের। পুলিশের অনুমান, শুধু মিনার মণ্ডলের বাড়িতেই নয়, আরও কিছু গোপন ডেরায় টাকা বা সোনা লুকিয়ে রাখা আছে। ধৃত মিনার মণ্ডলকে বৃহস্পতিবার সিউড়ি আদালতে তোলা হলে বিচারক আট দিনের জন্য পুলিশি হেফাজতে রাখার নির্দেশ দেন। গুরুত্বপূর্ণ এই মামলায় কলকাতা থেকে বিভাস চ্যাটার্জিকে রাজ্য সরকারের পক্ষ থেকে বিশেষ সরকারি আইনজীবী হিসেবে নিয়োগ করা হয়েছে। বিশেষ সরকারি আইনজীবী জানান, উদ্ধার হওয়া সোনা দুবাই ও সুইৎজারল্যান্ড থেকে আনা। কয়েকটিতে কালো টেপ লাগানো। দেখতে হবে, এগুলি স্মাগলিং করে আনা হয়েছে কি না। এই মামলার তদন্তের জন্য যাঁকে জেরা করা সবথেকে জরুরি, সেই টুলু মণ্ডল পালিয়ে বেড়াচ্ছেন। তাই তদন্ত সম্পূর্ণ করতে অসুবিধে হবে। ধৃত মিনার মণ্ডল স্বীকার করে নিয়েছেন, তাঁর বাড়ি থেকে উদ্ধার হওয়া টাকা ও সোনা অবৈধ পাথর সিন্ডিকেটের, যার শরিক তিনি নিজেও। বিধানসভা নির্বাচনের ফল ঘোষণার পর থেকেই মূল অভিযুক্ত টুলু পলাতক। বিদেশেও চলে যেতে পারেন। এদিন টুলুর সিউড়ি বিলাসবহুল প্রাসাদোপম বাড়িতে তল্লাশি চালায় পুলিশ। সন্ধ্যেয় বাড়িতে আনা হয় সোনা ওজনের মেশিন। পুলিশ তল্লাশি চালাচ্ছে মহম্মদবাজারে টুলুর এক হিসাবরক্ষকের একটি অনুষ্ঠান ভবনেও। টুলুর ফার্মহাউস থেকে বেশ কিছু ফাইল নিয়ে যাওয়ার পথে একটি গাড়ি আটকে তদন্ত করছে পুলিশ।

# প্রধানমন্ত্রী আবাস যোজনায় আবেদন অ্যাপে

**প্রধানমন্ত্রী আবাস যোজনায় আবেদন করা যাচ্ছে অ্যাপে। পঞ্চায়েত দপ্তরের 'আবাস প্লাস ২০২৪' অ্যাপে রাজ্যবাসী নিজেরাই আবেদন করতে পারছেন বাড়ির জন্য। এই যোজনার সুবিধে পেতে গেলে আর সরকারি দপ্তরে ঘোরার প্রয়োজন হচ্ছে না। পঞ্চায়েতের কাছে গিয়ে দরবার করারও দরকার হচ্ছে না। পঞ্চায়েত দপ্তর থেকে রাজ্যবাসীকে এই বিষয়ে জানাতে বিভিন্ন জায়গায় প্রচার অভিযান করা হচ্ছে। পঞ্চায়েত দপ্তর সূত্রে খবর, এখনও পর্যন্ত রাজ্য জুড়ে মোট ২ লক্ষ ৩৫ হাজার ৯৫৫ আবেদন জমা পড়েছে। উত্তরবঙ্গের জেলাগুলিতে সবচেয়ে বেশি আবেদন জমা পড়েছে। প্রধানমন্ত্রী আবাস যোজনার আওতায় যাঁরা বাড়ি পেতে পারেন, সেই যোগ্য পরিবারগুলির সমীক্ষার কাজ চলছে। ১৫ আগস্টের মধ্যে উপভোক্তারা নিজেরা অনলাইনে আবেদন করতে পারবেন। এর জন্য তাঁদের 'আবাস প্লাস ২০২৪' অ্যাপে গিয়ে নিজের বাড়ির ছবি তুলে আপলোড করতে হবে। সঙ্গে দিতে হবে প্রয়োজনীয় সব তথ্য।**

---

## Digha Sankarpur Development Authority

New Digha :: Purba Medinipur :: Phone : (03220) 299-901

**Tender Notice**

NIT Nos. 008 & 009/DSDA/2026-2027 — Dt. : 30.07.2026

Online Tender is invited from experienced Firms/Agencies for SITC of 250KVA & 58.5 KVA Soundproof DG with allied works at Digha SG Hospital and Digha PS.

**Last date of online submission 14.08.2026 upto 3.00 P.M**

For details : www.dsda.org.in or www.wbtenders.gov.in or www.udma.wb.gov.in

---

## KOLKATA MUNICIPAL CORPORATION e-TENDER

**ABRIDGED NIT**

**The Executive Engineer (Civil)/BR-XI, KMC** invites percentage rate e-tenders in two bid system for the following works :

**(1) NIT No.: XI/111/006/2026-27/R**

Name of the Work: **Improvement of C.C. & Hot Mix Road near A/30, Govt. Colony and T-73/1 Subhash Pally in Ward No. 111**; Estimated Amount (Including GST and CESS) : **Rs. 2,44,466.61**; Earnest Money: **Rs. 5,000.00**; Period of Completion : **60 days.**

**(2) NIT No.: XI/111/008/2026-27/R**

Name of the Work: **Construction of boundary wall at Baishali Park Premises in Ward No. 111, BR-XI**; Estimated Amount (Including GST and CESS) : **Rs. 2,98,621.78**; Earnest Money: **Rs. 6,000.00**; Period of Completion: **60 days.**

**(3) NIT No.: XI/113/005/2026-27/R**

Name of the Work: **Improvement of C.C. Road at HL Sarkar Road H/o Bimal Mondal and B/5/1 Habu Naskar, Jayashree Bazar, Poddar Fast Food Center in Ward No. 113, BR-XI**; Estimated Amount (Including GST and CESS) : **Rs. 2,48,823.70**; Earnest Money: **Rs. 5,000.00**; Period of Completion: **35 days.**

**(4) NIT No.: XI/113/002/2026-27/R**

Name of the Work: **Improvement of C.C. Road at D60/1 Sonali Park, Sarat Pally, B-10 Bondipur Road, Pirpukur Road in Ward No. 113, BR-XI**; Estimated Amount (Including GST and CESS) : **Rs. 2,96,542.02**; Earnest Money: **Rs. 6,000.00**; Period of Completion: **35 days**; Last date and time of submission of bid : **07.08.2026 - 12 noon [For Sl. No. 1 to 4]**; Date and time of opening of bid : **10.08.2026 - 12 noon [For Sl. No. 1 to 4]**; The bid forms and other details are available on and from **31.07.2026 (from 12 noon)** from the website **https://etender.nic.in [For Sl. No. 1 to 4].**

286/26-27

---

## बैंक ऑफ़ बड़ौदा Bank of Baroda

### টালা পার্ক শাখা

২৯/১/১এ, নর্দার্ন অ্যাভিনিউ, কলকাতা–৭০০০৩০ (পশ্চিমবঙ্গ)

### দখল বিজ্ঞপ্তি (স্থাবর সম্পত্তির জন্য)

[সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৮(১)–সহ পঠনীয় পরিশিষ্ট IV অনুযায়ী]

যেহেতু, **ব্যাঙ্ক অফ বরোদা, টালা পার্ক শাখা,** কলকাতা–৭০০০৩০–এর অনুমোদিত আধিকারিক রূপে নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৩–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর ১৩(১২) ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে **২০.১২.২০২৫** তারিখ সংবলিত একটি দাবি বিজ্ঞপ্তি জারি করেছিলেন, যার মাধ্যমে উক্ত বিজ্ঞপ্তি প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে বিজ্ঞপ্তিতে দাবিকৃত অর্থাঙ্ক অর্থাৎ, **২০.১২.২০২৫–এর ভিত্তিতে ₹১৩,৪১,১৬৪.৩০/– (তেরো লক্ষ একচল্লিশ হাজার একশো চৌষট্টি টাকা এবং তিরিশ পয়সা মাত্র) (১৩.১২.২০২৫ পর্যন্ত সুদ সহ) তৎসহ পরিশোধের তারিখ পর্যন্ত চুক্তিমাফিক হারে অপ্রযুক্ত উদ্ভূত সুদ ও অন্যান্য চার্জ + মাশুল, চার্জ এবং খরচ পরিশোধের জন্য ঋণগ্রহীতা মিঃ তন্ময় দাশগুপ্ত**–এর প্রতি আহ্বান জানানো হয়েছিল।

উক্ত ঋণগ্রহীতা/জামিনদারগণ/বন্ধকদাতাগণ দাবিকৃত অর্থাঙ্ক পরিশোধে ব্যর্থ হওয়ায় এতদ্দ্বারা জনসাধারণ এবং বিশেষত উক্ত ঋণগ্রহীতার জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট এনফোর্সমেন্ট রুলস, ২০০২ এর রুল ৮–সহ পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩ নং ধারার (৪) নং উপধারাধীনে অর্পিত ক্ষমতাবলে **২৯ জুলাই, ২০২৬** তারিখে এখানে নীচে বর্ণিত সম্পত্তির দখল নিয়েছেন।

এতদ্দ্বারা জনসাধারণ এবং বিশেষত সংশ্লিষ্ট ঋণগ্রহীতা/ জামিনদারগণ/ বন্ধকদাতাগণকে উক্ত সম্পত্তি নিয়ে কোনও প্রকার লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং উক্ত সম্পত্তি নিয়ে যে কোনও প্রকার লেনদেন **২০.১২.২০২৫–এর ভিত্তিতে ₹১৩,৪১,১৬৪.৩০/– (তেরো লক্ষ একচল্লিশ হাজার একশো চৌষট্টি টাকা এবং তিরিশ পয়সা মাত্র) (১৩.১২.২০২৫ পর্যন্ত সুদ সহ) তৎসহ পরিশোধের তারিখ পর্যন্ত চুক্তিমাফিক হারে অপ্রযুক্ত সুদ ও অন্যান্য চার্জ + মাশুল, চার্জ এবং খরচ সমেত ব্যাঙ্ক অফ বরোদা, টালা পার্ক শাখা, কলকাতা–৭০০০৩০–এর প্রতি দায় সাপেক্ষ হবে।**

সুরক্ষিত পরিসম্পদ ছাড়িয়ে নিতে প্রাপ্য সময়সীমা সম্পর্কিত বিষয়ে উক্ত অ্যাক্টের ১৩ নং ধারার (৮) নং উপধারার সংস্থানগুলির প্রতি সংশ্লিষ্ট ঋণগ্রহীতার মনোযোগ আকর্ষণ করা হচ্ছে।

**স্থাবর সম্পত্তির বিবরণ**

বাস্তু জমি ও বাড়ির সমবন্ধকের সমগ্র ও অবিচ্ছেদ্য অংশ, মৌজা মুরালি, এডিএসআর অফিস কদম্বগাছি, তৌজি নং ১২, জে এল নং ৯৯, এল আর দাগ নং ৮১২, এল আর খতিয়ান নং ২৬৫ এবং ৫৮০, জমির মাপ ১ কাঠা, ১৩ ছটাক, শূন্য বর্গফুট, তার উপর কাঠামো সহ, এজমালির অধিকার এবং কমন প্যাসেজ সহ। থানা দত্তপুকুর, ছোট জাগুলিয়া গ্রাম পঞ্চায়েতের অধীন, পুর শহর–বারাসত–১, জেলা উত্তর ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ–৭৪৩২৪৮, দলিল নং I–১৭৮৮/২৪ অনুসারে সম্পত্তিটি মিঃ তন্ময় দাশগুপ্তর নামে। **চৌহদ্দি:** উত্তর: ৬ ফুট চওড়া কমন প্যাসেজ; দক্ষিণ: অন্যদের সম্পত্তি; পূর্ব: বাপি সাহার জমি; পশ্চিম: মালিকের সম্পত্তি এবং ৮ ফুট চওড়া রাস্তা।

**তারিখ: ২৯.০৭.২০২৬**
**স্থান: কলকাতা**

**(রীতেশ কুমার ভার্মা)**
**চিফ ম্যানেজার, অনুমোদিত আধিকারিক, ব্যাঙ্ক অফ বরোদা, টালা পার্ক শাখা**

---

## एनकोर / earc — এনকোর অ্যাসেট রিকনস্ট্রাকশন কোম্পানি প্রাইভেট লিমিটেড

৬ষ্ঠ তল, প্লট নং ১৩৭, সেক্টর- ৪৪ | গুরগাঁও- ১২২০০২ ফোন: ০১২৪-৪৫২৭২০০

### পরিশিষ্ট IV (রুল ৮ (১) দ্রষ্টব্য) দখল বিজ্ঞপ্তি

যেহেতু, সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ (সারফায়েসি আইন, ২০০২)-এর অধীনে ডেভেলপমেন্ট ক্রেডিট ব্যাঙ্ক লিমিটেড (অ্যাসাইনর)-এর অনুমোদিত আধিকারিক এবং সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস ২০০২-এর নিয়ম ৩-এর সাথে পঠিত সারফায়েসি আইন, ২০০২-এর ১৩(১২) ধারার অধীনে তাঁকে প্রদত্ত ক্ষমতাবলে, ০৮.০২.২০১৯ তারিখে একটি ডিমান্ড নোটিশ বা তলবি বিজ্ঞপ্তি জারি করে ঋণগ্রহীতা শ্রীমতী কাজল ধর (ঋণগ্রহীতা/জামিনদার), শ্রীমতী মণি ধর (সহ-ঋণগ্রহীতা/বন্ধকদাতা) এবং মেসার্স মণি জুয়েলার্স (সহ-ঋণগ্রহীতা/জামিনদার)-কে বিজ্ঞপ্তিতে উল্লিখিত ০৮.০২.২০১৯ তারিখের হিসাবে বকেয়া ₹ ৫৯,৭০,৮২৭.৩৩/- (উনষাট লক্ষ সত্তর হাজার আটশো সাতাশ টাকা তেত্রিশ পয়সা) সহ প্রকৃত পরিশোধ/আদায় না হওয়া পর্যন্ত চুক্তিভিত্তিক হারে সুদ, উক্ত বিজ্ঞপ্তি প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে পরিশোধ করার আহ্বান জানিয়েছিলেন।

যেহেতু, এনকোর অ্যাসেট রিকনস্ট্রাকশন কোম্পানি প্রাইভেট লিমিটেড (এনকোর এআরসি), ৩১.০৩.২০২৫ তারিখের অ্যাসাইনমেন্ট চুক্তি অনুযায়ী সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট ২০০২ (সারফায়েসি আইন, ২০০২)-এর ৫ ধারার অধীনে ডেভেলপমেন্ট ক্রেডিট ব্যাঙ্ক লিমিটেড (অ্যাসাইনর) দ্বারা সৃষ্ট ঋণগ্রহীতার আর্থিক সম্পদে ডেভেলপমেন্ট ক্রেডিট ব্যাঙ্ক লিমিটেড (অ্যাসাইনর)-এর সমস্ত অধিকার, স্বত্ব এবং স্বার্থ অধিগ্রহণ করেছে।

ঋণগ্রহীতা(গণ), জামিনদার/সহ-ঋণগ্রহীতা/সহ-আবেদনকারী এবং বন্ধকদাতা উক্ত পরিমাণ অর্থ পরিশোধ করতে ব্যর্থ হওয়ায়, এনকোর অ্যাসেট রিকনস্ট্রাকশন কোম্পানি প্রাইভেট লিমিটেড-এর অনুমোদিত আধিকারিক হিসাবে নিম্নস্বাক্ষরকারী এতদ্বারা ঋণগ্রহীতা(গণ), জামিনদার/সহ-ঋণগ্রহীতা/সহ-আবেদনকারী এবং বন্ধকদাতা ও সর্বসাধারণকে বিজ্ঞপ্তি দিচ্ছেন যে, নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস ২০০২-এর নিয়ম ৮ এবং ৯-এর সাথে পঠিত সারফায়েসি আইনের ১৩(৪) ধারার অধীনে তাঁকে প্রদত্ত ক্ষমতাবলে ২৪.০৭.২০২৬ তারিখে নিচে বর্ণিত সম্পত্তির প্রতীকী দখল গ্রহণ করেছেন।

বিশেষত ঋণগ্রহীতা(গণ), জামিনদার/সহ-ঋণগ্রহীতা/সহ-আবেদনকারী এবং বন্ধকদাতা ও সর্বসাধারণকে এতদ্বারা সম্পত্তিটির বিষয়ে কোনো লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং সম্পত্তিটির সাথে কোনো লেনদেন এনকোর অ্যাসেট রিকনস্ট্রাকশন কোম্পানি প্রাইভেট লিমিটেড-এর ০৬.০৭.২০২৬ তারিখের হিসাবে বকেয়া ₹ ১,৯০,১৩,৯৮৯.৮৪/- (এক কোটি নব্বই লক্ষ তেরো হাজার নয়শো উননব্বই টাকা চুরাশি পয়সা) অর্থের চার্জ এবং তার সাথে ০৭.০৭.২০২৬ থেকে আদায় না হওয়া পর্যন্ত চুক্তিভিত্তিক হারে ভবিষ্যৎ সুদ, চার্জ এবং খরচের সাপেক্ষে হবে।

সুরক্ষিত সম্পদ পুনরুদ্ধারের জন্য উপলব্ধ সময়ের সাপেক্ষে ঋণগ্রহীতা(গণ), জামিনদার/সহ-ঋণগ্রহীতা/সহ-আবেদনকারী এবং বন্ধকদাতার দৃষ্টি উক্ত আইনের ১৩ ধারার উপ-ধারা (৮)-এর বিধানগুলির প্রতি আকর্ষণ করা হচ্ছে।

| ক্রম নং | জামানতের বিবরণ | স্বত্বধারক/বন্ধকদাতার নাম |
|---|---|---|
| ১ | কলকাতা-৭০০১২৪, উত্তর ২৪ পরগনা জেলার বারাসাত থানার অধীনে বারাসাত পৌরসভার ২৪ নং পৌর ওয়ার্ডের অধীনে বর্তমানে পৌর হোল্ডিং নং ১১৯/এ, এস বি রোড, বারাসাত মৌজায় খতিয়ান নং ৯৭ এবং ৯৮-এর অধীনে দাগ নং ৩২৯ এবং ৩৩০-এর অংশবিশেষে প্রায় ৩ কাঠা পরিমাপের সমগ্র জমি এবং তার উপর অবস্থিত প্রায় ৮৫০ বর্গফুট পরিমাপের একতলা বিল্ডিং। | শ্রীমতী মণি ধর |

শ্রী সৌমিত্র আচার্য (অনুমোদিত আধিকারিক)
এনকোর অ্যাসেট রিকনস্ট্রাকশন কোম্পানি প্রাইভেট লিমিটেড
(ইএআরসি-ইওটি-০০১-ট্রাস্ট-এর ট্রাস্টি হিসেবে নিজ ক্ষমতায় কর্মরত)

তারিখ: ২৪.০৭.২০২৬
স্থান: হুগলি

---

## earc — এনকোর অ্যাসেট রিকনস্ট্রাকশন কোম্পানি প্রাইভেট লিমিটেড

৫ নং ফ্লোর, প্লট নং ১৩৭, সেক্টর- ৪৪ | গুরগাঁও- ১২২০০২ ফোন: ০১২৪-৪৫২৭২০০

### পরিশিষ্ট IV (রুল ৮ (১) দ্রষ্টব্য) দখল বিজ্ঞপ্তি

যেহেতু, সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ (সারফায়েসি আইন, ২০০২)-এর অধীনে ডেভেলপমেন্ট ক্রেডিট ব্যাঙ্ক লিমিটেড (অ্যাসাইনর)-এর অনুমোদিত আধিকারিক এবং সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস ২০০২-এর নিয়ম ৩-এর সাথে পঠিত সারফায়েসি আইন, ২০০২-এর ১৩(১২) ধারার অধীনে তাঁকে প্রদত্ত ক্ষমতাবলে, ১৪.০৭.২০২১ তারিখে একটি ডিমান্ড নোটিশ বা তলবি বিজ্ঞপ্তি জারি করে ঋণগ্রহীতা মেসার্স দেবশ্রী ভাণ্ডার (ঋণগ্রহীতা/জামিনদার), শ্রী নিরঞ্জন সমাদ্দার (সহ-ঋণগ্রহীতা/বন্ধকদাতা), শ্রী কিরণ বালা সমাদ্দার (সহ-ঋণগ্রহীতা/জামিনদার), শ্রী সমর কৃষ্ণ সমাদ্দার (সহ-ঋণগ্রহীতা/জামিনদার) এবং শ্রী বিধান সমাদ্দার (সহ-ঋণগ্রহীতা/জামিনদার)-কে বিজ্ঞপ্তিতে উল্লিখিত ১৪.০৭.২০২১ তারিখের হিসাবে বকেয়া ₹ ১৬,৭২,০৮৭.৫০/- (অক্ষরে মাত্র যোলো লক্ষ বাহাত্তর হাজার সাতাশি টাকা পঞ্চাশ পয়সা) সহ প্রকৃত পরিশোধ/আদায় না হওয়া পর্যন্ত চুক্তিভিত্তিক হারে সুদ, উক্ত বিজ্ঞপ্তি প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে পরিশোধ করার আহ্বান জানিয়েছিলেন।

এবং যেহেতু, এনকোর অ্যাসেট রিকনস্ট্রাকশন কোম্পানি প্রাইভেট লিমিটেড (এনকোর এআরসি), ৩১.০৩.২০২৫ তারিখের অ্যাসাইনমেন্ট চুক্তি অনুযায়ী সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট ২০০২ (সারফায়েসি আইন, ২০০২)-এর ৫ ধারার অধীনে ডেভেলপমেন্ট ক্রেডিট ব্যাঙ্ক লিমিটেড (অ্যাসাইনর) দ্বারা সৃষ্ট ঋণগ্রহীতার আর্থিক সম্পদে ডেভেলপমেন্ট ক্রেডিট ব্যাঙ্ক লিমিটেড (অ্যাসাইনর)-এর সমস্ত অধিকার, স্বত্ব এবং স্বার্থ অধিগ্রহণ করেছে।

ঋণগ্রহীতা(গণ), জামিনদার/সহ-ঋণগ্রহীতা/সহ-আবেদনকারী এবং বন্ধকদাতা উক্ত পরিমাণ অর্থ পরিশোধ করতে ব্যর্থ হওয়ায়, এনকোর অ্যাসেট রিকনস্ট্রাকশন কোম্পানি প্রাইভেট লিমিটেড-এর অনুমোদিত আধিকারিক হিসাবে নিম্নস্বাক্ষরকারী এতদ্বারা ঋণগ্রহীতা(গণ), জামিনদার/সহ-ঋণগ্রহীতা/সহ-আবেদনকারী এবং বন্ধকদাতা ও সর্বসাধারণকে বিজ্ঞপ্তি দিচ্ছেন যে, নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস ২০০২-এর নিয়ম ৮ এবং ৯-এর সাথে পঠিত সারফায়েসি আইনের ১৩(৪) ধারার অধীনে তাঁকে প্রদত্ত ক্ষমতাবলে ২৪.০৭.২০২৬ তারিখে নিচে বর্ণিত সম্পত্তির প্রতীকী দখল গ্রহণ করেছেন।

বিশেষত ঋণগ্রহীতা(গণ), জামিনদার/সহ-ঋণগ্রহীতা/সহ-আবেদনকারী এবং বন্ধকদাতা ও সর্বসাধারণকে এতদ্বারা সম্পত্তিটির বিষয়ে কোনো লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং সম্পত্তিটির সাথে কোনো লেনদেন এনকোর অ্যাসেট রিকনস্ট্রাকশন কোম্পানি প্রাইভেট লিমিটেড-এর ০৬.০৭.২০২৬ তারিখের হিসাবে বকেয়া ₹ ৪০,৯১,৫৯৭.৭৩/- (অক্ষরে মাত্র চল্লিশ লক্ষ একানব্বই হাজার পাঁচশো সাতানব্বই টাকা তেয়াত্তর পয়সা) অর্থের চার্জ এবং ০৭.০৭.২০২৬ থেকে আদায় না হওয়া পর্যন্ত চুক্তিভিত্তিক হারে ভবিষ্যৎ সুদ, চার্জ এবং খরচের সাপেক্ষে হবে।

সুরক্ষিত সম্পদ পুনরুদ্ধারের জন্য উপলব্ধ সময়ের সাপেক্ষে ঋণগ্রহীতা(গণ), জামিনদার/সহ-ঋণগ্রহীতা/সহ-আবেদনকারী এবং বন্ধকদাতার দৃষ্টি উক্ত আইনের ১৩ ধারার উপ-ধারা (৮)-এর বিধানগুলির প্রতি আকর্ষণ করা হচ্ছে।

| ক্রমিক নং | জামানতের বিবরণ | মালিক/বন্ধকদাতার নাম |
|---|---|---|
| ১. | হুগলি-৭১২১০৩ জেলার চুঁচুড়া থানার অধীনে কোদালিয়া ১ গ্রাম পঞ্চায়েতের স্থানীয় সীমানার মধ্যে হোল্ডিং নং ৩২৬০ হিসাবে চিহ্নিত, মৌজা– কুলিহান্ডা, জে এল নং ১৮-তে সি এস খতিয়ান নং ১৭১, আর এস খতিয়ান নং ১৪৭১, এল আর খতিয়ান নং ১৫৭-এর অন্তর্গত আর এস দাগ নং ১৩৯, এল আর দাগ নং ৪১৭-এর অধীনস্থ সামান্য কমবেশি প্রায় ৪ কাঠা পরিমাপের সমগ্র জমি। স্বত্বধারক/বন্ধকদাতার নাম: শ্রী নিরঞ্জন সমাদ্দার। | মিঃ নিরঞ্জন সমাদ্দার |

শ্রী সৌমিত্র আচার্য (অনুমোদিত আধিকারিক)
এনকোর অ্যাসেট রিকনস্ট্রাকশন কোম্পানি প্রাইভেট লিমিটেড
(ইএআরসি-ইওটি-০০১-ট্রাস্ট-এর ট্রাস্টি হিসেবে নিজ ক্ষমতায় কর্মরত)

তারিখ: ২৪.০৭.২০২৬
স্থান: হুগলি

---

## earc — এনকোর অ্যাসেট রিকনস্ট্রাকশন কোম্পানি প্রাইভেট লিমিটেড

৫ নং ফ্লোর, প্লট নং ১৩৭, সেক্টর- ৪৪ | গুরগাঁও- ১২২০০২ ফোন: ০১২৪-৪৫২৭২০০

### পরিশিষ্ট IV (রুল ৮ (১) দ্রষ্টব্য) দখল বিজ্ঞপ্তি

যেহেতু, সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ (সারফায়েসি অ্যাক্ট, ২০০২)-এর অধীনে ডেভেলপমেন্ট ক্রেডিট ব্যাঙ্ক লিমিটেড (অ্যাসাইনর)-এর অনুমোদিত আধিকারিক এবং সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস ২০০২-এর রুল ৩-এর সাথে পঠিত সারফায়েসি অ্যাক্ট, ২০০২-এর ১৩(১২) ধারার অধীনে তাঁকে প্রদত্ত ক্ষমতাবলে, ১৭.০৪.২০২১ তারিখে একটি দাবি বিজ্ঞপ্তি জারি করে ঋণগ্রহীতা মিঃ এস কে আখতার (ঋণগ্রহীতা/ বন্ধকদাতা) এবং মিসেস নেহা আখতার (সহ-ঋণগ্রহীতা)-কে বিজ্ঞপ্তিতে উল্লিখিত ২৯.০৯.২০১৯ তারিখের হিসাবে বকেয়া ₹৩৪,০৩,৪২৩.৯৮/- সহ প্রকৃত পরিশোধ/আদায় না হওয়া পর্যন্ত চুক্তিভিত্তিক হারে সুদ, উক্ত বিজ্ঞপ্তি প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে পরিশোধ করার আহ্বান জানিয়েছিলেন।

এবং যেহেতু, এনকোর অ্যাসেট রিকনস্ট্রাকশন কোম্পানি প্রাইভেট লিমিটেড (এনকোর এআরসি), ৩১.০৩.২০২৫ তারিখের অ্যাসাইনমেন্ট চুক্তি অনুযায়ী সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট ২০০২ (সারফায়েসি অ্যাক্ট, ২০০২)-এর ৫ ধারার অধীনে ডেভেলপমেন্ট ক্রেডিট ব্যাঙ্ক লিমিটেড (অ্যাসাইনর) দ্বারা সৃষ্ট ঋণগ্রহীতার আর্থিক সম্পদে ডেভেলপমেন্ট ক্রেডিট ব্যাঙ্ক লিমিটেড (অ্যাসাইনর)-এর সমস্ত অধিকার, স্বত্ব এবং স্বার্থ অধিগ্রহণ করেছে।

ঋণগ্রহীতা(গণ), জামিনদার/ সহ-ঋণগ্রহীতা/ সহ-আবেদনকারী এবং বন্ধকদাতা উক্ত পরিমাণ অর্থ পরিশোধ করতে ব্যর্থ হওয়ায়, এনকোর অ্যাসেট রিকনস্ট্রাকশন কোম্পানি প্রাইভেট লিমিটেড-এর অনুমোদিত আধিকারিক হিসাবে নিম্নস্বাক্ষরকারী এতদ্বারা ঋণগ্রহীতা(গণ), জামিনদার/ সহ-ঋণগ্রহীতা/ সহ-আবেদনকারী এবং বন্ধকদাতা ও সর্বসাধারণকে বিজ্ঞপ্তি দিচ্ছেন যে, নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস ২০০২-এর রুল ৮ এবং ৯-এর সাথে পঠিত সারফায়েসি অ্যাক্টের ১৩(৪) ধারার অধীনে তাঁকে প্রদত্ত ক্ষমতাবলে ২৪.০৭.২০২৬ তারিখে নিচে বর্ণিত সম্পত্তির প্রতীকী দখল গ্রহণ করেছেন।

বিশেষত ঋণগ্রহীতা(গণ), জামিনদার/ সহ-ঋণগ্রহীতা/ সহ-আবেদনকারী এবং বন্ধকদাতা ও সর্বসাধারণকে এতদ্বারা সম্পত্তিটির বিষয়ে কোনো লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং সম্পত্তিটির সাথে কোনো লেনদেন এনকোর অ্যাসেট রিকনস্ট্রাকশন কোম্পানি প্রাইভেট লিমিটেড-এর ১২.০৭.২০২৬ তারিখের হিসাবে বকেয়া ₹৭১,৯৮,৫৩৩/- অর্থের চার্জ এবং তার সাথে ১৩.০৭.২০২৬ থেকে আদায় না হওয়া পর্যন্ত চুক্তিভিত্তিক হারে ভবিষ্যৎ সুদ, চার্জ এবং খরচের সাপেক্ষে হবে।

সুরক্ষিত সম্পদ পুনরুদ্ধারের জন্য উপলব্ধ সময়ের সাপেক্ষে ঋণগ্রহীতা(গণ), জামিনদার/ সহ-ঋণগ্রহীতা/ সহ-আবেদনকারী এবং বন্ধকদাতার দৃষ্টি উক্ত আইনের ১৩ ধারার উপ-ধারা (৮)-এর বিধানগুলির প্রতি আকর্ষণ করা হচ্ছে।

| ক্রম নং | জামানতের বিবরণ |
|---|---|
| ১. | উক্ত প্রেমিসেস নং ২১০সি, কালী চরণ ঘোষ রোড, কলকাতা- ৭০০০৫০-এর জমিতে আনুপাতিক অচিহ্নিত অংশ, স্বার্থ এবং মালিকানাসহ, উক্ত জমির উপর নির্মিত নবনির্মিত লিফট সুবিধাযুক্ত পাঁচতলা ভবনের ৪ নং ফ্লোরে দক্ষিণ-পশ্চিম-উত্তর দিকে অবস্থিত সি নং স্বয়ংসম্পূর্ণ আবাসিক ফ্ল্যাট, যার সুপার বিল্ট আপ পরিমাপ কমবেশি ১১০০ (এক হাজার একশো) বর্গফুট, যার মধ্যে রয়েছে দুটি বেডরুম, ড্রয়িং/ ডাইনিং স্পেস, একটি রান্নাঘর, দুটি টয়লেট এবং উক্ত ফ্ল্যাট সংলগ্ন একটি ব্যালকনি; এবং নতুন ভবন সম্পর্কিত এবং/ বা তার সাথে যুক্ত অন্যান্য সমস্ত উপলব্ধ সাধারণ এলাকা, স্থান, ছাদ, লিফট, অংশ, সুযোগ-সুবিধা এবং এজমালি অধিকারসহ; যা সিঁথি থানার স্থানীয় সীমানার অধীনে, উত্তর ২৪ পরগনা জেলায় এবং কলকাতা পৌরসংস্থার পৌর সীমানার মধ্যে অবস্থিত এবং উক্ত সম্পত্তিটি কাশীপুর দমদম, ২৪ পরগনা (উত্তর)-এর অতিরিক্ত জেলা সাব-রেজিস্ট্রার-এর এক্তিয়ারাধীন। স্বত্বধারক: নেহা আখতার এবং এস কে আখতার। |

মিঃ সৌমিত্র আচার্য (অনুমোদিত আধিকারিক)
এনকোর অ্যাসেট রিকনস্ট্রাকশন কোম্পানি প্রাইভেট লিমিটেড
(EARC-EOT-001-TRUST-এর ট্রাস্টি হিসেবে নিজ ক্ষমতায় কর্মরত)

তারিখ: ২৪.০৭.২০২৬
স্থান: কলকাতা

---

## कार्यालय कार्यपालन अभियंता

**लोक स्वास्थ्य यांत्रिकी खण्ड, बलौदाबाजार ( छ.ग. )**

**ई-प्रोक्योरमेंट निविदा निरस्तीकरण सूचना**

इस कार्यालय द्वारा आमंत्रित ऑनलाईन निविदा 01 एवं 02 को अपरिहार्य कारणों से निरस्त किया जाता हैं।

विवरण निम्नानुसार है :-

| निविदा सूचना क्र./दिनांक | सिस्टम क्र. | अनुमानित लागत ( रू. लाख में ) |
|---|---|---|
| 01/22.06.2026 | 193741 | 98.06 |
| 02/22.06.2026 | 193742 | 96.39 |

कार्यपालन अभियंता
लोक स्वास्थ्य यांत्रिकी खण्ड
बलौदाबाजार ( छ.ग. )

जी-262702417/1

---

## यूनियन बैंक ऑफ इंडिया — Union Bank of India

भारत सरकार का उपक्रम — A Government of India Undertaking

ইউনিয়ন ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, আঞ্চলিক অফিস, গ্রেটার কলকাতা : ৩, মিডলটন রো, কলকাতা–৭০০০৭১

### ইজারায় প্রেমিসেস আবশ্যক

**জুগবেড়িয়া, জেলা উত্তর ২৪ পরগনা, পশ্চিমবঙ্গে,** মূল থানার থেকে ২ কিলোমিটার ব্যাসার্ধের মধ্যে, মূল অবস্থানে দখলে তৈরি/নির্মাণের অধীন (২ মাসের মধ্যে সম্পূর্ণ হতে হবে) যাবতীয় সুবিধাযুক্ত এবং যথেষ্ট পার্কিং স্পেস সহ **১২০০ বর্গফুট + কার্পেট এরিয়ার ১০% ভ্যারিয়ান্সে** ভাল নির্মাণযুক্ত বাণিজ্যিক আরসিসি প্রেমিসেসের প্রথম তল ব্যাঙ্কের আবশ্যক। ভূস্বামীর বিআইএস স্পেসিফিকেশন অনুসারে বি ক্লাসের স্ট্রং রুম নির্মাণ আবশ্যক এবং ব্যাঙ্কের নামে ন্যূনতম ২৫ কিলো ওয়াট বিদ্যুৎ সংযোগের সংস্থান করতে হবে।

বিশদ তথ্যের জন্য অনুগ্রহপূর্বক ব্যাঙ্কের ওয়েবসাইট **www.unionbankofindia.com/** ই–প্রোকিওরমেন্ট পোর্টাল **www.eprocure.gov.in** দেখুন। **নির্ধারিত বয়ানে বিড জমার শেষ তারিখ ২০.০৮.২০২৬, দুপুর ৩টা।**

কোনও কারণ না দেখিয়ে যে কোনও বা সমস্ত বিড বাতিলের অধিকার ব্যাঙ্কের থাকবে।

আঞ্চলিক হেড

---

## केनरा बैंक Canara Bank — सिंडिकेट Syndicate

**১৩(২) ধারাধীনে দাবি বিজ্ঞপ্তি**

### চুঁচুড়া–১ শাখা

গ্রাউন্ড ফ্লোর, মিতালি অ্যাপার্টমেন্ট, নং ৩৪০, এন এস রোড, টোলা ফটক, পোঃ চুঁচুড়া, জেলা হুগলি, পশ্চিমবঙ্গ, পিন–৭১২ ১০১

**ঋণগ্রহীতা / জামিনদার / বন্ধকদাতার প্রতি**

রেফারেন্স নং: RO : HWH : R&L : SARFAESI : 2026-27 : 231 — তারিখ: ২২.০৭.২০২৬

প্রতি:

**মিঃ মনোজ সিং (ঋণগ্রহীতা),** পিতা দামোদর সিং, ১০, রোজমেরি লেন, হাওড়া পুরনিগম, হাওড়া, পশ্চিমবঙ্গ, পিন–৭১১১০১

মহাশয়,

**বিষয়: সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর ১৩(২) ধারাধীনে জারিকৃত নোটিস।**

সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ (এখানে এর পরে 'উক্ত অ্যাক্ট' হিসেবে উল্লিখিত)–এর অধীনে **কানাড়া ব্যাঙ্ক, চুঁচুড়া–১ শাখা (এখানে এর পরে 'সুরক্ষিত ঋণদাতা' হিসেবে উল্লিখিত)**–এর অনুমোদিত আধিকারিক রূপে নিযুক্ত নিম্নস্বাক্ষরকারী এতদ্দ্বারা আপনার প্রতি নিম্নবর্ণিতমতো এই নোটিস জারি করছেন:

**মিঃ মনোজ সিং (এখানে এর পরে 'ঋণগ্রহীতা' হিসেবে উল্লিখিত)** এখানে নীচের **তফসিল 'এ' এবং 'সি'**–তে বর্ণিত ঋণের সুবিধা/ সুবিধাবলি ও দায় গ্রহণ করেছিলেন এবং সুরক্ষিত ঋণদাতার অনুকূলে জামিনচুক্তি(সমূহ) সম্পাদন করেছিলেন। উক্ত আর্থিক সহায়তা গ্রহণের সময় উপরোক্ত চুক্তির শর্ত ও নিয়মাবলি অনুসারে উক্ত ঋণের অর্থাঙ্ক(সমূহ) পরিশোধে আপনার দায়বদ্ধতা স্বীকার করেছিলেন।

আপনি **[তফসিল 'বি'–তে** উল্লিখিত ব্যক্তি] এখানে নীচে **তফসিল 'বি'**–তে বর্ণিত সুরক্ষিত পরিসম্পদগুলির প্রেক্ষিতে চুক্তিপত্রেও স্বাক্ষর করেছিলেন।

**তফসিল 'এ' এবং 'সি'**

| ঋণের প্রকৃতি/ সীমা (লোন অ্যাকাউন্ট নম্বর) | ঋণের অর্থাঙ্ক (₹) | তারিখের ভিত্তিতে সুদ সমেত দায় | পেনাল সুদ সহ সুদের হার |
|---|---|---|---|
| হাউজিং লোন (১৬০০০১৯৭৫৬৯২) | ₹১৪,৩০,০০০.০০ | ₹১৩,৯০,৯৮৮.৭৮ | ৯.৩০% |

আপনার দ্বারা আমাদের অনুকূলে সম্পাদিত বিবিধ প্রাসঙ্গিক নথির মাধ্যমে এখানে নীচের **তফসিল 'বি'**–তে বিশদে ও নির্দিষ্টরূপে বর্ণিত সম্পত্তির বন্ধকি দ্বারা উপরিলিখিত ঋণ/ধারের সুবিধা যথাযথরূপে সুরক্ষিত ছিল। আপনি নির্ধারিত শর্ত ও নিয়মাবলি অনুসারে আপনার দায় পরিশোধে ব্যর্থ হওয়ায় **১৯.০৭.২০২৬ তারিখে এই ব্যাঙ্ক উক্ত ঋণটি অনুৎপাদক পরিসম্পদ** (এনপিএ) হিসেবে শ্রেণিবদ্ধ করেছে। সেই কারণে, এতদ্দ্বারা আমরা উক্ত অ্যাক্টের ১৩(২) ধারাধীনে জারিকৃত এই বিজ্ঞপ্তির মাধ্যমে এই বিজ্ঞপ্তির তারিখ থেকে ষাট (৬০) দিনের মধ্যে আপনার দায় বাবদ **₹১৩,৯০,৯৮৮.৭৮** (তেরো লক্ষ নব্বই হাজার নশো অষ্টাশি টাকা এবং আটাত্তর পয়সা মাত্র), তৎসহ নোটিসের তারিখ থেকে বকেয়া সুদ, আনুষঙ্গিক খরচ ও মাশুল সম্পূর্ণরূপে পরিশোধের আহ্বান জানাচ্ছি, যার অন্যথা হলে আলোচ্য অ্যাক্টের ১৩(৪) নং ধারাধীনে আমরা সকল বা যে কোনও অধিকার প্রয়োগে বাধ্য হব।

পাশাপাশি, আমাদের আগাম লিখিত অনুমতি ছাড়া এখানে নীচের **তফসিল 'বি'**–তে বর্ণিত সুরক্ষিত পরিসম্পদগুলি নিয়ে কোনও প্রকার লেনদেন না–করার জন্য আপনাকে সতর্ক করে দেওয়া হচ্ছে। আলোচ্য অ্যাক্ট এবং/বা বিদ্যমান অন্য যে কোনও আইনের অধীনে আমাদের প্রতি উপলব্ধ অধিকারের প্রতি পক্ষপাতবিহীনভাবে এই বিজ্ঞপ্তিটি প্রকাশ করা হচ্ছে।

সারফায়েসি অ্যাক্টের ১৩ নং ধারার (৮) নং উপধারার সংস্থান অনুযায়ী প্রাপ্য সময়সীমার মধ্যে এই সুরক্ষিত পরিসম্পদ ছাড়ানোর ব্যবস্থা গ্রহণের জন্য আপনার মনোযোগ আকর্ষণ করা হচ্ছে।

শাখায় উপলব্ধ তথ্য অনুসারে আপনার সর্বশেষ জ্ঞাত ঠিকানাতেও এই দাবি বিজ্ঞপ্তিটি প্রাপ্তিস্বীকারপত্র–সহ রেজিস্টার্ড পোস্টের মাধ্যমে প্রেরিত হয়েছে।

**তফসিল 'বি'**
**[সুরক্ষিত পরিসম্পদের বিশদ বিবরণ]**

**স্থাবর:** সম্পত্তির সমগ্র ও অবিচ্ছেদ্য অংশ, বিল্ডিংয়ের সেকেন্ড ফ্লোরে দুটি বেডরুম, একটি কিচেন, দুটি বাথরুম, একটি ডাইনিং এবং ব্যালকনি নিয়ে গঠিত এবং ৬৯০ বর্গফুট সুপার বিল্ট আপ এরিয়া সহ ৫১৮ বর্গফুট কার্পেট এরিয়া বিশিষ্ট আবাসিক ফ্ল্যাট নং ২০২, প্রকৃতি বাস্তু, জেলা–হাওড়া, হোল্ডিং নং ৭, গিরিশ ঘোষ লেন, পোঃ ঘুসুড়ি, থানা মালিপাঁচঘড়া, ওয়ার্ড ন ১, এডিএসআর হাওড়া, পশ্চিমবঙ্গ, পিন–৭১১১০৭, ২৮.০২.২০২৪ তারিখে নথিভুক্ত দলিল নং I–০৫০১–১০৪১/২৪ অনুসারে **সম্পত্তিটি মিঃ মনোজ সিং** এর নামে। **ফ্ল্যাটের চৌহদ্দি:** উত্তর: খোলা আকাশ; দক্ষিণ: খোলা আকাশ; পূর্ব: অন্য ফ্ল্যাট, লিফট এবং সিঁড়ি; পশ্চিম: খোলা আকাশ।

সম্পত্তির চৌহদ্দি: উত্তর: বিড্ডি সাউয়ের সম্পত্তি; দক্ষিণ: রামাধনি সাউয়ের সম্পত্তি; পূর্ব: পুর রাস্তা (গিরিশ ঘোষ লেন); পশ্চিম: বাপি সিংয়ের সম্পত্তি। **(সেরসাই আইডি: ৪০০০৭৫৪৮৯০৭৭)**

স্বত্বধারকের নাম: **মিঃ মনোজ সিং**

**তারিখ: ২২.০৭.২০২৬ / স্থান: চুঁচুড়া** — অনুমোদিত আধিকারিক / কানাড়া ব্যাঙ্ক

---

## केनरा बैंक Canara Bank — सिंडिकेट Syndicate

**১৩(২) ধারাধীনে দাবি বিজ্ঞপ্তি**

### লিলুয়া শাখা

রবীন্দ্র সরণি, জগদম্বা অ্যাপার্টমেন্ট, লিলুয়া, পোঃ লিলুয়া, পশ্চিমবঙ্গ, পিন–৭১১২০৪

**ঋণগ্রহীতা / জামিনদার / বন্ধকদাতার প্রতি**

রেফারেন্স নং: RO : HWH : R&L : SARFAESI : 2026-27 : 160 — তারিখ: ৩০.০৬.২০২৬

প্রতি:

**মিঃ সৌমেন দাস,** পিতা গোপাল দাস, ৭ নং কলোনি, দাগা বাগান, চকপাড়া সিটি, হাওড়া–৭১১২০৪

মহাশয়,

**বিষয়: সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর ১৩(২) ধারাধীনে জারিকৃত নোটিস।**

সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ (এখানে এর পরে 'উক্ত অ্যাক্ট' হিসেবে উল্লিখিত)–এর অধীনে **কানাড়া ব্যাঙ্ক, লিলুয়া শাখা (এখানে এর পরে 'সুরক্ষিত ঋণদাতা' হিসেবে উল্লিখিত)**–এর অনুমোদিত আধিকারিক রূপে নিযুক্ত নিম্নস্বাক্ষরকারী এতদ্দ্বারা আপনার প্রতি নিম্নবর্ণিতমতো এই নোটিস জারি করছেন:

**মিঃ সৌমেন দাস (এখানে এর পরে 'ঋণগ্রহীতা' হিসেবে উল্লিখিত)** এখানে নীচের **তফসিল 'এ' এবং 'সি'**–তে বর্ণিত ঋণের সুবিধা/ সুবিধাবলি ও দায় গ্রহণ করেছিলেন এবং সুরক্ষিত ঋণদাতার অনুকূলে জামিনচুক্তি(সমূহ) সম্পাদন করেছিলেন। উক্ত আর্থিক সহায়তা গ্রহণের সময় উপরোক্ত চুক্তির শর্ত ও নিয়মাবলি অনুসারে উক্ত ঋণের অর্থাঙ্ক(সমূহ) পরিশোধে আপনার দায়বদ্ধতা স্বীকার করেছিলেন।

আপনি [**তফসিল 'বি'–তে** উল্লিখিত ব্যক্তি] এখানে নীচে **তফসিল 'বি'**–তে বর্ণিত সুরক্ষিত পরিসম্পদগুলির প্রেক্ষিতে চুক্তিপত্রেও স্বাক্ষর করেছিলেন।

**তফসিল 'এ' এবং 'সি'**

| ঋণের প্রকৃতি/ সীমা (লোন অ্যাকাউন্ট নম্বর) | ঋণের অর্থাঙ্ক (₹) | তারিখের ভিত্তিতে সুদ সমেত দায় | পেনাল সুদ সহ সুদের হার |
|---|---|---|---|
| হাউজিং লোন (৪৯৮১৬১৯০০০০২৫) | ₹১০,৪০,০০০.০০ | ₹১০,১৫,৯৯৯.০১ | ১০.৩৫% |

আপনার দ্বারা আমাদের অনুকূলে সম্পাদিত বিবিধ প্রাসঙ্গিক নথির মাধ্যমে এখানে নীচের **তফসিল 'বি'–তে** বিশদে ও নির্দিষ্টরূপে বর্ণিত সম্পত্তির বন্ধকি দ্বারা উপরিলিখিত ঋণ/ধারের সুবিধা যথাযথরূপে সুরক্ষিত ছিল। আপনি নির্ধারিত শর্ত ও নিয়মাবলি অনুসারে আপনার দায় পরিশোধে ব্যর্থ হওয়ায় **৩০.০৪.২০২৬ তারিখে এই ব্যাঙ্ক উক্ত ঋণটি অনুৎপাদক পরিসম্পদ (এনপিএ)** হিসেবে শ্রেণিবদ্ধ করেছে। সেই কারণে, এতদ্দ্বারা আমরা উক্ত অ্যাক্টের ১৩(২) ধারাধীনে জারিকৃত এই বিজ্ঞপ্তির মাধ্যমে এই বিজ্ঞপ্তির তারিখ থেকে ষাট (৬০) দিনের মধ্যে আপনার দায় বাবদ **₹১০,১৫,৯৯৯.০১** (দশ লক্ষ পনেরো হাজার নশো নিরানব্বই টাকা এবং এক পয়সা মাত্র), তৎসহ নোটিসের তারিখ থেকে বকেয়া সুদ, আনুষঙ্গিক খরচ ও মাশুল সম্পূর্ণরূপে পরিশোধের আহ্বান জানাচ্ছি, যার অন্যথা হলে আলোচ্য অ্যাক্টের ১৩(৪) নং ধারাধীনে আমরা সকল বা যে কোনও অধিকার প্রয়োগে বাধ্য হব।

পাশাপাশি, আমাদের আগাম লিখিত অনুমতি ছাড়া এখানে নীচের **তফসিল 'বি'**–তে বর্ণিত সুরক্ষিত পরিসম্পদগুলি নিয়ে কোনও প্রকার লেনদেন না–করার জন্য আপনাকে সতর্ক করে দেওয়া হচ্ছে। আলোচ্য অ্যাক্ট এবং/বা বিদ্যমান অন্য যে কোনও আইনের অধীনে আমাদের প্রতি উপলব্ধ অধিকারের প্রতি পক্ষপাতবিহীনভাবে এই বিজ্ঞপ্তিটি প্রকাশ করা হচ্ছে।

সারফায়েসি অ্যাক্টের ১৩ নং ধারার (৮) নং উপধারার সংস্থান অনুযায়ী প্রাপ্য সময়সীমার মধ্যে এই সুরক্ষিত পরিসম্পদ ছাড়ানোর ব্যবস্থা গ্রহণের জন্য আপনার মনোযোগ আকর্ষণ করা হচ্ছে।

শাখায় উপলব্ধ তথ্য অনুসারে আপনার সর্বশেষ জ্ঞাত ঠিকানাতেও এই দাবি বিজ্ঞপ্তিটি প্রাপ্তিস্বীকারপত্র–সহ রেজিস্টার্ড পোস্টের মাধ্যমে প্রেরিত হয়েছে।

**তফসিল 'বি'**
**[সুরক্ষিত পরিসম্পদের বিশদ বিবরণ]**

**স্থাবর:** চতুর্থ তলে আবাসিক ফ্ল্যাট নং ৩০১ এর সমগ্র ও অবিচ্ছেদ্য অংশ, সুপার বিল্ট আপ এরিয়া সহ মাপ ৪৬০ বর্গফুট, হাওড়া পুরনিগমের ওয়ার্ড নং ৬৪, মৌজা লিলুয়া, থানা লিলুয়া, জেলা হাওড়া, এডিএসআর হাওড়া, জে এল নং ১২, দাগ নং ৩০৩, খতিয়ান নং ১৪৬১, এল আর খতিয়ান নং ৩৪৬৭, প্রকৃতি বাস্তু, ০৫.০৩.২০১৯ তারিখের নথিভুক্ত বিক্রয় দলিল নং I–১৭১৭/২০১৯ অনুসারে **মিঃ সৌমেন দাস** এর নামে। **সম্পত্তির চৌহদ্দি:** উত্তর: ফ্ল্যাট নং ৩০২; দক্ষিণ: সিঁড়ি; পূর্ব: করিডোর; পশ্চিম: খোলা আকাশ **(সেরসাই আইডি: ৪০০০২৮৪৮৮৬৪৭)**

**স্বত্বধারকের নাম: মিঃ সৌমেন দাস**

**তারিখ: ৩০.০৬.২০২৬** — **অনুমোদিত আধিকারিক**
**স্থান: লিলুয়া** — **কানাড়া ব্যাঙ্ক**

---

## केनरा बैंक Canara Bank — सिंडिकेट Syndicate

**১৩(২) ধারাধীনে দাবি বিজ্ঞপ্তি**

### আন্দুল শাখা

পোঃ–দুইল্যা, পাকুড়তলা, আন্দুল রোড, দুইল্যা গ্রাম পঞ্চায়েত, পোঃ আন্দুল–মৌড়ি, পশ্চিমবঙ্গ, পিন–৭১১৩০২

**ঋণগ্রহীতা / জামিনদার / বন্ধকদাতার প্রতি**

রেফারেন্স নং: RO : HWH : R&L : SARFAESI : 2026-27 : 157 — তারিখ: ২৯.০৬.২০২৬

প্রতি:

১. **মিঃ তপন মণ্ডল (ঋণগ্রহীতা),** ১৭/২/৫/১, বাকসাড়া ভিলেজ রোড, ৪১, হাওড়া পুরনিগম, শিবপুর, হাওড়া, পিন–৭১১৩০২

২. **মিসেস মাধবী মণ্ডল (সহ–ঋণগ্রহীতা),** ১৭/২/৫/১, বাকসাড়া ভিলেজ রোড, ৪১, হাওড়া পুরনিগম, শিবপুর, হাওড়া, পিন–৭১১৩০২

মহাশয়,

**বিষয়: সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর ১৩(২) ধারাধীনে জারিকৃত নোটিস।**

সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ (এখানে এর পরে 'উক্ত অ্যাক্ট' হিসেবে উল্লিখিত)–এর অধীনে **কানাড়া ব্যাঙ্ক, আন্দুল শাখা (এখানে এর পরে 'সুরক্ষিত ঋণদাতা' হিসেবে উল্লিখিত)**–এর অনুমোদিত আধিকারিক রূপে নিযুক্ত নিম্নস্বাক্ষরকারী এতদ্দ্বারা আপনার প্রতি নিম্নবর্ণিতমতো এই নোটিস জারি করছেন:

**মিঃ তপন মণ্ডল (এখানে এর পরে 'ঋণগ্রহীতা' হিসেবে উল্লিখিত)** এবং মিসেস মাধবী মণ্ডল (এখানে এর পরে 'সহ–ঋণগ্রহীতা' হিসেবে উল্লিখিত) এখানে নীচের **তফসিল 'এ' এবং 'সি'**–তে বর্ণিত ঋণের সুবিধা/ সুবিধাবলি ও দায় গ্রহণ করেছিলেন এবং সুরক্ষিত ঋণদাতার অনুকূলে জামিনচুক্তি(সমূহ) সম্পাদন করেছিলেন। উক্ত আর্থিক সহায়তা গ্রহণের সময় উপরোক্ত চুক্তির শর্ত ও নিয়মাবলি অনুসারে উক্ত ঋণের অর্থাঙ্ক(সমূহ) পরিশোধে আপনার দায়বদ্ধতা স্বীকার করেছিলেন।

আপনি [**তফসিল 'বি'–তে** উল্লিখিত ব্যক্তি] এখানে নীচে তফসিল 'বি'–তে বর্ণিত সুরক্ষিত পরিসম্পদগুলির প্রেক্ষিতে চুক্তিপত্রেও স্বাক্ষর করেছিলেন।

**তফসিল 'এ' এবং 'সি'**

| ঋণের প্রকৃতি/ সীমা (লোন অ্যাকাউন্ট নম্বর) | ঋণের অর্থাঙ্ক (₹) | তারিখের ভিত্তিতে সুদ সমেত দায় | পেনাল সুদ সহ সুদের হার |
|---|---|---|---|
| কানাড়া মর্টগেজ (৯৫৪৬৯৮৩০০০০০৬৩) | ₹১৫,০০,০০০.০০ | ₹৩,৫৯,৬৭০.৯২ | ১৩.৫০% |

আপনার দ্বারা আমাদের অনুকূলে সম্পাদিত বিবিধ প্রাসঙ্গিক নথির মাধ্যমে এখানে নীচের **তফসিল 'বি'**–তে বিশদে ও নির্দিষ্টরূপে বর্ণিত সম্পত্তির বন্ধকি দ্বারা উপরিলিখিত ঋণ/ধারের সুবিধা যথাযথরূপে সুরক্ষিত ছিল। আপনি নির্ধারিত শর্ত ও নিয়মাবলি অনুসারে আপনার দায় পরিশোধে ব্যর্থ হওয়ায় **৩০.০৪.২০২৬ তারিখে এই ব্যাঙ্ক উক্ত ঋণটি অনুৎপাদক পরিসম্পদ (এনপিএ)** হিসেবে শ্রেণিবদ্ধ করেছে। সেই কারণে, এতদ্দ্বারা আমরা উক্ত অ্যাক্টের ১৩(২) ধারাধীনে জারিকৃত এই বিজ্ঞপ্তির মাধ্যমে এই বিজ্ঞপ্তির তারিখ থেকে ষাট (৬০) দিনের মধ্যে আপনার দায় বাবদ **₹৩,৫৯,৬৭০.৯২** (তিন লক্ষ উনষাট হাজার ছশো সত্তর টাকা এবং বিরানব্বই পয়সা মাত্র), তৎসহ নোটিসের তারিখ থেকে বকেয়া সুদ, আনুষঙ্গিক খরচ ও মাশুল সম্পূর্ণরূপে পরিশোধের আহ্বান জানাচ্ছি, যার অন্যথা হলে আলোচ্য অ্যাক্টের ১৩(৪) নং ধারাধীনে আমরা সকল বা যে কোনও অধিকার প্রয়োগে বাধ্য হব।

পাশাপাশি, আমাদের আগাম লিখিত অনুমতি ছাড়া এখানে নীচের **তফসিল 'বি'**–তে বর্ণিত সুরক্ষিত পরিসম্পদগুলি নিয়ে কোনও প্রকার লেনদেন না–করার জন্য আপনাকে সতর্ক করে দেওয়া হচ্ছে। আলোচ্য অ্যাক্ট এবং/বা বিদ্যমান অন্য যে কোনও আইনের অধীনে আমাদের প্রতি উপলব্ধ অধিকারের প্রতি পক্ষপাতবিহীনভাবে এই বিজ্ঞপ্তিটি প্রকাশ করা হচ্ছে।

সারফায়েসি অ্যাক্টের ১৩ নং ধারার (৮) নং উপধারার সংস্থান অনুযায়ী প্রাপ্য সময়সীমার মধ্যে এই সুরক্ষিত পরিসম্পদ ছাড়ানোর ব্যবস্থা গ্রহণের জন্য আপনার মনোযোগ আকর্ষণ করা হচ্ছে।

শাখায় উপলব্ধ তথ্য অনুসারে আপনার সর্বশেষ জ্ঞাত ঠিকানাতেও এই দাবি বিজ্ঞপ্তিটি প্রাপ্তিস্বীকারপত্র–সহ রেজিস্টার্ড পোস্টের মাধ্যমে প্রেরিত হয়েছে।

**তফসিল 'বি'**
**[সুরক্ষিত পরিসম্পদের বিশদ বিবরণ]**

স্থাবর: সম্পত্তির (জমি সহ দোতলা বাড়ি) সমগ্র ও অবিচ্ছেদ্য অংশ, জেলা হাওড়া, মৌজা শিবপুর, এডিএসআর হাওড়া, থানা–শিবপুর বর্তমানে এজেসি বোস বি গার্ডেন, জে এল নং ১, এল আর দাগ নং ৩৮, এল আর খতিয়ান নং ৩৯৯, জমির মাপ ২ কাঠা, ৯ বর্গফুট, প্রকৃতি বাস্তু, ২৯.১১.২০০০ তারিখের নথিভুক্ত বিক্রয় দলিল নং ৫৯২৭/২০০০ অনুসারে **সম্পত্তিটি মিঃ তপন কুমার মণ্ডল** এর নামে। **সম্পত্তির চৌহদ্দি:** উত্তর: মাধবী মণ্ডল এবং গৌরী শঙ্কর দাসের সম্পত্তি; দক্ষিণ: শ্রীমতী ঝর্ণা দাসের বাকি সম্পত্তি; পূর্ব: ৮ ফুট চওড়া কমন প্যাসেজ; পশ্চিম: যামিনী সামন্তর সম্পত্তি। **(সেরসাই আইডি: ৪০০০১৮৮০৮৪৮৪)**

**স্বত্বধারকের নাম: মিঃ তপন কুমার মণ্ডল**

**তারিখ: ২৯.০৬.২০২৬ / স্থান: আন্দুল** — অনুমোদিত আধিকারিক / কানাড়া ব্যাঙ্ক

আজকাল

৪৬ বর্ষ ১২৮ সংখ্যা ১৪ শ্রাবণ ১৪৩৩ শুক্রবার ৩১ জুলাই ২০২৬



# শক্তিশালী, নমনীয়

নরেন্দ্র মোদির ১২ বছরের জমানায় মাত্র দু'বার দেখা গেল, সরকারকে নমনীয় হতে হল। মোদি সরকার শক্তিশালী, নিঃসন্দেহে। একটা দিনের জন্যও সরকারকে অনিশ্চয়তার মধ্যে পড়তে হয়নি। প্রথম নতিস্বীকার করতে হয়েছিল কৃষক আন্দোলনের সামনে। তিন কৃষি বিলের বিরুদ্ধে পথে নেমেছিলেন কৃষকরা। প্রধানত পাঞ্জাব, কিছুটা উত্তরপ্রদেশ ও হরিয়ানা থেকে। পাঞ্জাবের এই কৃষকরা দরিদ্র নন। সবুজ বিপ্লবের সুফল প্রথম পেয়েছিল পাঞ্জাব। অনেক কৃষক পরিবারকেই সম্পন্ন বলা যায়। ছেলেমেয়েরা অনেকে বিদেশে পড়ছেন, বিদেশে আর্থিক প্রতিষ্ঠা পাচ্ছেন। একদিকে ছিল অদম্য জেদ, অন্য দিকে, বিদেশ থেকেও আর্থিক সাহায্য। কাতারে কাতারে পুরুষ ও মহিলা দিল্লি সীমান্তে পৌঁছে ঘাঁটি গাড়েন। বিল পাশ করিয়েও প্রত্যাহার করার কথা নয় শক্তিশালী সরকারের। আন্দোলনের তীব্রতা বেড়ে যাওয়ায় নতিস্বীকার করতে হল। দ্বিতীয়বার ঘটল এবার। সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতির অসতর্ক 'ককরোচ' মন্তব্যে রাতারাতি তৈরি হয়ে গেল 'ককরোচ জনতা পার্টি'। নেতৃত্বে বিদেশে গবেষণারত অভিজিৎ দীপকে। দিল্লির যন্তর মন্তরে অবস্থান। যোগ দিলেন লাদাখের বিশিষ্ট শিক্ষাবিদ, পরিবেশকর্মী সোনম ওয়াংচুক। তখনও গুরুত্ব পায়নি। অনশন চলতে থাকল, যন্তর মন্তরের জমায়েত বাড়ল, ছাত্র ও যুবসমাজ একজোট হল, দিল্লি ছাড়িয়ে আন্দোলন ছড়িয়ে পড়ল গোটা দেশে। নিট প্রশ্নফাঁস ইস্যুতে দেশ উত্তাল। দাবি, শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধানের ইস্তফা। মানতে নারাজ সরকার। কিন্তু এমন জায়গায় পৌঁছোল আন্দোলন, নতিস্বীকার করতে হল। দুর্বলতা? আমরা বলব, না। ছাত্রসমাজের দাবি মেনে নেওয়া দুর্বলতা নয়। শক্তিশালীকেও কখনও কখনও নতিস্বীকার করতে হয়। শাসকের বুদ্ধিই দেখিয়েছেন প্রধানমন্ত্রী।

## প্রিয় সম্পাদক

### 'পকোটের' ডিম-টা ভাইয়ের জন্য!



কতই বা বয়স একরত্তি, নিষ্পাপ চেহারার মেয়েটার? মেরেকেটে ছয়! দক্ষিণ ২৪ পরগনার জয়েন খাঁ অবৈতনিক প্রাথমিক বিদ্যালয়ের এই খুদে পড়ুয়াই কখন যেন হয়ে উঠল গোটা বাংলার মননশীল, সংবেদী মানুষের কাছে 'আলোর দিশারী'! সেই কোন ছোটবেলা থেকেই তো আমরা শুনে আসছি, ভাই-বোনের সম্পর্ক পৃথিবীর সবচাইতে পবিত্র সম্পর্ক। তবে, যুগ-বদলের এলোমেলো হাওয়ার ঝাপ্টায় ইদানীংকালে সেই প্রবাদ অনেক ক্ষেত্রেই যে 'তামাদি' হওয়ার উপক্রম, সেই সত্যকেও বোধহয় কেউই অস্বীকার করতে পারব না। তবে, গড্ডালিকাপ্রবাহের বেপরোয়া, বিপজ্জনক স্রোতে সব কিছুই যে খড়কুটোর মতো ভেসে যায়নি, আশাবাদের চিরন্তন রেখা আজও যে টিমটিম করে হলেও জ্বলছে, বছর ছয়েকের ফুটফুটে খুশি-ই তার জলজ্যান্ত প্রমাণ। গত কয়েক মাস ধরে রাজ্যে ক্ষমতা বদলের পর নানা কারণে খবরের শিরোনামে ডিম! স্কুলের মিড-ডে মিলে ছাত্রছাত্রীদের পাতে ওই 'মহার্ঘ' খাদ্যবস্তুটি পড়বে, নাকি পড়বে না-তা নিয়ে বিরামহীন চর্চা। এরই মধ্যে আবার রাজনৈতিক আক্রোশ চরিতার্থ করতে 'ডিমাস্ত্র' হরবখৎ ব্যাপকভাবে ব্যবহৃত হচ্ছে!

আমরা বরং সে সবে মাথা না ঘামিয়ে মগরাহাটের ওই অখ্যাত প্রাথমিক বিদ্যালয়ের জনৈকা খুদে পড়ুয়ার ডিম-আখ্যান নিয়েই চর্চা করি। রোজকার মতো স্কুলের দুপুরের খাবার বিতরণের পর আচমকাই মাস্টারমশাই সাদ্দাম হোসেনের নজরে পড়ল খুশির পাতে। তাতে ভাত, তরকারি দিব্যি রয়েছে, কিন্তু ডিম কই? শিক্ষকের প্রশ্ন,'তোর ডিম কই রে?' ঝটিতি উত্তর 'পকোটে'! কেন? একটু খোঁজ করতেই স্পষ্ট হল বিষয়টা। টোটোচালক বাবা আর দিন-রাত উদয়াস্ত খেটে চলা মা পল্লবীর চোয়ালচাপা লড়াই দেখে অভ্যস্ত ছোট্ট মেয়েটি বিলক্ষণ বুঝে গিয়েছে, ওদের সংসারে আর যাই থাকুক, স্বাচ্ছন্দ্যের লেশমাত্রও নেই! সেজন্যই খুশি কেমন করে যেন বুঝে গিয়েছে, স্কুলে খাবার পাতে ওর জন্য বরাদ্দ ডিমটার পরিণতি কী হওয়া উচিত! বাড়িতে যে ছোট্ট ভাই-টা আছে। সে ভুলবে কী করে তার কথা! মাস্টারমশাইয়ের হাতে 'ধরা' পড়ে তাই সে অম্লানবদনে জানিয়ে দিতে কার্পণ্য করে না,'ভাইয়ের জন্য ডিম-টা বাড়িতে নিয়ে যাচ্ছি! আমি তো রোজ-রোজই খাই, ভাই একদিন খাক...'

সমাজমাধ্যমে এই ছবি প্রকাশ্যে আসতেই নেট-দুনিয়ায় ছোট্ট খুশিকে নিয়ে হইচই পড়ে গিয়েছে। সার কথাটি বলেছেন ওই বিদ্যালয়ের প্রধান শিক্ষক। 'জানেন তো, আমরা খুশি-কে দিশা বলে ডাকি'। হক কথাই বলেছেন বটে তিনি। ছোট্ট খুশির মতো এমন 'আলোর দিশারী'-রাই তো আমাদের যাবতীয় আশা-ভরসা, স্বপ্নের ভরকেন্দ্র। নির্ভেজাল স্নেহ, ভালবাসা আর সহমর্মিতার সোপান।

● *নিমাইসাধন দত্তচৌধুরি*
*জয়নগর, দঃ ২৪ পরগনা*

### শিক্ষকদের কাছে জবাবদিহি চাওয়া হোক



সম্প্রতি শিক্ষামন্ত্রী ঘোষণা করেছেন, ছাত্র বাংলা লিখতে না পারলে শিক্ষককে শাস্তি। সংবাদ অনুযায়ী, স্কুলশিক্ষা মন্ত্রী ঘোষণা করেছেন যে, তৃতীয় শ্রেণির শিক্ষার্থীরা যদি মাতৃভাষা (বাংলা) পড়তে ও লিখতে না পারে তবে সংশ্লিষ্ট শিক্ষকদের জবাবদিহির আওতায় আনা হবে। এছাড়াও স্কুলে অডিট, ছাত্র-শিক্ষক অনুপাত (৩০:১) এবং শিক্ষক বদলি নীতির কথাও উল্লেখ করা হয়েছে।

শুধু শাস্তি নয়, পুরস্কারের ব্যবস্থাও থাকলে ভাল কাজের স্বীকৃতি মিলবে। প্রাথমিক স্তরে ভাষাগত দক্ষতা নিশ্চিত হলে ভবিষ্যতের শিক্ষার ভিত্তি আরও শক্ত হবে। শুধু শিক্ষককে দায়ী করলেই সমস্যার সমাধান হবে না। কারণ অনেক শিক্ষার্থী প্রথম প্রজন্মের শিক্ষার্থী, বাড়িতে পড়াশোনার পরিবেশ না-ও থাকতে পারে।

অনিয়মিত উপস্থিতি, পুষ্টির অভাব ও সামাজিক-অর্থনৈতিক কারণও শেখার ওপর প্রভাব ফেলে। শ্রেণিকক্ষে ছাত্রসংখ্যা, অবকাঠামো, শিক্ষাসামগ্রী ও প্রশিক্ষণের মতো বিষয়ও গুরুত্বপূর্ণ। একমাত্র পরীক্ষার ফল দিয়ে শিক্ষকতার মান বিচার করলে বাস্তব চিত্র পুরোপুরি ধরা নাও পড়তে পারে। শিক্ষার্থীদের বেসলাইন মূল্যায়ন করে উন্নতির হার (লার্নিং প্রগ্রেস) দেখা। শিক্ষকদের নিয়মিত প্রশিক্ষণ ও অভিভাবকদের যুক্ত করা। পিছিয়ে পড়া বা দুর্বল শিক্ষার্থীদের জন্য অতিরিক্ত রিমেডিয়াল ক্লাসের ব্যবস্থা। শাস্তির পাশাপাশি সহযোগিতা ও সক্ষমতা বৃদ্ধিতে জোর দেওয়া। সহায়ক পরিবেশ, পর্যাপ্ত প্রশিক্ষণ এবং বাস্তবভিত্তিক মূল্যায়নের সমন্বয়েই এই উদ্যোগ সফল হতে পারে।

● *জগন্নাথ দত্ত*
*সিউড়ি, বীরভূম*

### বাজার অগ্নিমূল্য



সময়টা বর্ষাকাল। তবে, আকাশে ঘন মেঘের আনাগোনা তেমন চোখ পড়ছে না, অন্তত শ্রাবণের দ্বিতীয় সপ্তাহেও। তা না হোক, আম-বাঙালি থলি হাতে রোজ সকালে বাজারমুখো হলেই দিব্যি টের পাচ্ছেন বর্ষার 'মাহাত্ম্য'! কবি সুভাষ মুখোপাধ্যায় সেই কোনকালে লিখে গিয়েছেন, 'ফুল ফুটুক না ফুটুক, আজ বসন্ত'। সেই ধারা মেনেই এখন যেন বাজারওয়ালারাও অস্ফুটে উচ্চারণ করে চলেছেন,'বৃষ্টি হোক বা না হোক, আজ বর্ষা'! সাধারণত, কাঁচা সবজি বা ফলমূল থেকে আরম্ভ করে গেরস্তের নিত্য দরকারি সমস্ত জিনিসেরই আকাশছোঁয়া মূল্যের একটাই ব্যাখ্যা মজুত ওঁদের কাছে, বর্ষায় সব নষ্ট হয়ে যাচ্ছে, তাই-ই এত দাম। ক্যালেন্ডারের পাতায় ঘোর বর্ষাকালেও আকাশে মেঘ-রোদের লুকোচুরি চলছে, আগাম শরতের পরশ গায়ে মাখতে-মাখতে বাঙালি কিন্তু নিত্যই মুখ ব্যাজার করে বাজার করছে। বেগুন, বাঁধাকপি, কুমড়ো, লাউ, চালকুমড়ো-সহ প্রায় সব আনাজেরই দাম ঊর্ধ্বমুখী। কারণ জিজ্ঞেস করলেই বাঁধাধরা উত্তর, 'কী করব বলুন, সব তো জলে নষ্ট হয়ে যাচ্ছে।' শুনে একটাই প্রশ্ন মনে জাগে, এত জল ওঁরা পাচ্ছেন কোথায়? কারণ, হাওয়া অফিস তো মাঝেমাঝেই তথ্য দিয়ে জানান দিচ্ছে, দক্ষিণবঙ্গে বৃষ্টির ঘাটতি এখনও বেশ অনেকটাই। সব দেখেশুনে মাথাটা কেমন যেন ভনভন করছে। চোখেও কি ধাঁধাঁ লাগছে?

● *পরিতোষ মুখার্জি*
*বেলুড়, হাওড়া*

**চিঠি লিখুন ইমেলেও priyo_sampadak@aajkaal.net**



বিহারের বাঁকিপুর, গুজরাটের মঞ্জলপুর এবং মধ্যপ্রদেশের দাতিয়া বিধানসভা কেন্দ্রে উপনির্বাচন হল বৃহস্পতিবার। এর মধ্যে সকলেরই নজর ছিল বাঁকিপুরের দিকে। বিজেপির সর্বভারতীয় সভাপতি নীতিন নবীনের ছেড়ে আসা এই আসন দখলে রাখাই চ্যালেঞ্জ গেরুয়া শিবিরের কাছে। এই কেন্দ্রে মূল লড়াই বিজেপির যুব শাখার নেতা নীরজকুমার সিনহার সঙ্গে জন সুরাজ পার্টির প্রতিষ্ঠাতা প্রশান্ত কিশোরের। নির্বাচন কমিশন জানিয়েছে, ৩ আগস্ট তিন কেন্দ্রে ভোটগণনা হবে। ছবি: পিটিআই

## ককরোচের আন্দোলন
# ফেসিয়াল রিকগনিশনে শনাক্ত ২৯০০ 'অপরাধী'

**আজকালের প্রতিবেদন**
দিল্লি, ৩০ জুলাই

যন্তর মন্তরে ককরোচ পার্টির বিক্ষোভ চলাকালীন দিল্লি পুলিশের ফেসিয়াল রিকগনিশন সিস্টেম (এফআরএস) ভ্যানের মাধ্যমে রিয়েল-টাইমে ২,৮৭৩ জন অপরাধমূলক রেকর্ডধারী ব্যক্তিকে শনাক্ত করা হয়েছে বলে সংসদে পেশ করা এক সরকারি নথিতে জানানো হয়েছে। স্বরাষ্ট্র মন্ত্রকের তরফে পেশ করা এই নথি অনুযায়ী, ক্রাইম-কুণ্ডলি ডেটাবেস থেকে ২,৪০২ জন এবং ডোসিয়ার রেকর্ড থেকে আরও ৪৭১ জনকে শনাক্ত করা হয়েছে।

তথ্য অনুযায়ী, শনাক্ত ব্যক্তিদের মধ্যে ১০১ জনের বিরুদ্ধে খুন, ৬২ জনের বিরুদ্ধে খুনের চেষ্টা এবং ২৮৪ জনের বিরুদ্ধে ডাকাতি ও ছিনতাই সংক্রান্ত মামলা রয়েছে। এছাড়া ৬১ জন ধর্ষণ, ৬ জন পকসো আইনের মামলা এবং ২৫ জন নারী শ্লীলতাহানির অভিযোগে অভিযুক্ত হিসেবে চিহ্নিত হয়েছেন। নথিতে আরও বলা হয়েছে, ২২৯ জন অস্ত্র আইনে, ১৩৫ জন ছিনতাই, ১৯ জন অপহরণ এবং ৬৭ জন এনডিপিএস মামলায় অভিযুক্ত। এছাড়া সবচেয়ে বড় অংশ, অর্থাৎ

**সংসদে রিপোর্ট পেশ**

১,৮৮৪ জনকে ভারতীয় দণ্ডবিধি, ভারতীয় ন্যায় সংহিতা এবং অন্যান্য বিশেষ আইনের আওতায় নথিভুক্ত বিভিন্ন মামলার সঙ্গে যুক্ত বলে উল্লেখ করা হয়েছে। তবে ফেসিয়াল রিকগনিশনের মাধ্যমে শনাক্ত হওয়া ব্যক্তিদের বিরুদ্ধে কোনও শাস্তিমূলক ব্যবস্থা বা পরবর্তী তদন্ত করা হয়েছে কি না, সংসদে পেশ হওয়া নথিতে তা স্পষ্ট করা হয়নি।

# রাজ্যসভাতেও পাশ প্রশ্ন-ফাঁস প্রতিরোধ বিল

**আজকালের প্রতিবেদন**
দিল্লি, ৩০ জুলাই

লোকসভার পর রাজ্যসভাতেও পাশ হয়ে গেল প্রশ্নপত্র ফাঁস প্রতিরোধ বিল। জবাবি ভাষণের সময় তুমুল বিক্ষোভ করে ওয়াকআউট করল বিরোধীরা। রাজ্যসভায় প্রশ্নপত্র ফাঁস বিল পাশ হওয়ার পরেই বৃহস্পতিবার রাতে ফের ইনস্টাগ্রামে ভিডিও-বার্তা দিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। তিনি বলেন, 'পরীক্ষা ব্যবস্থা জোরদার করতে কেন্দ্রীয়

**রাতে ফের ভিডিও-বার্তা মোদির**

সরকার একের পর এক পদক্ষেপ করেছে। প্রযুক্তির ওপর সম্পূর্ণ ভরসা করতে হবে আমাদের। প্রশ্নপত্র ফাঁসের ঘটনায় জড়িত এবং পড়ুয়াদের ভবিষ্যৎ নিয়ে খেলা করা ব্যক্তিদের রেয়াত করা হবে না। আমরা এর জন্য সংসদে বিল এনেছি, যেমনটা প্রতিশ্রুতি দিয়েছিলাম সেই মতো বেশি সংখ্যক সাংসদের যোগদানে বিলটি নিয়ে বিস্তারিত আলোচনা হয়েছে।' তিনি জানান, 'বিকশিত ভারত গড়ে তুলতে আমাদের কাঁধে কাঁধ মিলিয়ে কাজ করতে হবে।'

# প্রশ্ন-ফাঁস বিলকে স্বাগত ওয়াংচুকের

**আজকালের প্রতিবেদন**
দিল্লি, ৩০ জুলাই

সংসদে পাশ হওয়া প্রশ্নফাঁসরোধী বিলকে স্বাগত জানালেন পরিবেশকর্মী সোনম ওয়াংচুক। একই সঙ্গে প্রশ্নফাঁস ইস্যুতে আন্দোলনে অংশ নেওয়া ছাত্রদের বিরুদ্ধে কোনও আইনি পদক্ষেপ না করার প্রতিশ্রুতি রক্ষার আবেদনও সরকারের কাছে রেখেছেন তিনি। বৃহস্পতিবার এক্স হ্যান্ডলে এক ভিডিও-বার্তায় ওয়াংচুক বলেছেন, পরীক্ষাব্যবস্থার পাশাপাশি গোটা শিক্ষাব্যবস্থার সংস্কার প্রয়োজন। এদিন ওয়াংচুক জানিয়েছেন, আন্দোলন প্রত্যাহারের সময় তাঁর এবং ককরোচ পার্টির সঙ্গে সরকারের লিখিত সমঝোতা হয়েছিল, আন্দোলনকারী ছাত্রদের বিরুদ্ধে কোনও এফআইআর বা আইনি ব্যবস্থা নেওয়া হবে না। সেই প্রতিশ্রুতি পালন করলে বিশেষ করে যুবসমাজের মধ্যে সরকারের প্রতি আস্থা তৈরি হবে বলে তিনি মন্তব্য করেন। এদিন সন্ধ্যাতেই দিল্লি সরকারের তরফে এক নির্দেশ জারি করে বলা হয়েছে, আন্দোলনে অংশ নেওয়া বিক্ষোভকারীদের বিরুদ্ধে কোনও আইনি পদক্ষেপ করা হবে না।

**শাহের পদত্যাগ চাইলেন দীপকে**

২০ জুলাই 'সংসদ চলো' কর্মসূচিতে অংশগ্রহণকারী পড়ুয়াদের বিরুদ্ধে পুলিশবাহিনী ব্যবহারের নির্দেশ দিয়েছিলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। বৃহস্পতিবার এই অভিযোগ করেছেন ককরোচ জনতা পার্টির প্রতিষ্ঠাতা অভিজিৎ দীপকে। শাহের পদত্যাগও দাবি করেছেন তিনি। দীপকের অভিযোগ, দেশের গণতন্ত্র বিপন্ন। শিবসেনা, এনসিপি-র মতো রাজনৈতিক দলগুলি ভাঙতে কেন্দ্রীয় এজেন্সিগুলিকে ব্যবহার করা হচ্ছে।

# মোদির ফেসবুক পোস্ট বিতর্কে মেটা-কেন্দ্র বৈঠক শিগগিরই

**আজকালের প্রতিবেদন**
দিল্লি, ৩০ জুলাই

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির একটি ফেসবুক পোস্ট সরিয়ে দেওয়ার ঘটনাকে কেন্দ্র করে আগামী এক সপ্তাহের মধ্যে সোশ্যাল মিডিয়া সংস্থা মেটা-র সঙ্গে নীতি ও প্রযুক্তিগত স্তরে বৈঠক করবে কেন্দ্র সরকার। বৃহস্পতিবার এই তথ্য জানান তথ্যপ্রযুক্তি সচিব এস কৃষ্ণন। ২৩ জুলাই প্রশ্নফাঁস রুখতে কঠোর পদক্ষেপের আশ্বাস দিয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির একটি ভিডিও-সহ পোস্ট ফেসবুক থেকে সরিয়ে দেয় মেটা। পরে সেটি ফিরিয়ে আনা হলেও ঘটনাটি নিয়ে কেন্দ্র আপত্তি জানায় এবং মেটার শীর্ষ পর্যায়ের প্রতিনিধিদের তলব করে। এদিন এক সেমিকন্ডাক্টর সম্মেলনের ফাঁকে সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে কৃষ্ণন বলেন, সরকার জানতে চায় ঠিক কী কারণে এই ঘটনাটি ঘটেছিল। শুধু প্রযুক্তিগত ব্যাখ্যাই নয়, ভারতের উদ্বেগের বিষয়গুলিও নীতিগত স্তরে মেটার সামনে তুলে ধরা হবে।

# ঐশীর বিরুদ্ধে খারিজ গ্রেপ্তারি পরোয়ানা

**আজকালের প্রতিবেদন**
দিল্লি, ৩০ জুলাই

২০২১ সালে বঙ্গ ভবনের সামনে বিক্ষোভ সংক্রান্ত মামলায় এসএফআইয়ের যুগ্ম সম্পাদক ঐশী ঘোষের বিরুদ্ধে জারি হওয়া জামিন অযোগ্য গ্রেপ্তারি পরোয়ানা বৃহস্পতিবার খারিজ করে দিল দিল্লির পাতিয়ালা হাউস আদালত। বিচারবিভাগীয় ম্যাজিস্ট্রেট বিজয়শ্রী রাঠোরের আদালতে ঐশী ঘোষ সশরীরে হাজির হলে আদালত তাঁর বিরুদ্ধে জারি হওয়া পরোয়ানা প্রত্যাহার করে। তবে হাজিরায় বিলম্বের কারণে তাঁকে ১ হাজার টাকা জরিমানাও করা হয়। মামলার পরবর্তী শুনানি হবে আগামী ২১ নভেম্বর। বুধবারই বাম ছাত্র সংগঠন দাবি করেছিল, দিল্লির যন্তর মন্তরে ককরোচ পার্টির বিক্ষোভে যোগ দেওয়ার জন্যই পুরনো মামলায় ঐশীকে গ্রেপ্তারের চেষ্টা করা হয়েছে।

# সংরক্ষণ করতে হবে র‍্যাফের অস্ত্র-নথি, নির্দেশ শীর্ষ কোর্টের

**আবু হায়াত বিশ্বাস**
দিল্লি, ৩০ জুলাই

দিল্লিতে ছাত্র-যুব আন্দোলনে পেলেট গান ব্যবহারের অভিযোগ ঘিরে বিতর্ক থামছে না। এই ঘটনায় দায়ের হওয়া এক মামলায় বৃহস্পতিবার সুপ্রিম কোর্ট কেন্দ্রকে যন্তর মন্তরে মোতায়েন থাকা র‍্যাপিড অ্যাকশন ফোর্সের অস্ত্রশস্ত্র ব্যবহার সংক্রান্ত সব নথি সংরক্ষণের নির্দেশ দিয়েছে। প্রধান বিচারপতি সূর্য কান্ত, বিচারপতি জয়মাল্য বাগচী এবং বিচারপতি ভি মোহনার বেঞ্চ একই সঙ্গে ২০ জুলাইয়ের বিক্ষোভে ছর্‌রা গুলিতে আহত প্রশান্ত কুমার, শেখ এরশাদ মনসুরি-সহ অন্যদের সর্বোত্তম চিকিৎসা নিশ্চিত করতে সরকারকে নির্দেশ দিয়েছে।

আদালত তাদের পর্যবেক্ষণে জানায়, ব্যতিক্রমী পরিস্থিতিতে আইনশৃঙ্খলা রক্ষায় পেলেট গান ব্যবহারের অনুমতি থাকলেও, তা সম্পূর্ণ নিষিদ্ধ করার আবেদনটি 'অস্পষ্ট'। বেঞ্চের মতে, শান্তিপূর্ণ আন্দোলনে সমাজবিরোধীরা ঢুকে পড়লে পরিস্থিতি মোকাবিলায় আইনপ্রয়োগকারী বাহিনীকে প্রয়োজন অনুযায়ী ব্যবস্থা নিতে হতে পারে। মামলাকারীদের পক্ষে প্রবীণ আইনজীবী বৃন্দা গ্রোভার দাবি করেন, 'সংসদ চলো' অভিযানে আহতদের শরীর থেকে ধাতব পেলেট উদ্ধার হয়েছে এবং দিল্লি পুলিশের কোনও স্থায়ী নির্দেশিকায় এর ব্যবহারের অনুমতি নেই। আদালত জানায়, ওই ঘটনায় পেলেট ব্যবহারের বৈধতা ও তা পর্যায়ক্রমিক বলপ্রয়োগের নীতির সঙ্গে সঙ্গতিপূর্ণ ছিল কি না, তা খতিয়ে দেখা হবে।

**পেলেট গান বিতর্ক**

সলিসিটর জেনারেল তুষার মেহতা আদালতকে জানান, তদন্তের জন্য প্রয়োজনীয় সব নথি সংরক্ষণ করা হবে। এর আগে সিসিটিভি, ড্রোন, বডি-ক্যামেরা ও অয়্যারলেস লগ সংরক্ষণের নির্দেশ দিয়েছিল আদালত। এদিকে, সম্প্রতি সিআরপিএফের ডিজি জিপি সিং বাহিনীকে নির্ভয়ে দায়িত্ব পালনের আহ্বান জানিয়ে প্রয়োজনীয় জবাবদিহির দায়ভার নিজে নেওয়ার আশ্বাস দিয়েছেন। উল্লেখ্য, র‍্যাফ সিআরপিএফের অধীন।

# প্ল্যাকার্ড ঝুলিয়ে কল্যাণের প্রতিবাদ, খোঁচা প্রিয়াঙ্কার

**আজকালের প্রতিবেদন**
দিল্লি, ৩০ জুলাই

গলায় ২০ জন তৃণমূল-ছুট সাংসদের ছবি ঝুলিয়ে তৃণমূল কংগ্রেস সাংসদ কল্যাণ ব্যানার্জি বৃহস্পতিবার সকালে সংসদ ভবন চত্বরে একাই প্রতিবাদ জানাচ্ছিলেন। সেই সময় তাঁর সঙ্গে দেখা হয়ে যায় প্রিয়াঙ্কা গান্ধীর। কল্যাণের গলায় ঝোলানো পোস্টারে লেখা ছিল, '২০ জন গদ্দার সাংসদ লোকসভা কক্ষে রয়েছেন।' প্রিয়াঙ্কা কল্যাণকে বলেন, তাঁরা প্রথমে কংগ্রেস ছেড়েছিলেন। এখন তৃণমূল ছেড়েছেন। অর্থাৎ আগে কংগ্রেস ছাড়ার 'গদ্দারি' মনে করিয়ে হালকা খোঁচা দেন রাজীব-তনয়া। কল্যাণ জবাবে বলেন, ২০১৪ সালে অনেকেই কংগ্রেস ত্যাগ করেছেন। মনে করিয়ে দেন, এই ২০ জন তৃণমূলের প্রার্থী হিসেবেই জয়লাভ করেছেন। প্রিয়াঙ্কা অবশ্য কথা বাড়াননি। সেই সময় নির্দল সাংসদ পাপ্পু যাদব কল্যাণের উদ্দেশে বলেন, তাঁরা তো কংগ্রেসেই ছিলেন। তাঁর এই মন্তব্যের জবাবে কল্যাণ বলেন, 'আমি নিজেও কংগ্রেসে ছিলাম। আমি যুব কংগ্রেসের সহ-সভাপতি ছিলাম।' কল্যাণ বলেন, 'আপনারা দিদিকে কংগ্রেস থেকে তাড়িয়ে দিয়েছিলেন। সেই সম্পর্কে বলুন। ১৯৯৭ সালে দিদিকে বহিষ্কার করেছিলেন। যদি আপনারা সেটা না করতেন, কংগ্রেসের অবস্থা আজকের মতো হত না।' প্রিয়াঙ্কা গান্ধী মন্তব্যের জবাবে বলেন, রাজীব গান্ধী মমতা ব্যানার্জিকে সম্মান, ভালবাসা দিয়েছিলেন। কল্যাণ স্বীকার করেন, 'সত্যিই রাজীবজি দিদিকে স্নেহ করতেন। তখন তো রাজীবজি ছিলেন না। ছিলেন সীতারাম কেশরী। কংগ্রেস সিপিএমের হাত ধরে। আমাদের লড়াইটাই ছিল সিপিএমের বিরুদ্ধে।'

# বিদেশে চিকিৎসার অনুমতি চেয়ে শীর্ষ কোর্টে অভিষেক

**আজকালের প্রতিবেদন**
দিল্লি, ৩০ জুলাই

চোখের চিকিৎসার জন্য বিদেশে যাওয়ার অনুমতি চেয়ে এবার সুপ্রিম কোর্টের দ্বারস্থ হলেন তৃণমূল কংগ্রেস নেতা অভিষেক ব্যানার্জি। কলকাতা হাইকোর্টের ২০ জুলাইয়ের নির্দেশকে চ্যালেঞ্জ করে তিনি এই আবেদন করেছেন। আবেদনে বলা হয়েছে, বিচারপতি সৌগত ভট্টাচার্যের একক বেঞ্চ তাঁর বিদেশে চিকিৎসার অনুমতির আবেদন খারিজ করে দেয়। একটি ফৌজদারি মামলার শুনানির সময় এই নির্দেশ দেওয়া হয়, যা সম্প্রতি সমাপ্ত পশ্চিমবঙ্গ বিধানসভা নির্বাচনের সময় দেওয়া একটি বিতর্কিত ভাষণ সংক্রান্ত অভিযোগের সঙ্গে যুক্ত। সুপ্রিম কোর্টে দায়ের করা আবেদনে অভিষেক দাবি করেছেন, তাঁর প্রয়োজনীয় চোখের চিকিৎসা ভারতে উপলব্ধ নয়। তাই চিকিৎসার স্বার্থে বিদেশে যাওয়ার অনুমতি দিতে তিনি শীর্ষ আদালতের হস্তক্ষেপ চেয়েছেন। মামলাটির শুনানি হতে পারে আগামী ৩ আগস্ট।

# বিজেপি যোগে সংশয়

● ১ পাতার পর

কেন্দ্রীয় মন্ত্রী জেপি নাড্ডার সঙ্গে সংসদ ভবনের ক্যান্টিনে এক টেবিলে তৃণমূলের প্রবীণ সাংসদ সৌগত রায়, শত্রুঘ্ন সিনহার ছবি ছড়িয়ে পড়ায় তা নিয়ে জল্পনা শুরু হয়েছে, তবে কি এবার বিজেপিতে যোগ দিচ্ছেন সৌগত, শত্রুঘ্ন? যদিও বৃহস্পতিবার সৌগত রায় জানিয়েছেন, মিথ্যে কথা রটানো হচ্ছে। তাঁর দাবি, বিজেপিই এটা রটাচ্ছে। সৌগত রায়ের সঙ্গে সমস্ত দলের নেতা, সাংসদদের সুসম্পর্ক। তাঁর দীর্ঘ সংসদীয় জীবন। শাসক, বিরোধী সকলেই তাঁকে গুগ্‌ল আঙ্কল বলেন। এবং অনেক সাংসদই বিভিন্ন বিল, আইনকানুন সম্পর্কে পাঠ নেন। জেপি নাড্ডার সঙ্গে সংসদ ভবনের ক্যান্টিনের আড্ডা নেহাতই সৌজন্যমূলক। সে প্রসঙ্গে সৌগত রায় বলেন, 'আমি কোনও দিনই জেপি নাড্ডার সঙ্গে মধ্যাহ্নভোজ করিনি। আমি খাচ্ছিলাম, তিনিও এসে একই টেবিলে বসেছেন। এটা সংসদে খুব স্বাভাবিক। এসব নিয়ে বিভ্রান্তি ছড়ানো বিজেপির পুরনো খেলা। বিজেপির আলাদা একটা বিভাগ রয়েছে, মিথ্যা রটানোর বিভাগ। তারা এক সময়ে রটিয়েছিল ইন্দিরা গান্ধীর ক্যান্সার হয়েছে।'

# সাইবার প্রতারণার শিকার কীর্তি কুলহারি

**সাইবার প্রতারণার শিকার হলেন বলিউড অভিনেত্রী-প্রযোজক কীর্তি কুলহারি। অভিযোগ, কীর্তির অজান্তেই তাঁর ক্রেডিট কার্ড ব্যবহার করে প্রায় ২ লক্ষ ৪৪ হাজার টাকা সরানো হয়েছে। পুলিশে অভিযোগ দায়ের করেছেন কীর্তি। ২৪ জুলাই রাতে আন্ধেরির একটি মাল্টিপ্লেক্সে থাকাকালীন কীর্তির মোবাইলে সন্দেহজনক আর্থিক লেনদেনের মেসেজ আসে। তিনি দেখেন, তাঁর ক্রেডিট কার্ড ব্যবহার করে একটি বিদেশি বিমান সংস্থাকে ২ লক্ষ ৪৪ হাজার টাকা দেওয়া হয়েছে। এরপর ব্যাঙ্কে অভিযোগ জানান কীর্তি। ব্যাঙ্ক সূত্রে জানা গিয়েছে, অভিনেত্রীর অনুমতি ছাড়াই চারটি লেনদেন হয়েছে। পুলিশ জানিয়েছে, অভিযুক্তদের খোঁজ চলছে।**

## তথ্য

**বাইবেলে স্পষ্ট করে লেখা আছে 'গড' বা ভগবান ডানহাতি, বাঁহাতি বা ল্যাটা ছিলেন শয়তান।**

দে মু

আজকাল পাবলিশার্স প্রাইভেট লিমিটেডের পক্ষে অরুণকুমার ঘোষ কর্তৃক বি পি-৭, সেক্টর-৫, বিধাননগর, কলকাতা-৭০০০৯১ ও অফিস ব্লক, জি-২১২, সিটি সেন্টার, শিলিগুড়ি-৭৩৪০১০ থেকে প্রকাশিত এবং আজকাল পাবলিশার্স প্রাইভেট লিমিটেড, বি পি-৭, সেক্টর-৫, বিধাননগর, কলকাতা-৭০০০৯১ ও সিইআই প্রিন্ট সলিউশন প্রাঃ লিঃ, ৪ মাইল, সেবক রোড, পোঃঅঃ- শালুগাড়া (শালুগাড়া রিলায়েন্স মার্কেটের বিপরীতে), শিলিগুড়ি-৭৩৪০০৮ থেকে মুদ্রিত। **সম্পাদক: অশোক দাশগুপ্ত।** Published from BP-7, Sector-V, Bidhannagar, Kolkata-700091; Office Block, G-212, City Centre, Siliguri-734010 and printed at Aajkaal Publishers Pvt. Ltd., BP-7, Sector-V, Bidhannagar, Kolkata-700091; CEI Print Solution Pvt. Ltd., 4 Mile, Sevoke Road, P.O. Salugara (Opposite to Salugara Reliance Market), Siliguri-734008 by Arun Kumar Ghosh On behalf of Aajkaal Publishers Pvt. Ltd. **Editor: Asoke Dasgupta.** ফোন: (০৩৩) ২৩৬৭৫৫১১ Phone: (033) 23675511, E-mail: mail@aajkaal.net
REGD. NO. KOL RMS/243/2019-2021 RNI NO: R.N. 37263/81





প্লাবিত ওড়িশার জাজপুর, ভদ্রক, বালেশ্বর। ডানদিকে, জলের তোড়ে বেহাল রাস্তা। বালেশ্বরে, বৃহস্পতিবার। ছবি: পিটিআই

# ওড়িশায় বানভাসি ১৬০০ গ্রাম, ১৪ শহর

**সংবাদ সংস্থা**

ভুবনেশ্বর, ৩০ জুলাই

ওড়িশার উত্তরপ্রান্তে বন্যা পরিস্থিতি এখনও মারাত্মক। রাজ্য জুড়ে জারি হয়েছে সর্বোচ্চ সতর্কতা। পাশাপাশি, মহানদীর জলস্তর বাড়ার ফলে তৈরি হয়েছে বন্যার আশঙ্কাও। টানা কয়েক দিনের মুষলধারে বৃষ্টির জেরে রাজ্যের বিভিন্ন জেলার গ্রাম, রাস্তাঘাট এবং কৃষিজমি ইতিমধ্যেই জলের তলায় চলে গেছে। কোথাও জলের তোড়ে ভেসে গেছে ভারী এক্সক্যাভেটর, আবার কোথাও খরস্রোতা নদীতে ট্র্যাক্টরের ওপর আটকে পড়া দু’জনকে বাঁচাতে নিজের জীবন বাজি রেখেছেন এক তরুণ। রাজ্যের মোট পাঁচটি জেলা সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয়েছে। এর জেরে বিপর্যয়ের মুখে পড়েছেন সাড়ে পাঁচ লক্ষেরও বেশি মানুষ। লাগাতার বৃষ্টির কারণে পাঁচটি জেলার ৫৪টি ব্লক, ৭৭৯টি গ্রাম পঞ্চায়েত, ১,৬০০টি গ্রাম এবং ১৪টি শহর এলাকা ক্ষতিগ্রস্ত হয়েছে। রাজ্য জুড়ে আক্রান্ত হয়েছেন সাড়ে পাঁচ লক্ষেরও বেশি মানুষ। রাজস্ব ও বিপর্যয় ব্যবস্থাপনা মন্ত্রী সুরেশ পূজারি জানিয়েছেন, উত্তর ওড়িশার কিছু নদীর জল কমতে শুরু করলেও সেগুলি এখনও বিপদসীমার ওপর দিয়ে বইছে। ফলে রাতের মধ্যেই প্লাবিত হয়েছে নতুন নতুন এলাকা। বন্যা–কবলিত জেলাগুলির সমস্ত কর্মীর ছুটি বাতিল করা হয়েছে। প্রবল বর্ষণের জেরে সৃষ্ট বন্যায় বালেশ্বর, ভদ্রক, জাজপুর এবং ময়ূরভঞ্জ জেলার বহু গ্রাম জলের তলায় চলে গেছে। নিম্নচাপের প্রভাবে এই বৃষ্টিপাত হয়েছে। নবরঙ্গপুর এবং কালাহাণ্ডি জেলার সমস্ত স্কুল ও অঙ্গনওয়াড়ি কেন্দ্র বন্ধ রাখার নির্দেশ দিয়েছে প্রশাসন। যুদ্ধকালীন তৎপরতায় চলছে উদ্ধারকাজ। নিরাপদ স্থানে সরিয়ে নিয়ে যাওয়া হয়েছে ১ লক্ষ ৬৫ হাজারের বেশি মানুষকে। সবমিলিয়ে এই বন্যায় ক্ষতিগ্রস্ত হয়েছেন ছ’লক্ষেরও বেশি মানুষ। জাজপুরের জেলাশাসক জানিয়েছেন, বুধবার রাতে দশরথপুর ব্লকের পাটনা এলাকার কাছে বৈতরণীর শাখানদী কানির বাঁধে দুটি ফাটল দেখা দেয়। এরপরেই পরিস্থিতি আরও খারাপ হয়। এতে মারাত্মক ভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে তিনটি ব্লকের মানুষ। এর ওপর মহানদীর ফুলেফেঁপে ওঠা নতুন করে উদ্বেগের কারণ হয়ে দাঁড়িয়েছে। ছত্তিশগড় ও মধ্যপ্রদেশের উচ্চ অববাহিকায় ভারী বৃষ্টির কারণে নদী অববাহিকা সংলগ্ন জেলাগুলিকে সতর্ক করা হয়েছে।

# অসমে মৃত বেড়ে ৭৮

**তরুণ চক্রবর্তী**

আগরতলা, ৩০ জুলাই

অসমের বন্যা–পরিস্থিতির কিছুটা উন্নতি হলেও, প্রবল বর্ষণের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। তাদের পূর্বাভাস অনুযায়ী, আগামী তিন–চার দিন অসম–সহ গোটা উত্তর–পূর্বাঞ্চলেই ভারী থেকে অতিভারী বর্ষণের সম্ভাবনা রয়েছে। রয়েছে মেঘভাঙা বৃষ্টি ও হড়পা বানের আশঙ্কাও। তাই জেলা প্রশাসনকে সতর্ক করা হয়েছে। ইতিমধ্যেই রাজ্যে স্বাভাবিকের তুলনায় ১৮১ শতাংশ বৃষ্টিপাত বেশি হয়েছে বলে জানা গিয়েছে। রাজ্যের পাশাপাশি অতিরিক্ত বৃষ্টিপাতের ফলে নাগাল্যান্ডেও গত ৫০ বছরের রেকর্ড ভেঙে বিধ্বংসী বন্যায় বিপর্যস্ত জনজীবন। অতীতে যে–সব এলাকায় বন্যা হয়নি, এবার সেই সব জায়গাতেও বন্যার প্রকোপ ছিল ভয়ঙ্কর।

রাজ্য দুর্যোগ মোকাবিলা বাহিনী সূত্রে খবর, মৃতের সংখ্যা ৭৮ ছুঁয়েছে। আরও প্রাণহানির শঙ্কা রয়েছে। কারণ বহু মানুষ এখনও নিখোঁজ। বন্যা–পরিস্থিতির কিছুটা উন্নতি হতেই মানুষ ঘরে ফিরতে শুরু করেছেন। বৃহস্পতিবার শিবসাগর জেলার বন্যা–কবলিত নেপালিখুতির মানুষ ঘরে ফিরে দেখেন, সেখানে কাদার মধ্যে মাখামাখি হয়ে রয়েছে দুই গ্রামবাসীর মরদেহ। জল নামতেই তাঁদের দেহ ভেসে উঠেছে বলে গ্রামবাসীরা জানিয়েছেন। রাজ্যের শ্রমমন্ত্রী রামেশ্বর তেলির আশঙ্কা, এমন অনেক দেহ উদ্ধার হতে পারে। উদ্ধারকারী দল এখনও বহু জায়গায় পৌঁছোতে পারেনি। তাঁর দেওয়া তথ্য অনুযায়ী, অসমের অন্তত ৩০টি চা–বাগানে বন্যার জল ঢুকেছে। এর মধ্যে ১১টি চা–বাগানের ব্যাপক ক্ষতি হয়েছে বন্যায়। রাজ্যের এখনও তিন লক্ষ মানুষ বন্যা–কবলিত।

# ‘এ যেন নিজের দেশে ফেরা’

● ১ পাতার পর

দীর্ঘ সময় দূরে থাকলেও পশ্চিমবঙ্গের সঙ্গে সেই সংযোগ কমেনি।’ তসলিমা বলেন, ‘ফিরছি আনন্দ নিয়ে। বেদনাও রয়েছে। এখানে আমার ঘর, বন্ধুবান্ধব, পাঠক, আপনজন ছিল। আমার জীবন থেকে প্রায় উনিশটি বছর কেড়ে নেওয়া হয়েছে। সেই হারানো সময় কোনও ভাবেই ফিরে পাওয়া সম্ভব নয়। আমি আগন্তুক বা অতিথি হিসেবে নয়, ফিরছি এমন একজন হিসেবে, যে নিজেকে সবসময়ই বাংলার অবিচ্ছেদ্য অংশ বলে মনে করেছে।’ তসলিমা বলেন, ‘আমি স্বেচ্ছায় কলকাতা ছাড়িনি। তৎকালীন পশ্চিমবঙ্গ সরকার আমাকে রাজ্য ছাড়তে বাধ্য করেছিল। তবুও ফেরার আশা ছাড়িনি। প্রায় ১৯ বছর পর ফিরে আসা এবং কলকাতার প্রাণকেন্দ্রে প্রকাশ্যে কথা বলা এক অবাস্তব অনুভূতি। আমার কাছে এটা এমন এক কণ্ঠস্বরের ফিরে আসা, যাকে একসময় মৌলবাদীরা স্তব্ধ করে দিতে চেয়েছিল। ওই মঞ্চে আমার উপস্থিতি প্রমাণ করবে, হুমকি বা ফতোয়া হয়তো একজন লেখককে সাময়িক ভাবে নির্বাসিত করতে পারে কিন্তু তাঁর চিন্তাধারাকে মুছে ফেলতে পারে না।’

বলেন, ‘আমি ভারতের নাগরিক নই। তবুও আমার মতো একজন নির্যাতিত লেখককে আশ্রয় দেওয়ার ক্ষেত্রে এই দেশের যে উদারতা, তাতে আমি গভীর ভাবে অভিভূত। আমাকে যে সমর্থন ও সুরক্ষা বর্তমান পশ্চিমবঙ্গ সরকার দিয়েছে তার জন্য আমি আন্তরিক ভাবে কৃতজ্ঞ। বাংলাদেশে ধর্মনিরপেক্ষ চিন্তাধারা, ধর্মীয় বিষয়ের সমালোচনা এবং সৎ বুদ্ধিবৃত্তিক বিতর্কের পরিসর বিপজ্জনক ভাবে সঙ্কুচিত হয়ে পড়েছে। ধর্ম, সংস্কৃতি, পারিবারিক সম্মান ও ঐতিহ্যের দোহাই দিয়ে নারীদের এখনও নিয়ন্ত্রণ করা হয়।’

## বাংলাদেশের সঙ্গে জলচুক্তি

# ‘পশ্চিমবঙ্গের স্বার্থ অক্ষুণ্ণ থাকবে’

**আজকালের প্রতিবেদন**

দিল্লি, ৩০ জুলাই

গঙ্গা এবং তিস্তার জলচুক্তি পুনর্নবীকরণের ক্ষেত্রে পশ্চিমবঙ্গ অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি রাজ্য এবং এই চুক্তি নিয়ে রাজ্য সরকারের সঙ্গে গুরুত্ব সহকারে আলোচনা করতে হবে। ভারত–বাংলাদেশ সম্পর্ক নিয়ে বৃহস্পতিবার লোকসভায় পেশ করা বিদেশ বিষয়ক সংসদীয় স্থায়ী কমিটির রিপোর্টে এই সুপারিশের উল্লেখ করা হয়েছে। কমিটির সুপারিশের ভিত্তিতে বিদেশ মন্ত্রক জানিয়েছে, পশ্চিমবঙ্গ সরকার–সহ সব পক্ষের সঙ্গে আলোচনা করা হবে। যাতে সব পক্ষের স্বার্থ রক্ষা হয়, সে বিষয়ে গুরুত্ব দেওয়া হবে।

বিদেশ মন্ত্রক জানিয়েছে, ‘গঙ্গার জল ভাগাভাগি নিয়ে ২০২৩ সালের জুলাইয়ে আন্তঃমন্ত্রক পর্যায়ের একটি কমিটি গঠন হয়েছে। কমিটির সদস্য হিসেবে রয়েছেন পশ্চিমবঙ্গ এবং বিহার রাজ্য সরকারের প্রতিনিধি। বাংলাদেশে তৈরি হওয়া নতুন সরকারের নেতৃত্বে আলোচনা শুরু হতে চলেছে।’ তিস্তা চুক্তি প্রসঙ্গে সুপারিশের জবাবে বিদেশ মন্ত্রক জানিয়েছে, ‘যুক্ত থাকা রাজ্যগুলির সঙ্গে অবাধ, বিস্তারিত আলোচনার মাধ্যমে ঐকমত্যে পৌঁছোনো কেন্দ্রের অন্যতম প্রধান লক্ষ্য। সব পক্ষের স্বার্থ যাতে সুরক্ষিত থাকে এবং সবার পক্ষেই গ্রহণযোগ্য হয়, সেই লক্ষ্যেই আলোচনার প্রয়াস রয়েছে।’

কমিটির সুপারিশে জানানো হয়েছিল, গঙ্গা চুক্তি পুনর্নবীকরণে অত্যন্ত গুরুত্বপূর্ণ পশ্চিমবঙ্গ। সেই রাজ্যের অর্থমন্ত্রী এই চুক্তির বিধি তৈরিতে ভূমিকা পালন করেছেন। ২০২৫ সালের মার্চে কলকাতায় এই বিষয়ে হওয়া বৈঠকে অংশগ্রহণ করেছে পশ্চিমবঙ্গ সরকার। ২০২৬ সালে যাতে সময়ে চুক্তি পুনর্নবীকরণ করা যায়, তার জন্য রাজ্য সরকারের সময়ে আলোচনা শুরু করার সুপারিশ করে বিদেশ বিষয়ক সংসদীয় স্থায়ী কমিটি। বাংলাদেশের সঙ্গে আলোচনায় যাতে দেশের পাশাপাশি বিহার ও পশ্চিমবঙ্গের স্বার্থ অক্ষুণ্ণ থাকে, সেই লক্ষ্যেই আলোচনা করার সুপারিশ করা হয় কমিটির তরফে।

## বিদেশ বিষয়ক সংসদীয় কমিটির রিপোর্ট

# ভারত সীমান্তের অদূরে চীনের ১২ যুদ্ধবিমান

**আজকালের প্রতিবেদন**

ভারত সীমান্তের কাছে প্রকৃত নিয়ন্ত্রণরেখায় পঞ্চম প্রজন্মের যুদ্ধবিমানের সবচেয়ে বড় সমাবেশ করা হয়েছে চীনের তরফে। বাণিজ্যিক উপগ্রহ পরিচালনাকারী সংস্থা ভ্যানটর কিছু ছবি তুলেছে। তাতে দেখা যাচ্ছে, জিনজিয়াংয়ের হোটান ও দামজুং–এর বিমানঘাঁটিতে যুদ্ধবিমানের রণসজ্জা তৈরি রেখেছে চীন। ৯ জুলাইয়ের উপগ্রহচিত্রে দেখা গেছে, আটটি জে২০ মাইটি ড্রাগন স্টিল্‌থ যুদ্ধবিমান হোটানের ট্যারম্যাকে রাখা আছে। উত্তর লাদাখে ভারতের দৌলতবেগ ওল্ডি বায়ুসেনা ঘাঁটি থেকে ২৪৫ কিমি এবং লেহ থেকে ৩৮৯ কিমি দূরে রয়েছে চীনের হোটান বায়ুসেনা ঘাঁটি। আবার ২৫ জুনের উপগ্রহচিত্রে দেখা গেছে, আরও চারটি জে২০ মাইটি ড্রাগন স্টিল্‌থ যুদ্ধবিমান তিব্বতের লাসা প্রিফেকচারের দামজুং বায়ুসেনা ঘাঁটিতে সজ্জিত রয়েছে। দামজুং অরুণাচলের তাওয়াঙ থেকে ৩৪৪ কিমি দূরে।

**ESAF**

**ESAF SMALL FINANCE BANK**

REGD. OFFICE: ESAF Bhavan, Mannuthy, Thrissur- 680 651, Kerala

## GOLD AUCTION NOTICE

Notice is hereby given to the public that gold ornaments pledged with ESAF Small Finance Bank Ltd. against various loan accounts and remaining overdue/ unredeemed despite repeated notices will be auctioned for recovery of the Bank's dues, in accordance with applicable banking regulations and policies.

**DETAILS OF AUCTION**

**Mode of Auction:** Off-line (Physical Auction through Branches)

**Date of Auction:** 03-09-2026 **Time:** 11:00 AM to 01:00 PM

**Auction Venues:** The auction will be conducted at the following ESAF Small Finance Bank branches in **West Bengal**

Interested bidders are requested to visit the respective branches for participation. For detailed branch addresses and contact numbers, please visit the Bank's official website

**BRANCH NAME - LOAN ACCOUNT NUMBER**

**Cooch Behar**: 63250001504544, 63260000292348, 0299026, 0300086, 0304778, 0327355, 0341277, 0346718, 0350190, 0350650, 0351998, 0354593, **Howrah**: 63260000306765, 0323652, 0331716, 0333223, 0354553, **Kolkata (GariaRathtalla)**: 63260000319060, 0325628, 0346238, 0352786, **Kolkata (G C Avenue)**: 63260000328733, 0345460, **Malda**: 63260000290162, 0296621, 0298977, 0302042, 0322274, 0328503, 0334721, 0337836, 0350810, 0353235, **Raniganj**: 63260000299356, 0311205, 0343394, 0354963, 75260000319813, **Kharagpur**: 63260000297949, 0313241, 0319680, 0319940, 0327455, 0341457, 0348235, 0354363, 0354463, 0356049, 75260000103659, 0118551, 0125637, 0145429, 0147166, 0151887, 0171879, 0255202, 0329604, **Haldia**: 63260000293146, 75260000128642, **Balurghat**: 63260000294605, 75260000255212, 0279826.

**Important Instructions:** Borrowers may redeem their pledged gold ornaments by clearing the total dues along with applicable charges at least two days prior to the auction date. Interested bidders must carry valid KYC documents. GST Registration Number is mandatory for firms/companies, wherever applicable. Bidders are required to deposit an Earnest Money Deposit (EMD) of Rs.2,500 before participating in the auction. The auction will be conducted on an "as is where is" and "as is what is" basis. The Bank reserves the right to cancel/postpone the auction or reject any bid without assigning any reason. Participation in the auction shall be deemed acceptance of all terms and conditions of the Bank. The Minimum Reserve Price will be fixed by bank on the basis of IBJA Rate as applicable on the basis of purity of Gold.

Place: **Thrissur**
Date: **31-07-2026**

(Sd/-) Authorized Signatory
**ESAF Small Finance Bank Ltd.**

**ন্যাশানাল কোম্পানি ল ট্রাইব্যুনালের সমীপে, কলকাতা**
**কোম্পানি পিটিশন নং সিপি (সিএএ) ৬১/ কেবি/ ২০২৬**
**কোম্পানি অ্যাপ্লিকেশন নং সিএ (সিএএ) ৩৫/ কেবি/ ২০২৬**
(কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩-এর ধারা ২৩০-২৩২ এর অধীনে)
কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩–এর সম্পর্কিত বিষয়
এবং
**সম্পর্কিত বিষয়:**
সোমানি বাথওয়্যার লিমিটেড, কোম্পানি আইন, ২০১৩-এর অধীনে একটি বর্তমান কোম্পানি, যার রেজিস্টার্ড অফিস ২, রেড ক্রস প্লেস, কলকাতা– ৭০০০০১-এ অবস্থিত;
....আবেদনকারী নং ১/ হস্তান্তরকারী কোম্পানি নং ১
এবং
**সম্পর্কিত বিষয়:**
**সোমানি এক্সেল ভিট্রিফায়েড প্রাইভেট লিমিটেড**, কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩-এর অধীনে একটি বর্তমান কোম্পানি, যার রেজিস্টার্ড অফিস ২, রেড ক্রস প্লেস, কলকাতা-৭০০০০১-এ অবস্থিত;
....আবেদনকারী নং ২/ হস্তান্তরকারী কোম্পানি নং ২
এবং
**সম্পর্কিত বিষয়:**
**এসআর কন্টিনেন্টাল লিমিটেড,** কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩-এর অধীনে একটি বর্তমান কোম্পানি, যার রেজিস্টার্ড অফিস ২, রেড ক্রস প্লেস, কলকাতা– ৭০০০০১-এ অবস্থিত;
....আবেদনকারী নং ৩/ হস্তান্তরকারী কোম্পানি নং ৩
এবং
**সম্পর্কিত বিষয়:**
**সোমানি সিরামিক্স লিমিটেড,** কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩-এর অধীনে একটি বর্তমান কোম্পানি, যার রেজিস্টার্ড অফিস ২, রেড ক্রস প্লেস, কলকাতা-৭০০০০১-এ অবস্থিত;
....আবেদনকারী নং ৪/ হস্তান্তরগ্রহীতা কোম্পানি

**পিটিশনের বিজ্ঞপ্তি**

আবেদনকারী কোম্পানিগুলি এবং তাদের নিজ নিজ শেয়ারহোল্ডার ও পাওনাদারদের মধ্যে প্রস্তাবিত স্কিম অফ অ্যামালগ্যামেশন (সংযুক্তি প্রকল্প)-এর অনুমোদনের জন্য কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩-এর ২৩০ থেকে ২৩২ ধারার অধীনে একটি পিটিশন ২১ জুলাই, ২০২৬ তারিখে শুনানির জন্য ন্যাশানাল কোম্পানি ল ট্রাইব্যুনালের মাননীয় কলকাতা বেঞ্চের সমক্ষে আবেদনকারীদের দ্বারা পেশ করা হয়েছিল এবং ২১ জুলাই, ২০২৬ তারিখের একটি আদেশের মাধ্যমে, উক্ত পিটিশনের শুনানির দিন ন্যাশানাল কোম্পানি ল ট্রাইব্যুনালের কলকাতা বেঞ্চের সমক্ষে ২৮ আগস্ট, ২০২৬ তারিখে ধার্য করা হয়েছে। উক্ত পিটিশনটি সমর্থন বা বিরোধিতা করতে ইচ্ছুক যে কোনও ব্যক্তিকে আবেদনকারীদের আইনজীবীর কাছে তাঁর নাম ও ঠিকানাসহ তাঁর নিজের বা তাঁর আইনজীবীর দ্বারা স্বাক্ষরিত অভিপ্রায়ের বিজ্ঞপ্তি পাঠাতে হবে, যাতে সেটি পিটিশনের শুনানির জন্য ধার্য করা তারিখের 'দু’দিন' আগে আবেদনকারীদের আইনজীবীর কাছে পৌঁছায়। যেখানে তিনি পিটিশনের বিরোধিতা করতে চান, সেখানে বিরোধিতার কারণ বা তাঁর হলফনামার একটি প্রতিলিপি উক্ত বিজ্ঞপ্তির সাথে জমা দিতে হবে। পিটিশনের একটি প্রতিলিপি এর জন্য নির্ধারিত মূল্য প্রদানের ভিত্তিতে যে কোনো ইচ্ছুক ব্যক্তিকে নিম্নস্বাক্ষরকারীর দ্বারা প্রদান করা হবে।

তারিখ: ৩০ জুলাই, ২০২৬
স্বাঃ/-
**প্রদীপ কুমার জেওরাজকা**
আবেদনকারীদের আইনজীবী
১২, ওল্ড পোস্ট অফিস স্ট্রিট, ২ নং ফ্লোর
কলকাতা- ৭০০০০১

**GRIHUM**

# গৃহম হাউজিং ফিনান্স লিমিটেড

রেজিস্টার্ড অফিস: ফ্লোর নং ৬, ‘বি’ বিল্ডিং, গঙ্গা ট্রুনো, লোহেগাঁও, পুনে, মহারাষ্ট্র–৪১১০১৪

**পরিশিষ্ট–IV**
**[রুল ৮(১) দ্রষ্টব্য]**
**দখল বিজ্ঞপ্তি**
**(স্থাবর সম্পত্তির জন্য)**

যেহেতু, উপরিলিখিত কর্পোরেট/ রেজিস্টার্ড অফিস সংবলিত গৃহম হাউজিং ফিনান্স লিমিটেড, (এখানে এর পরে ‘সুরক্ষিত ঋণদাতা’ হিসেবে উল্লিখিত)–এর অনুমোদিত আধিকারিক হিসেবে নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৩–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ (এখানে এর পরে ‘উক্ত অ্যাক্ট’ হিসেবে উল্লিখিত)–এর ১৩(১২) ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে নিম্নোক্ত ঋণগ্রহীতাগণের প্রতি নীচে লেখা তারিখ সংবলিত দাবি বিজ্ঞপ্তি জারি করেছিলেন যার মাধ্যমে উক্ত বিজ্ঞপ্তি প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে বিজ্ঞপ্তিতে দাবিকৃত অর্থাঙ্ক পরিশোধের জন্য তাঁদের প্রতি আহ্বান জানানো হয়েছিল।
উক্ত ঋণগ্রহীতাগণ দাবিকৃত অর্থাঙ্ক পরিশোধে ব্যর্থ হওয়ায় এতদ্দ্বারা বিশেষত ওই ঋণগ্রহীতাগণ এবং জনসাধারণের প্রতি এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী **২৫ জুলাই ২০২৬ তারিখে** সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল নং ৮–সহ পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩(৪) নং ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে এখানে নীচে বর্ণিত সম্পত্তির দখল নিয়েছেন।
বিশেষত উক্ত ঋণগ্রহীতাগণ এবং জনসাধারণকে এতদ্দ্বারা এই সম্পত্তিগুলি নিয়ে কোনও প্রকার লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং এই সম্পত্তিগুলি নিয়ে যে–কোনও লেনদেন দাবিকৃত অর্থাঙ্ক ও এর ওপর সুদ সমেত সুরক্ষিত ঋণদাতার প্রতি দায় সাপেক্ষ হবে।
সুরক্ষিত পরিসম্পদ ছাড়িয়ে নিতে প্রাপ্য সময়সীমা সম্পর্কিত বিষয়ে উক্ত অ্যাক্টের ১৩ নং ধারার (৮) নং উপধারার সংস্থানগুলির প্রতি সংশ্লিষ্ট ঋণগ্রহীতার মনোযোগ আকর্ষণ করা হচ্ছে। দখল নেওয়া সম্পত্তিগুলির বিশদ তথ্য নিম্নরূপ:

| ক্রম নং | ঋণগ্রহীতাগণের নাম | সম্পত্তির বিবরণ | দখল নেওয়ার তারিখ | বিধিবদ্ধ দাবি বিজ্ঞপ্তির তারিখ | দাবিকৃত অর্থাঙ্ক (₹) |
|---|---|---|---|---|---|
| ১ | শাহজামান কাজী, ঝুমপা বিবি | মৌজা সিঙ্গী, জে.এল. নং ১৬৩, থানা- বোলপুর, বীরভূম জেলার সিঙ্গী গ্রাম পঞ্চায়েতে এল.আর. দাগ নং ৪৬৫৭, খতিয়ান নং ১৬২১, এল.আর. খতিয়ান নং ৭১৬৪-এর অংশ নিয়ে গঠিত প্রায় ৭ শতক পরিমাপের সমস্ত জমি। **প্লটের সীমানা:**-উত্তরে: কৃষি জমি, দক্ষিণে: কৃষি জমি, পূর্বে: কৃষি জমি, পশ্চিমে: কৃষি জমি। | ২৫/০৭/২০২৬ | ১১/১১/২০২৫ | **লোন নং HF0620H21100033** ₹ ৭,৫১,৮৫২/- (সাত লক্ষ একান্ন হাজার আটশত বাহান্ন টাকা মাত্র) যা ১১/১১/২০২৫ তারিখ অনুযায়ী পরিশোধযোগ্য এবং আদায় না হওয়া পর্যন্ত বার্ষিক ১৭.৬০% হারে সুদ প্রযোজ্য। |
| ২ | প্রীতিলতা দে, দীনবন্ধু দে, উজ্জ্বল দে | দুটি দলিলের সমন্বয়ে গঠিত ৩.২৫ ডেসিমেল পরিমাপের সমস্ত জমির সমগ্র অংশ, দলিল নং ২৮৮৫, বছর ২০২০ এবং দলিল নং ১৭৯১, বছর ২০১২, শ্রেণিকরণ বাস্তু, বীরভূম জেলার নানুর থানার মৌজা আটকুলা, জে.এল. নং ১১২, এল.আর খতিয়ান নং ১৭৬৯, আর.এস. ও এল.আর. দাগ নং ১৫৫০-এ অবস্থিত। | ২৫/০৭/২০২৬ | ১১/১১/২০২৫ | **লোন নং LAP0574200000005013311** ₹ ১৬,১৬,৫৯৫/- (ষোল লক্ষ ষোল হাজার পাঁচশত পঁচানব্বই টাকা মাত্র) যা ১১/১১/২০২৫ তারিখ অনুযায়ী পরিশোধযোগ্য এবং আদায় না হওয়া পর্যন্ত বার্ষিক ১৭.৩৫% হারে সুদ প্রযোজ্য। |

স্থানীয় ভাষায় প্রকাশিত বিজ্ঞপ্তির সঙ্গে ইংরেজি সংবাদপত্রে প্রকাশিত বিজ্ঞপ্তির বিষয়বস্তুতে কোনও ফারাক দেখা গেলে, ইংরেজি ভাষায় ‘বিজনেস স্ট্যান্ডার্ড’ সংবাদপত্রে প্রকাশিত বিজ্ঞপ্তির বিষয়বস্তু সঠিক হিসেবে গণ্য হবে।

স্থান: কলকাতা তারিখ: ৩১.০৭.২০২৬ — স্বাঃ– অনুমোদিত আধিকারিক, গৃহম হাউজিং ফিনান্স লিমিটেড

**বैंक ऑफ़ बड़ौदा Bank of Baroda**

**আরওএসএআরবি কেএমআর**
৪, ব্র্যাবোর্ন রোড, কলকাতা–৭০০০০১
ই–মেল: SARKOL@bankofbaroda.bank.in

**ই–নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি**

অ্যানেক্সার ‘এ’
**স্থাবর সম্পত্তি বিক্রির জন্য বিক্রয় বিজ্ঞপ্তি**
**পরিশিষ্ট IV–A [রুল ৮(৬) ও/বা ৯(১)–এর সংস্থানসমূহ দ্রষ্টব্য]**

**সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৮(৬) ও/বা ৯(১)–এর সংস্থানসমূহ–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর অধীনে স্থাবর পরিসম্পদ বিক্রির জন্য ই–নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।**
এতদ্দ্বারা বিশেষত নিম্নলিখিত ঋণগ্রহীতা(গণ), বন্ধকদাতা(গণ) ও জামিনদার(গণ) এবং জনসাধারণের জ্ঞাতার্থে এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, নিম্নলিখিত অ্যাকাউন্টের পরিপ্রেক্ষিতে এই ব্যাঙ্কের পাওনা পুনরুদ্ধারের লক্ষ্যে **ব্যাঙ্ক অফ বরোদা**, সুরক্ষিত ঋণদাতার কাছে বন্ধক রাখা/দায়বদ্ধ এবং ব্যাঙ্ক অফ বরোদা, সুরক্ষিত ঋণদাতার অনুমোদিত আধিকারিক দ্বারা দখল নেওয়া নিম্নবর্ণিত স্থাবর সম্পত্তি **‘যেখানে যেমন আছে’, ‘যা কিছু আছে’ এবং ‘যেভাবে আছে’** ভিত্তিতে বিক্রি করা হবে। ঋণগ্রহীতা/ বন্ধকদাতা/ জামিনদার/ সুরক্ষিত পরিসম্পদ/ বকেয়া অর্থাঙ্ক/ সংরক্ষণ মূল্য/ ই–নিলামের তারিখ ও সময়, বায়না জমা (ইএমডি) এবং বিড বাড়ানোর মূল্য (বিড গুণক) ইত্যাদি তথ্যাবলি এখানে নীচে উল্লেখ করা হয়েছে:

| ১২. | **১. মেসার্স বিনায়ক স্টিলমেট**<br>২০ মহর্ষি দেবেন্দ্র রোড, রাজাকাটরা, কলকাতা–৭০০০০৭<br>**২. মিঃ আকাশ জয়সওয়াল (প্রোপ্রাইটর)**<br>পিতা– তারক নাথ জয়সওয়াল<br>নিবাস: ৫১ বলদেব পাড়া রোড, মানিকতলা পোস্ট অফিসের কাছে, বিডন স্ট্রিট, কলকাতা– ৭০০০০৬ | **সমান্তরাল জামানত:** জমি/সম্পত্তির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: জেলা এবং জেলা রেজিস্ট্রি অফিস হাওড়া, থানা এবং এডিএসআর ও ডোমজুড়, মৌজা – দক্ষিণ ঝাঁপড়দহ, জে এল নং ১৫, দক্ষিণ ঝাঁপড়দহ গ্রাম পঞ্চায়েতের অধীনে। আর এস খতিয়ান নং ১২৭১, এল আর খতিয়ান নং ৬১০ এবং নতুন খতিয়ান নং ১০২৪৯–এর অধীনে। আর এস প্লট/দাগ নং ৭৪ (চুয়াত্তর), এল আর প্লট/দাগ নং ৭৬ (ছিয়াত্তর)–এর অংশভুক্ত, জমির পরিমাণ | ক) ২৩.০৪.২০২৬<br>খ) ০৩.০৬.২০২৪ | ₹৩৩,৯০,৩২৪.৬১, লোন অ্যাকাউন্ট নং 922030050373381–এর প্রেক্ষিতে বকেয়া, ১৮.১২.২০২৪ অনুযায়ী (এর মধ্যে ৩১.০৫.২০২৪ অবধি সুদ অন্তর্ভুক্ত করা আছে) | ২৯.০২.২০২৪ তারিখের অনুমোদন পত্র অনুযায়ী, নির্দিষ্ট কিছু শর্তাবলিতে (যা সেখানে আরও স্পষ্টভাবে উল্লেখ করা আছে) ওভারড্রাফ্ট সুবিধার আকারে ₹৪৭,০০,০০০.০০ অর্থমূল্যের আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে। |
| | ৫ (পাঁচ) কাঠা ২ (দুই) ছটাক ১৮ (আঠারো) বর্গফুট বা ৮.৫১ শতক (প্লটের অংশ) যা মোট ১৮৮ শতকের মধ্যে ১৩.৪৫ শতক জমির অংশ। বিদ্যুৎ, জলের পাইপলাইন স্থাপন, যানবাহন চলাচল, টেলিফোন সংযোগ, গ্যাস সংযোগ এবং নিষ্কাশন, পয়ঃনিষ্কাশন ইত্যাদি নির্মাণের জন্য এবং অন্যান্য সকল উদ্দেশ্যে ২০ ফুট চওড়া সাধারণ পরিসরের সমস্ত ইজমেন্ট অধিকার সহ, তৎসহ এর ওপর নির্মিত বিল্ডিং। যার খাজনা পশ্চিমবঙ্গ সরকারের কাছে প্রদেয়। প্রযত্নে: বিএল এবং এলআর অফিস, ডোমজুড়। উক্ত জমি/সম্পত্তির চৌহদ্দি ও চতুর্সীমা: উত্তর: আর এস দাগ নং ৭৮–এর জমি। দক্ষিণ: ২০ ফুট চওড়া সাধারণ পরিসর (কাঁচা)। পূর্ব: আর এস দাগ নং ৭৪–এর জমি। পশ্চিম: আর এস দাগ নং ৭৪–এর জমি। সম্পত্তির স্বত্বধারক: মিঃ আকাশ জয়সওয়াল। | | | | |
| ১৩. | **১. মেসার্স মা শোভা ট্রেডার্স (অংশীদারি সংস্থা)**<br>প্রেমিসেস নং এইচ/৪৬২/৩৯৬, এম আর রোড, ওয়ার্ড নং ৮, খালপাড়া, শিলিগুড়ি, পশ্চিমবঙ্গ–৭৩৪০০৫<br>**২. মিঃ দীপক কুমার কানু (গুপ্ত)**<br>পিতা– রাধাকিষাণ কানু গুপ্ত<br>নিবাস: ৩১(৩), এম আর রোড, শিলিগুড়ি বাজার, দার্জিলিং, পশ্চিমবঙ্গ–৭৩৪০০৫<br>**৩. মিঃ সন্দীপ কুমার কানু (গুপ্ত)**<br>পিতা– রাধাকিষাণ কানু গুপ্ত<br>নিবাস: মাতুরাম কম্পাউন্ড, ওয়ার্ড নং ৮, শিলিগুড়ি, দার্জিলিং, পশ্চিমবঙ্গ–৭৩৪০০৫<br>**৪. মিঃ নবীন কুমার কানু (গুপ্ত) (পার্টনার)**<br>পিতা– রাধাকিষাণ কানু গুপ্ত<br>নিবাস: মাতুরাম কম্পাউন্ড, ওয়ার্ড নং ৮, শিলিগুড়ি, দার্জিলিং, পশ্চিমবঙ্গ–৭৩৪০০৫<br>**৫. মিঃ পঙ্কজ কুমার কানু (গুপ্ত) (পার্টনার)**<br>পিতা– রাধাকিষাণ কানু গুপ্ত<br>প্রযত্নে– মা শোভা ট্রেডার্স<br>ঠিকানা: এম আর রোড, খালপাড়া, শিলিগুড়ি, পশ্চিমবঙ্গ–৭৩৪০০৫ | **সমান্তরাল জামানত:**<br>**যে জমির ওপর বিল্ডিং নির্মিত তার তফসিল:** সামান্য কমবেশি ০.১১৫ (শূন্য দশমিক এক এক পাঁচ) একর জমির অপরিহার্য সমগ্র পরিমাণ, যা আর এস খতিয়ান নং ৪৩৪৮, প্লট নং ৭৪৯৯–এর অংশভুক্ত, মৌজা শিলিগুড়ি, জে এল নং ১১০ (৮৮), পরগনা বৈকুণ্ঠপুর, পোঃঅঃ এবং থানা শিলিগুড়ি, হোল্ডিং নং ২০৫/৬০০/৪৭৯, শিলিগুড়ি মিউনিসিপ্যাল কর্পোরেশনের ৮ নং ওয়ার্ডের এলাকাধীন, জেলা দার্জিলিং, তৎসহ এর ওপর নির্মিত দোতলা বিল্ডিং। বিল্ডিংয়ের নির্মিত এলাকা প্রায় ৭৫০০ বর্গফুট। ১১.৫ ডেসিমেল জমির মধ্যে, ১.১৪৫৮৩ ডেসিমেল জমি বাণিজ্যিক উদ্দেশ্যে এবং অবশিষ্ট ১০.৩৫৪৭ ডেসিমেল জমি আধা–বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহৃত হয়।<br>সম্পত্তির বর্তমান ব্যবহারের বিবরণ নিম্নরূপ:<br>ফ্লোর – এরিয়া – ব্যবহার<br>গ্রাউন্ড ফ্লোর – ৫০০ বর্গফুট – দোকান<br>গ্রাউন্ড ফ্লোর – ৪০০০ বর্গফুট – অফিস এবং গোডাউন<br>ফার্স্ট ফ্লোর – ২০০০ বর্গফুট – অফিস এবং গোডাউন<br>২ নং ফ্লোর – ১০০০ বর্গফুট – আবাসিক | ক) ১৩.০৪.২০২৬<br>খ) ০৫.১১.২০২৫ | ₹২,৬২,১৪,১৪৫.৩৯, লোন অ্যাকাউন্ট নং 911030040124788–এর প্রেক্ষিতে বকেয়া, ০৯.০৪.২০২৬ অনুযায়ী | ০৮.০৮.২০১৬ তারিখের অনুমোদন পত্র অনুযায়ী, সুবিধাটি নবায়ন করা হয়েছিল এবং ₹২৫০ লক্ষ–এ বৃদ্ধি করা হয়েছিল। সবশেষে, ১৮.০৭.২০২৫ তারিখের অনুমোদন পত্র অনুযায়ী নির্দিষ্ট কিছু শর্তাবলিতে (যা সেখানে আরও স্পষ্টভাবে উল্লেখ করা আছে) সুবিধাটি নবায়ন করা হয়েছিল। |
| | উল্লিখিত জমির চৌহদ্দি ও চতুর্সীমা: উত্তর: ওম প্রকাশ আগরওয়ালের জমি এবং বিল্ডিং, দক্ষিণ: লক্ষ্মী দেবী গোয়াল, ওম প্রকাশ গোয়াল এবং জগদীশ প্রসাদ গোয়ালের জমি এবং নির্মাণ, পূর্ব: শিলিগুড়ি মিউনিসিপ্যাল রাস্তা (আনুমানিক ২০ ফুট চওড়া), পশ্চিম: শিলিগুড়ি মিউনিসিপ্যাল রাস্তা (আনুমানিক ২৪ ফুট চওড়া)। সম্পত্তির স্বত্বধারক: মিঃ দীপক কুমার কানু (গুপ্ত), মিঃ সন্দীপ কুমার কানু (গুপ্ত), মিঃ নবীন কুমার কানু (গুপ্ত), মিঃ পঙ্কজ কুমার কানু (গুপ্ত)। | | | | |
| ১৪. | **১. মেসার্স ইউরেকো কন্ট্রাক্টর প্রাইভেট লিমিটেড**<br>১৫০–২৯৯, ঠান্ডা গরম, রিভার সাইড রোড বার্নপুর, আসানসোল, হোস্টেল মোড় বার্নপুর, পিন: ৭১৩২৫৫<br>**২. মিঃ জিতেন্দু চৌধুরী (ডিরেক্টর/জামিনদার)**<br>পিতা– অলোক চৌধুরী<br>নবপল্লী, রিভার সাইড রোড, বার্নপুর, আসানসোল (মিউনিসিপ্যাল কর্পোরেশন) বর্ধমান, পিন–৭১৩২৫৫<br>**৩. মিসেস সুস্মিতা চৌধুরী (ডিরেক্টর/জামিনদার)**<br>স্বামী– মিঃ জিতেন্দু চৌধুরী<br>নবপল্লী, রিভার সাইড রোড, বার্নপুর, পোঃঅঃ– বার্নপুর, থানা– হীরাপুর, পিন–৭১৩২৫৫<br>**৪. মিঃ তন্ময় চট্টরাজ (ডিরেক্টর/জামিনদার),**<br>পিতা– সমীর চট্টরাজ<br>রিভার ভিউ কলোনি, রিভারসাইড রোড, বার্নপুর এমসিটিআই বয়েজ স্কুলের কাছে, আসানসোল (মিউনিসিপ্যাল কর্পোরেশন) বর্ধমান, পিন–৭১৩২৫৫<br>**৫. মিঃ সুনীল কুমার পাল (ডিরেক্টর/জামিনদার)**<br>পিতা– মিলন কুমার পাল, আমবাগান, হীরাপুর, পোঃঅঃ– বার্নপুর, থানা– হীরাপুর, আসানসোল, বর্ধমান, পিন–৭১৩২৫৫<br>**৬. সুরজিৎ কুম্ভকার (ডিরেক্টর/জামিনদার)**<br>পিতা– গুণধর কুম্ভকার<br>নবঘাটি রোড, রামবাঁধ দক্ষিণ বার্নপুর, বর্ধমান, পিন–৭১৩২৫৫ | **সমান্তরাল জামানত: সম্পত্তি নং ১:** বর্ধমান জেলায়, থানা হীরাপুর, সাব–ডিভিশন এবং এডিএসআর অফিস আসানসোল, মৌজা শ্যামডিহি, জে এল নং ১৬–এর মধ্যে, সামান্য কমবেশি ০.৯২০০ একর (রূপান্তরিত জমি) জমির অপরিহার্য সমগ্র পরিমাণ, যা আর এস এবং এল আর প্লট নং ১৪৯০, খতিয়ান নং ২৮০, এল আর খতিয়ান নং ৮৬৬–এর অংশভুক্ত, তৎসহ এর ওপর নির্মিত বিল্ডিং। সম্পত্তির স্বত্বধারক সুস্মিতা চৌধুরী, দলিল নং ৭৭৮৯, সাল ২০১৬। (রূপান্তর শংসাপত্র কেস নং CN/2017/0221/144)<br>**সম্পত্তি নং ২:** বর্ধমান জেলায়, থানা হীরাপুর, সাব–ডিভিশন এবং এডিএসআর অফিস আসানসোল, মৌজা শ্যামডিহি, জে এল নং ১৬–এর মধ্যে, সামান্য কমবেশি ০.৯১০০ একর (রূপান্তরিত জমি) জমির অপরিহার্য সমগ্র পরিমাণ, যা আর এস এবং এল আর প্লট নং ১৪৯০, খতিয়ান নং ৫৯৯, এল আর খতিয়ান নং ৮৬৩–এর অংশভুক্ত, তৎসহ এর ওপর নির্মিত বিল্ডিং। সম্পত্তির স্বত্বধারক সুনীল কুমার পাল, দলিল নং ৭৫৭৬, সাল ২০১৬। | ক) ২২.০৬.২০২৬<br>খ) ২৭.০৫.২০২৬ | ₹৫৭,৮৯,২২৩.০০, লোন অ্যাকাউন্ট নং 920030063977114–এর প্রেক্ষিতে বকেয়া, ২০.০৫.২০২৬ অনুযায়ী (এর মধ্যে ০৫.০৫.২০২৬ অবধি সুদ অন্তর্ভুক্ত করা আছে) এবং ₹১,৭৮,৭৪,৬৪৫.০০, লোন অ্যাকাউন্ট নং 922060053436387–এর প্রেক্ষিতে বকেয়া, ৩০.০৪.২০২৬ অনুযায়ী (এর মধ্যে ৩০.০৪.২০২৬ অবধি সুদ অন্তর্ভুক্ত করা আছে), সর্বমোট ₹২,৩৬,৬৩,৮৬৮.০০ (দুই কোটি ছত্রিশ লক্ষ তেষান্ন হাজার আটশো আটষট্টি টাকা মাত্র) | ২৪.১০.২০২২ তারিখের অনুমোদন পত্র অনুযায়ী, ₹২,০৯,০০,০০০.০০ (দুই কোটি নয় লক্ষ টাকা মাত্র) অর্থমূল্যের আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে। |
| | (রূপান্তর শংসাপত্র কেস নং CN/2018/2305/31) **সম্পত্তি নং ৩:** বর্ধমান জেলায়, থানা হীরাপুর, সাব–ডিভিশন এবং এডিএসআর অফিস আসানসোল, মৌজা শ্যামডিহি, জে এল নং ১৬–এর মধ্যে, সামান্য কমবেশি ০.৯৪০০ একর (রূপান্তরিত জমি) জমির অপরিহার্য সমগ্র পরিমাণ, যা আর এস এবং এল আর প্লট নং ১৪৯০, খতিয়ান নং ৪৫৪, এল আর খতিয়ান নং ৮৭২–এর অংশভুক্ত, তৎসহ এর ওপর নির্মিত বিল্ডিং। সম্পত্তির স্বত্বধারক তন্ময় চট্টরাজ, দলিল নং ৭৩৪০, সাল ২০১৬। (রূপান্তর শংসাপত্র কেস নং CN/2018/2305/32) **সম্পত্তি নং ৪:** সামান্য কমবেশি ৩ কাঠা ১২ ছটাক জমির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: মৌজা– হীরাপুর, জে এল নং ১৮, আর এস দাগ নং ৩৭১৮, এল আর প্লট নং ৪১৪১, আর এস খতিয়ান নং ১৫৬০, এল আর খতিয়ান নং ৪৩২২, থানা– হীরাপুর, পিন ৭১৩২৫৫, জেলা– পশ্চিম বর্ধমান, ওয়ার্ড নং ৪৫, আসানসোল মিউনিসিপ্যাল কর্পোরেশনের এলাকাধীন, তৎসহ এর ওপর স্থিত কাঠামো। চৌহদ্দি: উত্তর: আর এস প্লট নং ৩৭১৮–এর অবশিষ্ট অংশ; দক্ষিণ: ১০ ফুট চওড়া রাস্তা; পূর্ব: ৮ ফুট চওড়া রাস্তা; পশ্চিম: জিতেন্দু চৌধুরীর জমি। সম্পত্তির স্বত্বধারক জিতেন্দু চৌধুরী, দলিল নং ৯৮০৫, সাল ২০১১। **সম্পত্তি নং ৫:** সামান্য কমবেশি ২ কাঠা ৮ ছটাক জমির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: মৌজা– হীরাপুর, জে এল নং ১৮, আর এস খতিয়ান নং ১০১, এল আর খতিয়ান নং ৫০৪২ এবং ৫০৪৩, আর এস দাগ নং ৩৭১৭, এল আর দাগ নং ৪১৪০, তৎসহ এর ওপর স্থিত কাঠামো। চৌহদ্দি: উত্তর: গুরুপ্রসাদ মাঝি ও অন্যান্যদের সম্পত্তি; দক্ষিণ: ১২ ফুট চওড়া রাস্তা; পূর্ব: আর এস দাগ নং ৩৭১৮; পশ্চিম: আর এস দাগ নং ৩৭১৭–এর অবশিষ্ট জমি। সম্পত্তির স্বত্বধারক জিতেন্দু চৌধুরী, দলিল নং ৩৪৮০, সাল ২০০৯। | | | | |
| ১৫. | **১. মেসার্স আগরপাড়া কুটির শিল্প প্রতিষ্ঠান (অংশীদারি সংস্থা)**<br>সাউথ স্টেশন রোড, পোঃঅঃ– আগরপাড়া, কলকাতা উত্তর ২৪ পরগনা, আগরপাড়া স্টেশন উত্তর ২৪ পরগনা, পিন: ৭০০১০৯<br>**২. মিঃ গৌতম চট্টোপাধ্যায়,** পিতা– প্রয়াত লক্ষ্মী নারায়ণ চট্টোপাধ্যায়<br>**৩. মিঃ শুভজিৎ চট্টোপাধ্যায়,** পিতা– প্রয়াত অনন্ত নারায়ণ চট্টোপাধ্যায়<br>**৪. মিঃ রবিন কুমার চট্টোপাধ্যায়**<br>পিতা– প্রয়াত দুর্গা নারায়ণ চট্টোপাধ্যায়<br>**৫. মিঃ বিদ্যুৎ চট্টোপাধ্যায়**<br>পিতা– প্রয়াত প্রদ্যুৎ কুমার চট্টোপাধ্যায়<br>**৬. মিঃ পিনাকি চট্টোপাধ্যায়**<br>পিতা– প্রয়াত প্রদ্যুৎ কুমার চট্টোপাধ্যায়<br>**৭. মিঃ শিবপ্রসাদ চট্টোপাধ্যায়,** পিতা– প্রয়াত লক্ষ্মী নারায়ণ চট্টোপাধ্যায়<br>নিবাস: ৮৪৮ স্টেশন রোড, আগরপাড়া<br>**৮. মিঃ দেবদীপ চট্টোপাধ্যায়,** পিতা– প্রয়াত অমল কুমার চট্টোপাধ্যায়<br>**৯. মিসেস বীথিকা চট্টোপাধ্যায়**<br>স্বামী– প্রয়াত অমল কুমার চট্টোপাধ্যায়<br>নিবাস: দেবেন্দ্র ধামের দক্ষিণ, আগরপাড়া, সাউথ স্টেশন রোড, উত্তর ২৪ পরগনা, থানা– খড়দহ, কলকাতা–৭০০১০৯ | সমান্তরাল জামানত: সামান্য কমবেশি ১৩৩.৭৫ শতক জমির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: মৌজা– বাসুদেবপুর, জে এল নং ২, রে. সা. নং ১৩, তৌজি নং ৬৩, সি এস খতিয়ান নং ৮০, ২৯৮, যার সঙ্গে সংশ্লিষ্ট আর এস খতিয়ান নং ৬১৪ ও ৬১৮, দাগ নং ৩৩, ৩২, থানা– বরানগর, জেলা– উত্তর ২৪ পরগনা, কামারহাটি পুরসভার সীমার মধ্যে, হোল্ডিং নং ৮৪৮ স্টেশন রোড, আগরপাড়া, তৎসহ উক্ত জমির ওপর নির্মিত বিল্ডিং। চৌহদ্দি: উত্তর: সাউথ স্টেশন রোড; পূর্ব: ফ্যাক্টরি শেড এবং অন্যান্য পক্ষ; পশ্চিম: সংকীর্ণ রাস্তা এবং আবাসিক এলাকা; দক্ষিণ: খালি জমি। | ক) ১৮.০৬.২০২৬<br>খ) ০১.০৫.২০২৬ | ₹১,৩৫,৩০,৪৮৭.৭২, লোন অ্যাকাউন্ট নং 922060052105578–এর প্রেক্ষিতে বকেয়া, ৩০.০৪.২০২৬ অনুযায়ী (এর মধ্যে ৩০.০৪.২০২৬ অবধি সুদ অন্তর্ভুক্ত করা আছে) এবং ₹৩৪,৮১,৬০০.08, লোন অ্যাকাউন্ট নং 922030040522519–এর প্রেক্ষিতে বকেয়া, ২৯.০৪.২০২৬ অনুযায়ী (এর মধ্যে ০৫.০৪.২০২৬ অবধি সুদ অন্তর্ভুক্ত করা আছে) | ১২.০৬.২০২২ তারিখের অনুমোদন পত্র অনুযায়ী, ₹২,১৮,০০,০০০.০০ (দুই কোটি আঠারো লক্ষ টাকা মাত্র) অর্থমূল্যের আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে। |
| ১৬. | **১. রাধা কিষাণ ট্রেডার্স (প্রোপ্রাইটরশিপ ফার্ম)**<br>প্রেমিসেস নং H/44/205/600/479, এম আর রোড, ওয়ার্ড নং ৮, খালপাড়া, শিলিগুড়ি, পশ্চিমবঙ্গ–৭৩৪০০৫<br>**২. মিঃ শুভম গুপ্ত (প্রোপ্রাইটর)**<br>প্রেমিসেস নং H/44/205/600/479, এম আর রোড, ওয়ার্ড নং ৮, খালপাড়া, শিলিগুড়ি, পশ্চিমবঙ্গ–৭৩৪০০৫<br>**৩. মিঃ দীপক কুমার কানু (গুপ্ত)**<br>পিতা– রাধাকিষাণ কানু গুপ্ত<br>নিবাস: ৩১(৩), এম আর রোড, শিলিগুড়ি বাজার, দার্জিলিং, পশ্চিমবঙ্গ–৭৩৪০০৫<br>**৪. মিঃ সন্দীপ কুমার কানু (গুপ্ত)**<br>পিতা– রাধাকিষাণ কানু গুপ্ত, নিবাস: মাতুরাম কম্পাউন্ড, ওয়ার্ড নং ৮, শিলিগুড়ি, দার্জিলিং, পশ্চিমবঙ্গ–৭৩৪০০৫<br>**৫. মিঃ নবীন কুমার কানু (গুপ্ত)**<br>পিতা– রাধাকিষাণ কানু গুপ্ত<br>নিবাস: মাতুরাম কম্পাউন্ড, ওয়ার্ড নং ৮, শিলিগুড়ি, দার্জিলিং, পশ্চিমবঙ্গ–৭৩৪০০৫<br>**৬. মিঃ পঙ্কজ কুমার কানু (গুপ্ত)**<br>পিতা– রাধাকিষাণ কানু গুপ্ত, প্রযত্নে– মা শোভা ট্রেডার্স<br>ঠিকানা: এম আর রোড, খালপাড়া, শিলিগুড়ি, পশ্চিমবঙ্গ–৭৩৪০০৫ | **সমান্তরাল জামানত: (সমবন্ধকের সম্প্রসারণ)**<br>**যে জমির ওপর বিল্ডিং নির্মিত তার তফসিল:** সামান্য কমবেশি ০.১১৫ (শূন্য দশমিক এক এক পাঁচ) একর জমির অপরিহার্য সমগ্র পরিমাণ, যা আর এস খতিয়ান নং ৪৩৪৮, প্লট নং ৭৪৯৯–এর অংশভুক্ত, মৌজা শিলিগুড়ি, জে এল নং ১১০ (৮৮), পরগনা বৈকুণ্ঠপুর, পোঃঅঃ এবং থানা শিলিগুড়ি, হোল্ডিং নং ২০৫/৬০০/৪৭৯, শিলিগুড়ি মিউনিসিপ্যাল কর্পোরেশনের ৮ নং ওয়ার্ডের এলাকাধীন, জেলা দার্জিলিং, তৎসহ এর ওপর নির্মিত দোতলা বিল্ডিং। বিল্ডিংয়ের নির্মিত এলাকা প্রায় ৭৫০০ বর্গফুট। ১১.৫ ডেসিমেল জমির মধ্যে, ১.১৪৫৮৩ ডেসিমেল জমি বাণিজ্যিক উদ্দেশ্যে এবং অবশিষ্ট ১০.৩৫৪৭ ডেসিমেল জমি আধা–বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহৃত হয়।<br>সম্পত্তির বর্তমান ব্যবহারের বিবরণ নিম্নরূপ:<br>ফ্লোর – এরিয়া – ব্যবহার<br>গ্রাউন্ড ফ্লোর – ৫০০ বর্গফুট – দোকান<br>গ্রাউন্ড ফ্লোর – ৪০০০ বর্গফুট – অফিস এবং গোডাউন<br>ফার্স্ট ফ্লোর – ২০০০ বর্গফুট – অফিস এবং গোডাউন<br>২ নং ফ্লোর – ১০০০ বর্গফুট – আবাসিক | ক) ১৩.০৪.২০২৬<br>খ) ০৫.১১.২০২৫ | ₹৫২,৩৮,৫০৮.৮৯, লোন অ্যাকাউন্ট নং 919030007114470–এর প্রেক্ষিতে বকেয়া, ০৯.০৪.২০২৬ অনুযায়ী | ১৮.০১.২০১৯ তারিখের অনুমোদন পত্র অনুযায়ী ৫০ লক্ষ টাকা পর্যন্ত সুবিধা মঞ্জুর করা হয়েছিল। এরপর সময়মতো সুবিধাটি নবায়ন করা হয় এবং সবশেষে ১৪.০৭.২০২৫ তারিখের অনুমোদন পত্র অনুযায়ী নির্দিষ্ট কিছু শর্তাবলিতে (যা সেখানে আরও স্পষ্টভাবে উল্লেখ করা আছে) সুবিধাটি নবায়ন করা হয়। |
| | উল্লিখিত জমির চৌহদ্দি ও চতুর্সীমা: উত্তর: ওম প্রকাশ আগরওয়ালের জমি এবং বিল্ডিং, দক্ষিণ: লক্ষ্মী দেবী গোয়াল, ওম প্রকাশ গোয়াল এবং জগদীশ প্রসাদ গোয়ালের জমি এবং নির্মাণ, পূর্ব: শিলিগুড়ি মিউনিসিপ্যাল রাস্তা (আনুমানিক ২০ ফুট চওড়া), পশ্চিম: শিলিগুড়ি মিউনিসিপ্যাল রাস্তা (আনুমানিক ২৪ ফুট চওড়া)।<br>সম্পত্তিটি শ্রী দীপক কুমার কানু (গুপ্ত), শ্রী সন্দীপ কুমার কানু (গুপ্ত), শ্রী নবীন কুমার কানু (গুপ্ত), শ্রী পঙ্কজ কুমার কানু (গুপ্ত)-র নামে রয়েছে। | | | | |
| ১৭. | **১. মিঃ গোলাম রসুল লস্কর**<br>পিতা– লতিফ লস্কর<br>ঘোষ মিশন পাড়া, ভিটিসি: রাধাবল্লভপুর, পোঃঅঃ– বাসন্তী দক্ষিণ ২৪ পরগনা, পিন–৭৪৩৩১২<br>**২. মিঃ সাগির উদ্দিন লস্কর,** পিতা– গোলাম রসুল লস্কর দক্ষিণ কালিডাঙ্গা, কালিডাঙ্গা বাসন্তী, দক্ষিণ ২৪ পরগনা, পিন–৭৪৩৩১২<br>**৩. মিসেস সালমা সর্দার লস্কর**<br>প্রযত্নে– সাগির উদ্দিন লস্কর, ভিটিসি: রাধাবল্লভপুর, পোঃঅঃ– বাসন্তী বাসন্তী, পিন–৭৪৩৩১২ | **সমান্তরাল জামানত:** সামান্য কমবেশি ১৮ ডেসিমেল জমির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: মৌজা– রাধাবল্লভপুর, জে এল নং ১৬৫, দাগ নং ৩৩২, খতিয়ান নং ১১০৬, নতুন খতিয়ান নং ১৫৫৮, থানা– বাসন্তী এবং এডিএসআর অফিস– বাসন্তী, জেলা– দক্ষিণ ২৪ পরগনা, তৎসহ উক্ত জমির ওপর নির্মিত বিল্ডিং। চৌহদ্দি: উত্তর: দুধকুমার মোল্লা ও ড্রেন; দক্ষিণ: ইট বাঁধানো রাস্তা; পূর্ব: দুধকুমার মোল্লার রাস্তা ও মিঠু দাসের জমি; পশ্চিম: আবদুল রহিম মোল্লার সম্পত্তি। সম্পত্তির স্বত্বধারক সাগির উদ্দিন লস্কর। | ক) ১০.০৩.২০২৬<br>খ) ০৬.১০.২০২৫ | ₹৭৩,৭৮,৪৩৬.৮১, লোন অ্যাকাউন্ট নং 923030047252355–এর প্রেক্ষিতে বকেয়া, ১০.০৩.২০২৬ অনুযায়ী এবং ₹২৪,৭১৩.৭৫, লোন অ্যাকাউন্ট নং 923030047252355–এর প্রেক্ষিতে বকেয়া, ১০.০৩.২০২৬ অনুযায়ী | ৩০.০৪.২০২৫ তারিখের অনুমোদন পত্র অনুযায়ী, নির্দিষ্ট কিছু শর্তাবলিতে (যা সেখানে আরও স্পষ্টভাবে উল্লেখ করা আছে) ওভারড্রাফ্ট এবং প্রোডাকশন ক্রেডিট সুবিধার আকারে ₹৭৪,৮০,০০০.০০ অর্থমূল্যের আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে। |

বিজ্ঞপ্তি পরিষেবার বিকল্প উপায় হিসেবে এই পদক্ষেপগুলি গ্রহণ করা হচ্ছে। ওপরিলিখিত ঋণগ্রহীতাগণ এবং/বা জামিনদারগণের (প্রযোজ্যমতো) প্রতি এই পরামর্শ দেওয়া হচ্ছে যাতে তাঁরা এই বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে ৬০ দিনের মধ্যে ভবিষ্যতের সুদ ও প্রযোজ্য চার্জ সমেত অনাদায়ী বকেয়া বাবদ অর্থাঙ্ক পরিশোধ করেন যার অন্যথা হলে সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর সংস্থানাধীনে পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা হবে।

অনুগ্রহপূর্বক খেয়াল রাখবেন, উক্ত অ্যাক্টের ১৩(১৩) নং ধারাধীনে এই বিজ্ঞপ্তি প্রাপ্তির পরে কোনও ঋণগ্রহীতা উক্ত অ্যাক্টের (২) নং উপধারাধীনে এই বিজ্ঞপ্তিতে বর্ণিত সুরক্ষিত সম্পত্তিগুলি সুরক্ষিত ঋণদাতার আগাম অনুমতি ছাড়া বিক্রি, ইজারা বা অন্য কোনও উপায়ে হস্তান্তর করতে পারবেন না।

সারফায়েসি অ্যাক্ট, ২০০২–এর ১৩ নং ধারার (৮) নং উপধারাধীনে সুরক্ষিত পরিসম্পদ ছাড়ানোর ব্যবস্থা গ্রহণের জন্য ঋণগ্রহীতার প্রতি উপলব্ধ সময়সীমা সম্পর্কিত সংস্থানের প্রতি ঋণগ্রহীতার মনোযোগ আকর্ষণ করা হচ্ছে।

সারফায়েসি অ্যাক্ট, ২০০২–এর ১৩ নং ধারার (৮) নং উপধারা–

''যাবতীয় মাশুল, চার্জ ও সুরক্ষিত ঋণদাতার তরফে কৃত খরচাপাতি সমেত সুরক্ষিত ঋণদাতার যাবতীয় পাওনা অর্থাঙ্ক প্রকাশ্য নিলাম বা দরপত্র আমন্ত্রণ বা জনসাধারণের থেকে দরপ্রস্তাব আমন্ত্রণ অথবা সুরক্ষিত পরিসম্পদ ইজারা, ভারার্পণ বা বিক্রির জন্য ব্যক্তিগত চুক্তির বিজ্ঞপ্তি প্রকাশের আগে যে কোনও সময়ে ঋণগ্রহীতা যদি সুরক্ষিত ঋণদাতাকে মিটিয়ে দিতে পারেন, সেক্ষেত্রে— (১) সুরক্ষিত ঋণদাতা দ্বারা উক্ত সুরক্ষিত পরিসম্পদগুলি ইজারা, ভারার্পণ বা বিক্রির মাধ্যমে হস্তান্তর করা হবে না; এবং (২) এই উপধারার অধীনে ওপরোক্ত অর্থাঙ্ক আদায় দেওয়ার আগে যদি সুরক্ষিত ঋণদাতার তরফে ইজারা, ভারার্পণ বা বিক্রির মাধ্যমে হস্তান্তরের জন্য কোনও পদক্ষেপ নেওয়া হয়ে থাকে, তাহলে উক্ত সুরক্ষিত পরিসম্পদ ইজারা বা ভারার্পণ বা বিক্রির মাধ্যমে হস্তান্তরের জন্য পরবর্তী কোনও পদক্ষেপ গ্রহণ করা হবে না।''

**তারিখ: ৩১.০৭.২০২৬**
**স্থান: পশ্চিমবঙ্গ**

**অনুমোদিত আধিকারিক**
**অ্যাক্সিস ব্যাঙ্ক লিমিটেড**

# খেলা

আজকাল কলকাতা শুক্রবার ৩১ জুলাই ২০২৬

**কমনওয়েলথ টিটিতে ভারতের দ্বিমুকুট**

দিল্লিতে কমনওয়েলথ টেবিল টেনিস চ্যাম্পিয়নশিপে পুরুষ ও মহিলাদের দলগত বিভাগে সোনা জিতল ভারত। বৃহস্পতিবার উভয় ফাইনালেই ভারতের পুরুষ ও মহিলা দল হারায় মালয়েশিয়াকে যথাক্রমে ৩–২ ও ৩–০ ব্যবধানে।

# একাধিক বদলে প্রথম জয়ের খোঁজ

আজকালের প্রতিবেদন

ডুরান্ড কাপে শুরুটা একদম ভাল হয়নি। চিরপ্রতিদ্বন্দ্বী মোহনবাগানের কাছে হারতে হয়েছে মরশুমের প্রথম কলকাতা ডার্বি। দ্বিতীয় ম্যাচে শুক্রবার কিশোরভারতী ক্রীড়াঙ্গনের মাঠে নামছে ইস্টবেঙ্গল। প্রতিপক্ষ সিআইএসএফ প্রোটেক্টর্স। এই দল দিল্লি প্রিমিয়ার লিগে খেলে। ২০২৪–২৫ সালে সেই প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হয়েছে তারা। শেষ দু’বছরের অল ইন্ডিয়া পুলিশ গেমসেরও চ্যাম্পিয়ন। প্রায় অজানা প্রতিপক্ষের বিরুদ্ধে প্রথম জয়ের খোঁজে নামছে ইস্টবেঙ্গল। ডুরান্ডে। সিনিয়র দলের জন্য মরশুমেরও।

প্রথম ম্যাচে হারের পর খুব স্বাভাবিক ভাবেই কঠিন হয়ে গেছে ডুরান্ড কাপের পরের রাউন্ডে যাওয়ার অঙ্ক। তাই এই ম্যাচ ইস্টবেঙ্গলের জন্য ভীষণ গুরুত্বপূর্ণ। আবার এএফসি ম্যাচের আগে গোটা দলকে ম্যাচ টাইমও দিতে চাইছেন কোচ আন্তোনিও লোপেজ হাবাস। তাই সম্ভবত ডার্বির দলে ছ’টি পরিবর্তন করতে চলেছেন শুক্রবার। তিন কাঠির মধ্যে প্রভসুখনের জায়গায় খেলবেন লাচেনপা। রক্ষণে লালচুংনুঙ্গা, আনোয়ার, সন্দীপ মান্ডিদের সঙ্গে অভিষেক হচ্ছে নরেন্দ্র গেহলটের। মাঝমাঠে রশিদ, জিকসনের সঙ্গে শুরু থেকে ড্যানি র‍্যামিরেজ। দুই উইংয়ে বিষ্ণু এবং এডমান্ড। আক্রমণে জেসিন।



অনুশীলনের ফাঁকে রশিদের সঙ্গে আলোচনায় নাচো। ছবি: ইস্টবেঙ্গল

শুরু থেকেই অজানা প্রতিপক্ষের বিরুদ্ধে আক্রমণে ঝড় তুলতে চাইছে ইস্টবেঙ্গল। বিশেষত এই ম্যাচে বড় ভূমিকা নিতে চলেছেন কেরলের দুই ফুটবলার জেসিন এবং বিষ্ণু। জেসিন প্রতিবার কলকাতা লিগে গোলের বন্যা বইয়ে দিলেও, অজ্ঞাত কারণে তাঁকে সুযোগ দিতেন না সিনিয়র দলের কোচেরা। হাবাস হাঁটতে চলেছেন সম্পূর্ণ উল্টো পথে। ব্যক্তিগত মহলে তিনি বার বার বলেছেন, জেসিন বেশ নজর কেড়েছে। তাই আশা করা যায়, কেরলের এই স্ট্রাইকার এবার পর্যাপ্ত সুযোগ পাবেন। ডার্বিতে অল্প সময়ের জন্য মাঠে নেমেই পায়ের ঝলক দেখিয়েছিলেন ড্যানি র‍্যামিরেজ। তাঁকে নিয়েও এবার বেশ আশাবাদী ইস্টবেঙ্গল শিবির। শুক্রবার দলের খেলা তৈরির মূল দায়িত্ব সামলাবেন তিনি। হাবাস চাইছেন ডার্বি হারের হতাশা থেকে দ্রুত বেরিয়ে এসে আত্মবিশ্বাসী ফুটবল উপহার দিক লাল–হলুদ বাহিনী।

অন্যদিকে, ইস্টবেঙ্গলের ষষ্ঠ বিদেশির আলোচনায় শেষ মুহূর্তে হঠাৎ করেই ঢুকে পড়েছেন জেসন কামিংস। তাঁর নাম নিয়ে ভাবছে ম্যানেজমেন্ট।

**আজ**

**ডুরান্ড কাপে**

**ইস্টবেঙ্গল : সিআইএসএফ**

(কিশোরভারতী। সন্ধে ৭–৩০)

সোনি স্পোর্টস

## সভাপতি হুমায়ুনের দেওয়া ৩টি চেকই বাউন্স!

# লিগে সহজ জয় মহমেডানের

**২ মহমেডান স্পোর্টিং** — লালরেমসাঙ্গা, ফারদিন

**০ সুরুচি সঙ্ঘ**

সায়ন গুপ্ত

ক্লাবের কার্যনির্বাহী কমিটি পাল্টেছে। ফিফার রেজিস্ট্রেশন ব্যানও উঠতে চলেছে। তবু মহমেডান স্পোর্টিং ক্লাবের অন্দর থেকে অস্বস্তির বাতাবরণ কিছুতেই কাটছে না। গত ৬ জুন ক্লাবের সভাপতি হিসেবে দায়িত্ব নেন বিধায়ক হুমায়ুন কবির। কথা দিয়েছিলেন, ক্লাবের প্রায় ১৪ কোটি টাকার দেনা মিটিয়ে দেবেন। তারপর দু’মাস হতে চলল। অভিযোগ, দেনা মেটানোর কোনও অর্থ এখনও পর্যন্ত তিনি দেননি। সূত্রের খবর, এই সময়কালে ৫০ লক্ষ টাকার তিনটি চেক ক্লাবকে দিয়েছিলেন হুমায়ুন। সবকটিই বাউন্স করেছে।

বিষয়টি সামনে আসতেই ক্ষুব্ধ সমর্থকরা বৃহস্পতিবার ক্লাবে কলকাতা লিগের ম্যাচের পর ক্লাবের সহ–সভাপতি শেখ মাসুম আখতারকে ঘেরাও করেন, যিনি আবার হুমায়ুন–ঘনিষ্ঠ। সমর্থকদের চাপে ১০ আগস্ট পর্যন্ত সময় চেয়ে নিয়েছেন হুমায়ুন। শোনা যাচ্ছে, তখনও টাকা দিতে না পারলে হুমায়ুনকে সরিয়ে দেওয়া হতে পারে। সেই পরিস্থিতি এলে নতুন সভাপতি কে হবেন, সেই নিয়েও ক্লাবের অন্দরে আলোচনা চলছে। ফলে, ব্যান উঠলেও ইন্ডিয়ান ফুটবল লিগের আগে দলগঠন নিয়ে চিন্তা থেকেই যাচ্ছে।

এদিকে, বৃহস্পতিবার কলকাতা লিগের ম্যাচে সুরুচি সঙ্ঘকে ২–০ ব্যবধানে হারাল মহমেডান। গোলগুলি করেন লালরেমসাঙ্গা এবং ফারদিন আলি মোল্লা।



গোলদাতা ফারদিনের সঙ্গে ইসরাফিল।

## খেলার খুচরো

**» দায়িত্বে ফ্লেমিং**

আইপিএলে চেন্নাই সুপার কিংসের কোচিং ছেড়ে ইংল্যান্ড টেস্ট দলের কোচ হলেন স্টিফেন ফ্লেমিং। ব্রেন্ডন ম্যাকালামের জায়গায়। যদিও সাদা বলের ক্রিকেটে ম্যাকালামই দায়িত্বে থাকছেন। এছাড়া, ইংল্যান্ড টেস্ট দলের অধিনায়ক পদে ফিরিয়ে আনা হল জো রুটকে।

**» জার্সির রং**

আগামী মাসে হকি বিশ্বকাপে ভারতীয় হকি দলের জার্সির রং বদলে নীলের পরিবর্তে গেরুয়া করা হয়েছে। যে ঘটনার পর সমালোচনায় সরব হয়েছেন প্রাক্তন তারকারা। ধনরাজ পিল্লাই, পারগত সিংদের মতো প্রাক্তন অধিনায়করা বলেছেন, নীল জার্সিই ভারতের পরিচিতি।

**» রাজ্য ব্যাডমিন্টনে**

জলপাইগুড়িতে অনূর্ধ্ব ১৩ ও ১৫ রাজ্য সাব জুনিয়র ব্যাডমিন্টনের বিভিন্ন বিভাগে চ্যাম্পিয়ন ঈশান পাল, অর্চিস ভট্টাচার্য, শরণ্যা গুপ্ত, বিতমা পাল। ডাবলসে সেরারা আতিফ হক–ঈশান পাল, আরুশ মণ্ডল–অর্চিস ভট্টাচার্য, স্বয়ংসিদ্ধা ঘোষ–শরণ্যা গুপ্ত, প্রিয়াংশী ব্যানার্জি–শারণ ছেত্রি, সায়ন ঘোষ–চেসেদ ফিপন।


**এনকোর অ্যাসেট রিকনস্ট্রাকশন কোম্পানি প্রাইভেট লিমিটেড**

৫ নং ফ্লোর, প্লট নং ১৩৭, সেক্টর- ৪৪ | গুরগাঁও- ১২২০০২ ফোন: ০১২৪-৪৫২৭২০০

**পরিশিষ্ট IV (রুল ৮ (১) দ্রষ্টব্য) দখল বিজ্ঞপ্তি**

| ক্রম নং | জামানতের বিবরণ | স্বত্বধারক/বন্ধকদাতার নাম |
|---|---|---|
| ১. | পোঃ হাওড়া, থানা ব্যাঁটরা, হাওড়া-৭১১১০১-এর অধীনে প্রেমিসেস নং ২৩, হৃদয় কৃষ্ণ ব্যানার্জি লেনে অবস্থিত দোতলার উত্তর-পশ্চিম দিকের এফ৪ নং ফ্ল্যাট, যার সুপার বিল্ট আপ পরিমাপ ৫১০ বর্গফুট। | শ্রী দ্বারিক নাথ সাউ। |

মিঃ সৌমিত্র আচার্য (অনুমোদিত আধিকারিক)
তারিখ: ২৪.০৭.২০২৬ — এনকোর অ্যাসেট রিকনস্ট্রাকশন কোম্পানি প্রাইভেট লিমিটেড
স্থান: কলকাতা — (EARC-EOT-001-TRUST-এর ট্রাস্টি হিসেবে নিজ ক্ষমতায় কর্মরত)

**এনকোর অ্যাসেট রিকনস্ট্রাকশন কোম্পানি প্রাইভেট লিমিটেড**

**পরিশিষ্ট IV (রুল ৮ (১) দ্রষ্টব্য) দখল বিজ্ঞপ্তি**

| ক্রম নং | জামানতের বিবরণ |
|---|---|
| ১. | হাওড়া জেলার হাওড়া থানার অধীনে হাওড়া পৌরসভার ২৮ ওয়ার্ডের অধীনে বর্তমানে পৌর প্রেমিসেস নং ১৫, রাজ বল্লভ সাহা ২য় বাই লেন হিসাবে পরিচিত ও চিহ্নিত প্রায় ৩ কাঠা, ১০ ছটাক এবং ১৭ বর্গফুট পরিমাপের প্লট বা জমির উপর নির্মিত "শিবালয় অ্যাপার্টমেন্ট" নামীয় ভবনের ৪র্থ তলে (উত্তর-পূর্ব দিকে) অবস্থিত ৩০৩ নং ফ্ল্যাট, যার সুপার বিল্ট আপ পরিমাপ প্রায় ৬০৭ বর্গফুট। সম্পত্তির চৌহদ্দি: উত্তর– খোলা আকাশ; দক্ষিণ– ৩০২ নং ফ্ল্যাট; পূর্ব– খোলা আকাশ; পশ্চিম– সিঁড়ি। |

**এসবিআই** — এসবিআই ক্ষেত্রীয় ব্যবসায়িক কার্যালয়, ক্ষেত্র-III, হাওড়া খড়্গপুর, ফার্স্ট ফ্লোর, টাওয়ার-১, আটওয়াল রিয়েল এস্টেট, ইন্দা, খড়্গপুর- ৭২১৩০৫ — প্রেমিসেস আবশ্যক

**নারায়ণগড় শাখার জন্য উপযুক্ত প্রেমিসেসের প্রয়োজনীয়তা**

স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া প্রস্তুত প্রেমিসেসের বাড়িওয়ালা/ মালিকদের কাছ থেকে দীর্ঘমেয়াদী লিজে বাণিজ্যিক অফিস স্পেস অধিগ্রহণের জন্য সিলমোহরযুক্ত প্রস্তাব আহ্বান করছে। নির্দিষ্ট ব্যবহারযোগ্য আচ্ছাদিত/ ফ্লোর এরিয়া সহ নিচে উল্লেখিত শাখা অবস্থানগুলির কাছাকাছি কৌশলগতভাবে প্রেমিসেস অবস্থিত হতে হবে। ...

**এনকোর অ্যাসেট রিকনস্ট্রাকশন কোম্পানি প্রাইভেট লিমিটেড**

৬ষ্ঠ তল, প্লট নং ১৩৭, সেক্টর- ৪৪ | গুরগাঁও- ১২২০০২ ফোন: ০১২৪-৪৫২৭২০০

**পরিশিষ্ট IV (রুল ৮ (১) দ্রষ্টব্য) দখল বিজ্ঞপ্তি**

| ক্রম নং | জামানতের বিবরণ | স্বত্বধারক/বন্ধকদাতার নাম |
|---|---|---|
| ১ | পশ্চিমবঙ্গ ৭১২২৩২, হুগলি জেলার উত্তরপাড়া থানার অধীনে পোঃ হিন্দমোটর, ৪৯/১, বি.বি.ডি রোড, উত্তরপাড়া কোতরং পৌরসভা, মৌজা– কোতরং-এ খতিয়ান নং ১৪৬৪-এর অধীনে দাগ নং ১৩৭৯-এর অংশবিশেষে প্রায় ৪ কাঠা ১২ ছটাক এবং ৮ বর্গফুট পরিমাপের সমগ্র প্লট বা জমি। | শ্রী অস্টম দাস |

শ্রী সৌমিত্র আচার্য (অনুমোদিত আধিকারিক)
তারিখ: ২৪.০৭.২০২৬ — এনকোর অ্যাসেট রিকনস্ট্রাকশন কোম্পানি প্রাইভেট লিমিটেড
স্থান: হুগলি — (ইএআরসি-ইওটি-০০১-ট্রাস্ট-এর ট্রাস্টি হিসেবে নিজ ক্ষমতায় কর্মরত)

**অ্যাক্সিস ব্যাঙ্ক লিমিটেড**

এ.সি. মার্কেট বিল্ডিং, ৩ নং ফ্লোর, ১ শেক্সপিয়র সরণি কলকাতা- ৭০০০৭১; টেলিফোন (মো)– +৯১ ৯৮৩০৫৩৮৪০৯

**দখল বিজ্ঞপ্তি (স্থাবর সম্পত্তির জন্য)**

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর পরিশিষ্ট IV [রুল ৮(১) সহ–পঠনীয়]

যেহেতু, অ্যাক্সিস ব্যাঙ্ক লিমিটেড–এর অনুমোদিত আধিকারিক রূপে নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৩–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ...

**সুরক্ষিত পরিসম্পদের বিবরণ**

সামান্য কমবেশি ০.০৮৮ একর জমির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: মৌজা– তালবোনা, জে এল নং ১০০, এল আর খতিয়ান নং ৮১৭, এল আর প্লট নং ৭৯৯, ৮০৬, ৮০৮, ৮০৯, ৮১০, ৮১১, থানা– বুরোয়ান, জেলা– মুর্শিদাবাদ, তৎসহ এই জমিতে স্থিত বর্তমান ও ভবিষ্যতের যাবতীয় বাড়ি ও কাঠামো, ফিক্সচার, ফিটিংস এবং মাটির সাথে যুক্ত বা মাটির সাথে যুক্ত কোনো কিছুর সাথে স্থায়ীভাবে আবদ্ধ সমস্ত প্লান্ট ও মেশিনারি।

তারিখ: ৩১.০৭.২০২৬ — অনুমোদিত আধিকারিক
স্থান: পশ্চিমবঙ্গ — অ্যাক্সিস ব্যাঙ্ক লিমিটেড

**TATA**

**টাটা ক্যাপিটাল হাউজিং ফিনান্স লিমিটেড**

রেজিস্টার্ড ঠিকানা: ফ্লোর নং ১১, টাওয়ার ‘এ’, পেনিনসুলা বিজনেস পার্ক, গণপতরাও কদম মার্গ, লোয়ার পরেল, মুম্বই– ৪০০০১৩
শাখার ঠিকানা: টাটা ক্যাপিটাল হাউজিং ফিনান্স লিমিটেড, অবনী সিগনেচার, ৯১/এ/১, পার্ক স্ট্রিট, ব্লক নং ৩০২, ফ্লোর নং ৩, কলকাতা– ৭০০০১৬

**স্থাবর সম্পত্তি বিক্রির জন্য বিক্রয় বিজ্ঞপ্তি**

**[সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৯(১)–সহ পঠনীয় রুল ৮(৬) অধীনে]**

**সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৮(৬) ও রুল ৯(১)–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর অধীনে স্থাবর পরিসম্পদ বিক্রির জন্য ১৫ দিনের ই–নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।**

এতদ্দ্বারা জনসাধারণ এবং বিশেষত নিম্নোক্ত ঋণগ্রহীতা এবং/সহ–ঋণগ্রহীতা বা তাঁদের আইনি উত্তরাধিকারীগণ/ প্রতিনিধিগণ (‘ঋণগ্রহীতাগণ’)–এর জ্ঞাতার্থে এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, **টাটা ক্যাপিটাল হাউজিং ফিনান্স লিমিটেড (টিসিএইচএফএল)**–এর কাছে বন্ধক রাখা নিম্নবর্ণিত স্থাবর সম্পত্তি, যা টিসিএইচএফএল–এর অনুমোদিত আধিকারিক দখল নিয়েছেন, তা নিম্নোক্ত ঋণগ্রহীতা ও সহ–ঋণগ্রহীতাগণের থেকে নীচে লেখা অনাদায়ী বকেয়া পুনরুদ্ধারের জন্য **‘যেখানে যেমন আছে’, ‘যেভাবে আছে’ এবং ‘যা কিছু আছে’** ভিত্তিতে **১৮.০৮.২০২৬** তারিখে বিক্রি করা হবে। সম্পত্তিগুলির সংরক্ষণ মূল্য এবং বায়না জমা (ইএমডি) এখানে নীচে উল্লেখ করা হয়েছে। এতদ্দ্বারা এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, এই বিক্রি স্থগিত রাখা/ বন্ধ করা না–হলে নিম্নবর্ণিত সম্পত্তি **১৮.০৮.২০২৬ তারিখে দুপুর ২টোয় ই–নিলামের মাধ্যমে বিক্রি করা হবে।** ই–নিলামে অংশগ্রহণের জন্য নির্ধারিত ইএমডি অর্থাঙ্ক বাবদ ডিমান্ড ড্রাফ্‌ট সমেত দরপ্রস্তাব খামে ভরে মুখবন্ধ অবস্থায় সর্বশেষ **১৭.০৮.২০২৬ বিকেল ৫টার মধ্যে টিসিএইচএফএল–এর অনুমোদিত আধিকারিকের কাছে শাখার এই ঠিকানায় জমা দিতে হবে: টাটা ক্যাপিটাল হাউজিং ফিনান্স লিমিটেড, অবনী সিগনেচার, ৯১/এ/১, পার্ক স্ট্রিট, ব্লক নং ৩০২, ফ্লোর নং ৩, কলকাতা– ৭০০০১৬।**

সুরক্ষিত পরিসম্পদ/স্থাবর সম্পত্তির বিক্রি ‘যেখানে যেমন আছে’, ‘যেভাবে আছে’ এবং ‘যা কিছু আছে’ ভিত্তিতে আয়োজিত হবে যেগুলির তথ্য এখানে নীচে সংক্ষেপে উল্লেখ করা হয়েছে:

| ক্রম নং | লোন অ্যাকাউন্ট নম্বর | ঋণগ্রহীতা(গণ)/ সহ–ঋণগ্রহীতা(গণ)/ আইনি উত্তরাধিকারী(গণ)/ আইনি প্রতিনিধি(গণ)/ জামিনদার(গণ)–এর নাম | দাবি বিজ্ঞপ্তি অনুযায়ী বকেয়া অর্থাঙ্ক | সংরক্ষণ মূল্য | নির্ধারিত তারিখের ভিত্তিতে বকেয়া অর্থাঙ্ক |
|---|---|---|---|---|---|
| ০১ | 9163568 | মেসার্স ব্যানার ইন্ডিয়া লিমিটেড<br>মিঃ কমল দামানি<br>মিঃ নন্দকিশোর বাঙ্গুর | ₹১,৩০,৫২,০৬৮/–<br>এবং<br>১৭.০৭.২০১৯ | ₹১,৫০,০০,০০০/–<br>বায়না জমা (ইএমডি): ₹১৫,০০,০০০/–<br>দখলের ধরন: বাস্তবিক | ₹৪,৯৯,৬২,১৫৬/–<br>এবং<br>১৮.০৭.২০২৬ |

**স্থাবর সম্পত্তির বর্ণনা:** নিম্নোক্ত বিল্ডিংয়ের গ্রাউন্ড ফ্লোরে দুটি কার পার্কিং স্পেস–সহ বিল্ডিংয়ের ৪ নং ফ্লোরে সামান্য কমবেশি ২২৯৪ বর্গফুট সুপার বিল্ট আপ এরিয়াযুক্ত স্পেসের চিহ্নিত অংশের ইজারাধারণ অধিকারের অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: মিউনিসিপ্যাল প্রেমিসেস নং ১৪, নেতাজি সুভাষ রোড, কলকাতা– ৭০০০০১, পুর ওয়ার্ড নং ৪৫, থানা– হেয়ার স্ট্রিট, কলকাতা পুরনিগমের এলাকাধীন, তৎসহ বিল্ডিংয়ের নিম্নস্থিত জমির অবিভক্ত সমানুপাতিক অংশ পরিমাণ সমেত উক্ত প্রেমিসেস/ বিল্ডিংয়ের যৌথ এলাকা ও সাধারণ সুযোগ–সুবিধা ভোগদখলের সমানাধিকার।

**দ্রষ্টব্য: (১) টিসিএইচএফএল–এর বিরুদ্ধে ঋণগ্রহীতার দায়ের করা এসএ (এসএ/১৯/২০২০) মহামান্য ডিআরটি ১, কলকাতা সমীপে বিচারাধীন। উক্ত মামলায় টিসিএইচএফএল–এর বিরুদ্ধে কোনও স্থগিতাদেশ জারি করা হয়নি। (২) ওপরের লোন অ্যাকাউন্টের প্রেক্ষিতে উপরিলিখিত অনাদায়ী বকেয়ার ওপরে অতিরিক্তরূপে কলকাতা পুরনিগমের প্রতি প্রদেয় পুর–কর বাবদ ₹৮৫,০০,০০০/– (পঁচাশি লক্ষ টাকা মাত্র) অপ্রদত্ত রয়েছে।**

**দ্রষ্টব্য: বিড জমা দেওয়ার আগে যথাযথ সতর্কতা অবলম্বনের জন্য বিডারদের প্রতি পরামর্শ দেওয়া হচ্ছে। এই নিলাম উপরোক্ত মামলা, বিবাদ (যদি থাকে)–এর রায় সাপেক্ষ হবে।**

এই নিলামে অংশ নিতে নিজ নিজ দরপত্র ব্যক্তিগতরূপে জমা দেওয়ার জন্য জনসাধারণের প্রতি আমন্ত্রণ জানানো হচ্ছে। এই বিক্রির সঙ্গে সম্পর্কযুক্ত বা এই বিক্রি সংক্রান্ত কাজের সঙ্গে জড়িত কোনও আধিকারিক বা অন্য কোনও ব্যক্তি প্রত্যক্ষ বা পরোক্ষভাবে বিক্রি হতে চলা এই স্থাবর সম্পত্তির কোনও স্বার্থ অধিগ্রহণ করতে পারবেন না।

এই বিক্রি সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–তে নির্ধারিত শর্তাবলি সহ নিম্নলিখিত শর্তাবলি সাপেক্ষ হবে: ...

স্থান: পশ্চিমবঙ্গ — স্বাঃ– অনুমোদিত আধিকারিক
তারিখ: ৩১.০৭.২০২৬ — টাটা ক্যাপিটাল হাউজিং ফিনান্স লিমিটেড

**pnb Housing Finance Limited**

**পরিশিষ্ট–IV–A — স্থাবর সম্পত্তি(সমূহ) ই–নিলাম বিক্রির বিজ্ঞপ্তি**

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৮(৬)–এর সংস্থানসমূহ–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর অধীনে স্থাবর পরিসম্পদসমূহ বিক্রির জন্য ই–নিলাম বিক্রির বিজ্ঞপ্তি

রেজিস্টার্ড অফিস: ফ্লোর নং ৯, অন্তরীক্ষ ভবন, ২২, কস্তুরবা গান্ধী মার্গ, নতুন দিল্লি–১১০০০১। ফোন: ০১১–২৩৩৫৭১৭১, ২৩৩৫৭১৭২, ২৩৭০৫৪১৪, ওয়েবসাইট: www.pnbhousing.com

**কলকাতা শাখা: পিএনবি হাউজিং ফিনান্স লিমিটেড, ফ্লোর নং ৫, সাউথ ব্লক, প্রেমিসেস নং ৭, কিড স্ট্রিট, কলকাতা–৭০০০১৬**

এতদ্দ্বারা জনসাধারণ–সহ বিশেষত নীচের টেবিলে কলাম নং ‘A’–তে উল্লিখিত ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)–এর প্রতি এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, মেসার্স পিএনবি হাউজিং ফিনান্স লিমিটেড/সুরক্ষিত ঋণদাতা–এর অনুমোদিত আধিকারিক দ্বারা নীচের টেবিলে কলাম নং ‘D’–তে বর্ণিত সুরক্ষিত ঋণদাতার অনুমোদিত আধিকারিক দ্বারা গঠনমূলক/ বাস্তবিক দখল (কলাম নং ‘C’–তে উল্লেখমতো) নেওয়া ও সুরক্ষিত ঋণদাতার কাছে বন্ধক রাখা/ দায়বদ্ধ স্থাবর সম্পত্তিগুলি নীচে উল্লিখিত বিশদ তথ্য অনুযায়ী **‘যেখানে আছে, যেমন আছে, যা কিছু আছে’** ভিত্তিতে বিক্রি করা হবে। নীচের টেবিলে কলাম নং ‘A’ তে উল্লিখিত ঋণগ্রহীতা(গণ)/ বন্ধকদাতা(গণ)/ সংশ্লিষ্ট ঋণগ্রহীতাগণ বা বন্ধকদাতাগণের (প্রয়াত হলে) আইনি উত্তরাধিকারীগণ (জ্ঞাত বা অজ্ঞাত), এগজিকিউটর(গণ), অ্যাডমিনিস্ট্রেটর(গণ), সাক্সেসর(গণ), অ্যাসাইনি(গণ) (প্রযোজ্যমতো)–এর প্রতি হাল তারিখ পর্যন্ত সংশোধনী–সহ পঠনীয় সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৮(৬) ও ৯–এর সংস্থানাধীনে এতদ্দ্বারা এই বিজ্ঞপ্তিটি জারি করা হচ্ছে।

বিক্রির বিশদ শর্ত ও নিয়মাবলির জন্য অনুগ্রহপূর্বক মেসার্স পিএনবি হাউজিং ফিনান্স লিমিটেড/ সুরক্ষিত ঋণদাতার এই ওয়েবসাইট দেখুন: www.pnbhousing.com

স্থান: কলকাতা; তারিখ: ৩১.০৭.২০২৬ — অনুমোদিত আধিকারিক, মেসার্স পিএনবি হাউজিং ফিনান্স লিমিটেড

# ৩ অক্টোবর শহরে ভারত বনাম ব্রাজিল

**আজকালের প্রতিবেদন**

শহর কলকাতার ব্রাজিল প্রেম নিয়ে লিখতে বসলে মহাকাব্য হয়ে যাবে। পেলে, রোনাল্ডিনহোর মতো কিংবদন্তি ব্রাজিলিয়ান ফুটবলাররা একসময় এই তিলোত্তমা ঘুরে গিয়েছেন। আর এবার দুর্গাপুজোর প্রাক্কালে সাম্বার রঙে সেজে উঠবে গোটা শহর। কোনও থিম পুজো নয়। অক্টোবরের শুরুতেই কলকাতায় খেলতে আসছে ব্রাজিল ফুটবল দল। ৩ অক্টোবর ভারতীয় জাতীয় ফুটবল দলের সঙ্গে যুবভারতী স্টেডিয়ামে একটি প্রীতি ম্যাচ খেলবে। বৃহস্পতিবার রাত সাড়ে আটটা নাগাদ ব্রাজিলিয়ান ফুটবল কনফেডারেশনের তরফে এই খবরে সিলমোহর পড়েছে। প্রসঙ্গত, ১৯৭৭–এ কলকাতায় খেলে গিয়েছিলেন ফুটবল সম্রাট পেলে। আগামী বছর সেই ম্যাচের সুবর্ণ জয়ন্তী।

সেপ্টেম্বর–অক্টোবরে ফিফা আন্তর্জাতিক উইন্ডোতে ব্রাজিল মোট ৩টি প্রীতি ম্যাচ খেলবে। এর মধ্যে প্রথম দুটি অস্ট্রেলিয়ায়। আগামী ২৫ ও ২৯ সেপ্টেম্বর যথাক্রমে টাউন্সভিল ও ব্রিসবেনে অস্ট্রেলিয়া জাতীয় ফুটবল দলের বিপক্ষে ম্যাচ দুটি খেলবে সাম্বা বাহিনী। তারপরই ব্রাজিল দল চলে আসবে কলকাতায়। এখানে সন্দেশ ঝিঙ্গানদের মুখোমুখি হবেন ভিনিসিয়াস জুনিয়ররা। ম্যাচটি নিয়ে মাঝে জল্পনা ছড়ায় যে, ব্রাজিল অন্য কোনও দক্ষিণ আমেরিকান দলের বিরুদ্ধে নামতে পারে। তবে, সেই জল্পনায় জল ঢেলে ব্রাজিলিয়ান ফুটবল কনফেডারেশন জানিয়েছে, ভারতের বিরুদ্ধেই যুবভারতীতে খেলবে দল।

সরকারি বিবৃতিতে তারা লিখেছে, ‘অস্ট্রেলিয়ায় প্রীতি ম্যাচের পর আমাদের পরবর্তী গন্তব্য ভারত। সেখানে আমরা ইতিহাসের নতুন অধ্যায় লিখব। আগামী ৩ অক্টোবর, ব্রাজিল প্রথমবার ভারতের মাটিতে এমন একটি দেশের বিরুদ্ধে খেলবে, যেখানে ব্রাজিলের সবচেয়ে বেশি সমর্থক রয়েছে। ব্রাজিল ফুটবলের প্রতি ভালবাসা যেখানে প্রজন্মের পর প্রজন্ম ধরে চলছে। সেই ভারতীয় সমর্থকদের সামনে খেলতে নামার জন্য আমরা অপেক্ষা করছি।’

মোহনবাগান দিবসের অনুষ্ঠানে ব্রাজিলের আসার খবর জানান রাজ্যের ক্রীড়ামন্ত্রী ডাঃ ইন্দ্রনীল খাঁ। এই ম্যাচ প্রসঙ্গে এআইএফএফ প্রেসিডেন্ট কল্যাণ চৌবে বলেন, ‘কঠিন প্রতিপক্ষের বিরুদ্ধে খেললে তবেই আমরা ফুটবলে এগোব। এইসময় দাঁড়িয়ে ব্রাজিলের চেয়ে কঠিন দল আর কেউ হতে পারে না। এই ম্যাচে আমাদের ফুটবলাররা মাঠে নিজেদের সেরাটা উজাড় করে দেবে। একইভাবে সংগঠকদেরও সফলভাবে ম্যাচটি আয়োজিত করতে হবে।’ ভারতের জাতীয় দলের ডিরেক্টর তথা প্রাক্তন ফুটবলার সুব্রত পাল বলেছেন, ‘আমাদের কাছে এই ম্যাচটি আর পাঁচটা সাধারণ ম্যাচের মতো নয়। ফুটবল ইতিহাসের অন্যতম সেরা একটি দলের বিরুদ্ধে আমরা খেলার সুযোগ পাচ্ছি। ফলে আমাদের ফুটবলাররা আরও উন্নতি করবে। আগামী দিনে আরও বড় স্বপ্ন দেখতেও অনুপ্রাণিত করবে।’




*(ব্রাজিল ফুটবল কনফেডারেশনের করা সেই পোস্ট)*

## অপেক্ষা শুরু আনোয়ারের

# ‘ব্রাজিলের বিরুদ্ধে খেলা স্বপ্নের মতো’

**রাজর্ষি গাঙ্গুলি**

বিশ্বের যে কোনও ফুটবলারের স্বপ্ন থাকে ব্রাজিলের মতো দলের বিরুদ্ধে খেলা। কিন্তু ভারতীয় ফুটবলারদের ক্ষেত্রে সেই স্বপ্নপূরণ হওয়ার রাস্তা ভীষণ কঠিন। অন্তত বৃহস্পতিবার সন্ধের আগে পর্যন্ত তো ছিলই। প্রায় অবাস্তব সেই স্বপ্নই সত্যি হয়ে গেল একটি ঘোষণার পর। ব্রাজিল এবং ভারত দু’দেশের ফুটবল সংস্থার পক্ষ থেকেই জানানো হয়েছে, ৩ অক্টোবর যুবভারতী স্টেডিয়ামে ফিফা ফ্রেন্ডলি ম্যাচে মুখোমুখি হবে দুই দেশের জাতীয় ফুটবল দল। আর এখন থেকেই সেই ম্যাচে খেলতে নামার উত্তেজনায় টগবগ করে ফুটছেন এইমুহূর্তে ভারতের সেরা ডিফেন্ডার আনোয়ার আলি।



রাজারহাটে ইস্টবেঙ্গল অনুশীলন তখন শেষ। ফুটবলাররা বাড়ি ফেরার রাস্তায়। আনোয়ার আলিও বেরোচ্ছিলেন বাকিদের সঙ্গে। তিনি ফিট থাকলে ব্রাজিল ম্যাচে যে নামবেনই, তা বলে দেওয়াই যায়। খুব স্বাভাবিকভাবেই সেই ম্যাচে ভারতীয় রক্ষণে ভীষণ চাপ পড়বে। সম্মানজনক ফলের জন্য গোটা দেশ তাকিয়ে থাকবে আনোয়ারদের দিকেই। আর দেশের রক্ষণের সেরা স্তম্ভ কী বলছেন? ‘যে কোনও ফুটবলারের স্বপ্ন থাকে ব্রাজিলের মতো দলের বিরুদ্ধে খেলা। আমারও ছিল। আমি নিজে ব্রাজিল সমর্থক। তাই এই ম্যাচ আমার কাছে স্পেশ্যাল। আমাকে যদি জাতীয় শিবিরে সুযোগ দেওয়া হয় এবং এই ম্যাচে নামানো হয়, তা আমার কাছে স্বপ্নপূরণের থেকে কম কিছু নয়। আমি নিজের সবটুকু উজাড় করে দেব।’

থিয়াগো সিলভার অন্ধ ভক্ত আনোয়ার। ক্যাসেমিরোর খেলাও বেশ ভাল লাগে। আনোয়ার বলছিলেন, ‘গোটা বিশ্বে যাঁরা ফুটবল ভালবাসেন, তাঁদের একটা বড় অংশ ব্রাজিলের ভক্ত। আমিও। নিজের দেশের হয়ে প্রিয় দলের বিরুদ্ধে খেলা আবেগের। ভীষণভাবে অপেক্ষা করছি মুহূর্তটার জন্য।’ আর্জেন্টিনার যুব দলের বিরুদ্ধে ভারতের যুব দলের হয়ে ফ্রিকিক থেকে দুরন্ত গোল আছে আনোয়ারের। এবার সুযোগ আরেক লাতিন ফুটবল শক্তি ব্রাজিলের বিরুদ্ধে নামার। আনোয়ার দুই ম্যাচের তুলনায় যেতে নারাজ। তাঁর কথায়, ‘যুব দলের সঙ্গে সিনিয়র দলের কোনও তুলনা হয় না। অনেক ফারাক। তবে তখনও নিজের সেরাটা দিয়েছিলাম। এবারও দেব।’

## বাগানরত্ন




প্রয়াত অঞ্জন মিত্রর স্ত্রী সুজাতা মিত্রর হাতে মোহনবাগানরত্নর স্মারক তুলে দিচ্ছেন ক্লাবের সভাপতি দেবাশিস দত্ত ও সচিব সৃঞ্জয় বসু। রয়েছেন শিল্পমন্ত্রী তাপস রায়, সোহিনী মিত্র চৌবে। ছবি: অভিষেক চক্রবর্তী

# মোহনবাগান দিবসের মঞ্চেই আগামীর শপথ

**সায়ন গুপ্ত**

নেতাজি ইনডোর স্টেডিয়াম থেকে বেরোনোর সময় তাঁদের ঘিরে ধরলেন একঝাঁক সমর্থক। সেলফির আবদারে হাঁসফাঁস অবস্থা। হাতে অল্প সময়। তাই সবার অনুরোধ রাখা কঠিন। তবু তাঁরা ধৈর্য হারাননি। সমর্থকদের এই আবেগ আলবার্তো রডরিগেজ, লিস্টন কোলাসো, সুহেল ভাটের কাছে নতুন না হলেও তিনি অবাক চোখে দেখলেন। মোহনবাগান দিবসের পুরস্কার বিতরণী অনুষ্ঠানে তারাদের সমাহারের মাঝে আকর্ষণের কেন্দ্রবিন্দুতে ছিলেন তিনিই। সবুজ–মেরুনের নবাগত কোচ পানাগিওটিস ডিম্পেরিস।

স্টেডিয়ামে ঢোকা থেকে স্টেডিয়াম ছেড়ে বেরোনো, প্রতি মুহূর্তে দর্শকদের হাততালিতে ভাসলেন ডিম্পেরিস। তাঁকে সংবর্ধনাও দেওয়া হয়। মঞ্চ থেকে সমর্থকদের উদ্দেশে গ্রিক কোচের বার্তা, ‘মোহনবাগান দিবসের অনেক শুভেচ্ছা। ভারতের সেরা ক্লাবের ও এত বড় পরিবারের সদস্য হয়ে আমি আপ্লুত। এই অনুভূতি অসাধারণ। কথা দিচ্ছি, এই মরশুমে সব ট্রফি জিততে আমরা কঠোর পরিশ্রম করব।’ শিবদাস ভাদুড়ী নামাঙ্কিত সেরা ফুটবলারের পুরস্কার পেলেন আলবার্তো রডরিগেজ। স্প্যানিশ ডিফেন্ডার বলেন, ‘আমার পাশে থাকার জন্য সকলকে ধন্যবাদ। গত মরশুম আশানুরূপ হয়নি। তাই এই মরশুমে আরও ট্রফি জিতে সমর্থকদের আনন্দ দিতে চাই।’ সুভাষ ভৌমিক নামাঙ্কিত সেরা ফরোয়ার্ডের পুরস্কার পেলেন লিস্টন কোলাসো। বললেন, ‘এই শহর ও ক্লাব আমার খুব কাছের হয়ে উঠেছে। কথা দিচ্ছি, এবার সব ট্রফি জিতব।’

মোহনবাগান দিবস উদ্‌যাপন উপলক্ষে বৃহস্পতিবার নেতাজি ইনডোরে চাঁদের হাট বসেছিল। ক্রীড়াজগতের পাশাপাশি রাজনৈতিক ব্যক্তিত্বরাও হাজির ছিলেন। সিএবি সভাপতি সৌরভ গাঙ্গুলি, এআইএফএফ সভাপতি কল্যাণ চৌবের পাশাপাশি এসেছিলেন ক্রীড়ামন্ত্রী ডাঃ ইন্দ্রনীল খাঁ, শিল্পমন্ত্রী তাপস রায়, অশোক দিন্দা, শঙ্কর ঘোষ, দীপক বর্মন, রুদ্রনীল ঘোষ, অর্থমন্ত্রী স্বপন দাসগুপ্ত–সহ বিশিষ্টরা। বিধানসভার স্পিকার রথীন বসুও হাজির ছিলেন। ইন্দ্রনীল, রথীন এবং স্বপনকে ক্লাবের সাম্মানিক সদস্যপদ দেওয়া হয়। বাগান দিবসের মঞ্চ থেকেই ৩ অক্টোবর যুবভারতী ক্রীড়াঙ্গনে ভারত বনাম ব্রাজিলের প্রীতি ম্যাচ আয়োজনের কথা ঘোষণা করেন ক্রীড়ামন্ত্রী। এছাড়াও, উপস্থিত ছিলেন অমর একাদশের পরিবারের সদস্যরা।

এবার বাগানরত্ন পেলেন প্রয়াত সবুজ–মেরুন কর্তা অঞ্জন মিত্র। উপস্থিত ছিলেন তাঁর স্ত্রী সুজাতা মিত্র। অঞ্জন মিত্রের পরিবারের তরফে ক্লাবের মালিদের তহবিলে অর্থ অনুদান দেওয়া হয়। বাংলার ক্রিকেটে বিশেষ অবদানের জন্য প্রাক্তন ক্রিকেটার অনুষ্টুপ মজুমদার সংবর্ধনা দেওয়া হয়। পাশাপাশি প্রতুল চক্রবর্তী রেফারি অ্যাওয়ার্ড পান প্রাক্তন রেফারি সাগর সেন। অঞ্জন মিত্রর নামাঙ্কিত সেরা ক্রীড়া সংগঠকের পুরস্কার পেলেন প্রয়াত গোপীনাথ ঘোষ। প্রণব ব্যানার্জি নামাঙ্কিত সেরা অ্যাথলিট পুরস্কার পেলেন তহুরা খাতুন। কেশব দত্ত নামাঙ্কিত সেরা হকি খেলোয়াড় মহম্মদ রাহিল। অরুণলাল নামাঙ্কিত সেরা ক্রিকেটারের সম্মান পেলন অভিষেক রমন। সেরা উঠতি ফুটবলারের পুরস্কার পেলেন সুহেল ভাট। জীবনকৃতি সম্মান দেওয়া হল প্রাক্তন গোলরক্ষক প্রতাপ ঘোষকে। অনুষ্ঠানের শুরু হয়েছিল জয়তী চক্রবর্তীর গানের সুরে। শেষ হল সুদেশ ভোসলের বলিউড গানে।

# ক্রিকেটকে বিদায় রাহানের

**আজকালের প্রতিবেদন**

আন্তর্জাতিক ক্রিকেটকে বিদায় জানালেন ভারতীয় দলের অন্যতম ভরসাযোগ্য ব্যাটার অজিঙ্কা রাহানে। দীর্ঘদিন ভারতীয় দলের বাইরে থাকার পর বৃহস্পতিবার আন্তর্জাতিক ক্রিকেটের সব ফরম্যাট থেকে অবসরের ঘোষণা করেন ৩৮ বছর বয়সি মুম্বইকার। সোশ্যাল মিডিয়ায় একটি ভিডিও পোস্ট করে ক্যাপশনে লিখলেন, ‘ক্যাপ নম্বর ২৭৮, সাইনিং অফ।’ আন্তর্জাতিক মঞ্চকে বিদায় জানানোর পাশাপাশি সব ধরনের ক্রিকেট থেকেই অবসর নিচ্ছেন কলকাতা নাইট রাইডার্স অধিনায়ক।

২০১৩ সালে দেশের হয়ে অভিষেক হয় রাহানের। ৮৫টি টেস্টে ৫,০৭৭ রান করেছেন তিনি, গড় ৩৮.৪৬। লাল বলের ক্রিকেটে তাঁর ঝুলিতে রয়েছে ১২টি শতরান ও ২৬টি অর্ধশতরান। এছাড়া ৯০টি একদিনের ম্যাচে ৩টি সেঞ্চুরি–সহ ২,৯৬২ রান এবং ২০টি টি২০ ম্যাচে ৩৭৫ রান করেছেন তিনি। দেশের হয়ে শেষবার ২০২৩ সালের ওয়েস্ট ইন্ডিজ সফরে খেলেছিলেন। মুম্বইকে ৪২তম রনজি ট্রফি জেতানো অধিনায়ক হিসেবে ঘরোয়া সার্কিটে তাঁর অবদান অনস্বীকার্য। বিগত কয়েক বছর ধরে নির্বাচকদের উপেক্ষা সত্ত্বেও নিজেকে প্রমাণের তাগিদে তিনি ঘরোয়া ক্রিকেটে মুম্বইয়ের হয়ে কেবল প্রতিনিধিত্ব করেননি, নেতৃত্বও দিয়েছেন। গত আইপিএলে মন্থর ব্যাটিংয়ের জন্য স্ট্রাইক রেটের প্রশ্নে সমালোচিত হয়েছিলেন রাহানে। ব্যাট হাতে মরশুম একেবারেই ভাল যায়নি। অবশেষে সময়ের দাবি মেনে ক্রিকেটকে বিদায় জানালেন এদিন।

শুধু পরিসংখ্যান দিয়ে রাহানের অবদান বিচার্য নয়। ভারতীয় ক্রিকেটে তাঁর নাম চিরস্মরণীয় হয়ে থাকবে ২০২০–২১ সালের বর্ডার–গাভাসকার ট্রফির জন্য। এডিলেডে ৩৬ রানে অলআউট হওয়ার লজ্জা এবং প্রথম টেস্টের পর অধিনায়ক বিরাট কোহলির অনুপস্থিতিতে দল যখন চরম বিপর্যয়ে, নেতৃত্বের দায়িত্ব নেন রাহানে। চোট–আঘাতে প্রথম সারির একঝাঁক তারকাকে হারিয়েও মেলবোর্নে ১১২ রানের অনবদ্য ইনিংস খেলে সিরিজে সমতা ফেরান। শেষ পর্যন্ত ব্রিসবেনে ঐতিহাসিক জয় ছিনিয়ে ২–১ ব্যবধানে সিরিজ পকেটে পুরেছিল ভারত।

> তুমি মুহূর্তের পিছনে ছোটোনি। দলের জন্য তোমার কঠোর পরিশ্রমে মুহূর্তই তোমার কাছে ধরা দিয়েছে
>
> **শচীন তেন্ডুলকার**

অবসরের ভিডিও–বার্তায় রাহানে বলেন, ‘জীবনের নিয়মই এটা। সব শুরুর শেষও থাকবে। সময় এলে তাকে সম্মান জানিয়ে সরে দাঁড়াতে হয়। অজিঙ্কা নামের অর্থ অপরাজেয়। কিন্তু ক্রিকেট আমাকে বহুবার হারের মুখ দেখিয়েছে। ক্রিকেটে সাফল্যের চেয়ে ব্যর্থতার মুখ দেখতে হয় বেশি। আমার দল হেরেছে, আমি ভুলভ্রান্তি করেছি। তবে একটা জায়গায় কোনওদিন হারিনি, তা হল আপনাদের হৃদয়ে। আপনারা সর্বদা আমাকে একেবারে আপন করে নিয়ে, ভালবাসা উজাড় করে দিয়েছেন। এই ভালবাসা, বিশ্বাস ও সমর্থনের জন্য অনেক কৃতজ্ঞতা। ক্যাপ নম্বর ২৭৮, সাইনিং অফ।’

রাহানের অবসরের পর সোশ্যাল মিডিয়ায় আবেগঘন বার্তা দিয়েছেন শচীন তেন্ডুলকার। কিংবদন্তি লেখেন, ‘অসাধারণ একটা কেরিয়ারের জন্য অনেক শুভেচ্ছা অজিঙ্কা। মুম্বইয়ের হয়ে যখন প্রথমবার আমরা একসঙ্গে ব্যাট করেছিলাম, তখনই বুঝেছিলাম তুমি মুহূর্তের পিছনে ছুটে বেড়াও না। দলের জন্য যে কঠোর পরিশ্রম তুমি করো, মুহূর্ত নিজেই তোমার কাছে ধরা দেয়।’ বিরাট কোহলি লিখলেন, ‘জিঙ্কস, অসাধারণ একটা কেরিয়ারের জন্য তোমাকে অনেক অনেক শুভেচ্ছা। ভারতীয় ক্রিকেটে আশ্চর্য সব কাণ্ড ঘটিয়েছ, তুমি নিজের এই যাত্রার জন্য খুব গর্বিত হবে। স্লিপে নিরাপদতম একজোড়া হাত ছিলে তুমি, এবং নিঃসন্দেহে আমার প্রিয় টেস্ট ব্যাটিং পার্টনার। তোমার জন্য শুভেচ্ছা রইল।’ তাঁর অবসরে শুভেচ্ছা জানিয়েছেন প্রাক্তন তারকারা, শুভেচ্ছা জানিয়েছে ভারতীয় ক্রিকেট বোর্ডও। রাহানের অবসরে ভারতীয় ক্রিকেটের ক্লাসিক্যাল ঘরানার কার্যত সমাপ্তি হল।



# পঞ্চম হয়ে ফাইনালে নীরজ

**আজকালের প্রতিবেদন**

প্রত্যাশামতোই জ্যাভেলিনের ফাইনাল রাউন্ডে পৌঁছে গেলেন নীরজ চোপড়া। কিন্তু যোগ্যতা অর্জন পর্বে নিজের সেরা ফর্মের ধারেকাছেও ছিলেন না। শেষ করলেন পাঁচ নম্বরে। ৮০ মিটারও ছুড়তে পারলেন না। সেরা স্কোর ৭৯.৬১ মিটার।



অবশ্য শুধু নীরজ নন, কোনও প্রতিযোগীই নিজের সেরাটা মেলে ধরতে পারেননি। ৮৪ মিটার ছুড়লে সরাসরি ফাইনালে যাওয়ার সুযোগ ছিল। কোনও প্রতিযোগীই সেই মাইলস্টোনে পৌঁছোতে পারেননি। স্কোর অনুযায়ী প্রথম ১২ জন গেলেন ফাইনাল রাউন্ডে। সেখানে নীরজ ছাড়াও আছেন আরও দুই ভারতীয়। তাঁরা হলেন রোহিত যাদব ও যশবীর সিং। ৭৮.৩৭ মিটার ছুড়ে রোহিত রয়েছেন ৯ নম্বরে, ৭৮.৩৬ মিটার ছুড়ে ১০ নম্বরে যশবীর।

এবারের কমনওয়েলথ গেমসে নীরজের সবথেকে বড় চ্যালেঞ্জার শ্রীলঙ্কার রুমেশ পাথিরাগে। ৮২.৮৪ মিটার ছুড়ে তিনিই পেলেন প্রথম স্থান। সম্প্রতি দোহা ও রোম ডায়মন্ড লিগে শীর্ষে ছিলেন রুমেশ। গ্রেনাডার অ্যান্ডারসন পিটার্স পেলেন দ্বিতীয় স্থান (৮১.২৯)। যে ১২ জন ফাইনালে উঠলেন, তাঁদের মধ্যে মাত্র ৪ জন ৮০ মিটারের গণ্ডি অতিক্রম করেছেন।

নীরজ ২০১৮–র গোল্ড কোস্ট কমনওয়েলথ গেমসে সোনা পেলেও, চোটের জন্য ২০২২–এর বার্মিংহাম কমনওয়েলথে নামেননি। গত বছরও চোটের জন্য বেশ কিছু গুরুত্বপূর্ণ প্রতিযোগিতায় নামতে পারেননি। সম্প্রতি চোট সারিয়ে ফিরেছেন। জুন মাসে দোহা ডায়মন্ড লিগে তাঁর স্কোর ছিল ৮৫.৬৯ মিটার। পেয়েছিলেন চতুর্থ স্থান। আজ রাতে ফাইনাল। ভারতীয় সময় রাত ১২.৪৫ নাগাদ ফাইনাল শুরু হওয়ার কথা।

# লং জাম্পে ফের রুপো মুরলীর

**আজকালের প্রতিবেদন**

**সোনার অভিযান শুরু করেছিলেন মীরাবাই চানু। পরের সোনা পান শর্মিলা ধনকড়, প্যারা কমনওয়েলথে সেই সোনা আসে শট পাটে। এবারও সোনা এনে দিলেন প্যারা অ্যাথলিট দিলীপ মাহাড়ু। তিনি সোনা পেলেন ১০০ মিটারে। সময় নিলেন ১০.৭১ সেকেন্ড। এই ইভেন্টে রুপোও এল ভারতের দখলে। মহম্মদ বাসিল সময় নিলেন ১০.৮৩ সেকেন্ড। কমনওয়েলথে এই নিয়ে তিনটি সোনা এল ভারতের।**

**পদকতালিকায় শতাধিক পদক নিয়ে সবার আগে ছুটছে অস্ট্রেলিয়া। পদক সংখ্যার নিরিখে এরপর কানাডা ও ইংল্যান্ড। ভারত আপাতত আট নম্বরে। তবে বক্সিংয়ে ভারতের দশটি পদক নিশ্চিত হয়েছে। পুরুষ ও মহিলা মিলিয়ে দশ জন বক্সার সেমিফাইনালে পৌঁছে গেছেন। বৃহস্পতিবার লং জাম্পে রুপো এনে দিলেন মুরলী শ্রীশঙ্কর। চার বছর আগে, বার্মিংহামেও রুপো জিতেছিলেন তামিলনাড়ুর এই লংজাম্পার। গত এশিয়ান গেমসেও এসেছিল রুপো। কিন্তু তারপর চোটের জন্য প্রায় দু’বছর মাঠের বাইরে কেটেছে। এদিন মুরলীর স্কোর ৮.০৯ মিটার। পদক জয়ের পর সমালোচকদের উদ্দেশে মুরলী বলেন, ‘যাঁরা বলেছিলেন আমি আর কখনই লাফাতে পারব না, এই পদকটা তাঁদের জন্য।’**

**ট্রিপল জাম্পের ফাইনালে পৌঁছে পদকের আশা জিইয়ে রাখলেন গেলেন প্রবীণ চিত্রাভেল ও সেলভা প্রভু। ডেকাথলনে তেজস্বীন শঙ্কর সম্ভাবনা জাগালেও চোট পেলেন। তাঁকে ঘিরে দুশ্চিন্তা বাড়ল। শটপাট ফাইনালে শেষমেশ তাজিন্দরপাল পঞ্চম (২০.২৭ মিটার) এবং সমরদীপ গিল সপ্তম (২০.০৩ মিটার) স্থান পেলেন। ২০০ মিটার দৌড়ের সেমিফাইনালে অনিমেষ কুজুর ষষ্ঠ (২০.৬৫ সেকেন্ড) হয়েছেন।**

MAULANA ABUL KALAM AZAD UNIVERSITYOF TECHNOLOGY, WB
(Formerly West Bengal University of Technology)
Website : www.makautwb.ac.in
Main Campus: Haringhata, Nadia 741249, WB
Kolkata Office: BF-142, Sector-1, Salt Lake City Kolkata-700064
MAKAUT, W.B. invites applications from eligible candidates for engagement as Contractual Faculty (Law) in the Centre of Legal Education on a purely contractual basis. Details are available at www.makautwb.ac.in. Last date for submission of applications: 09.08.2026.
Assistant Registrar
MAKAUT,W.B

SUGUNA Chicken
Younger Tender Better
কলকাতা ও হাওড়ার গতকালের খামার মূল্য 121

| | |
|---|---|
| S24 PAGS | 120 |
| N24 PAGS | 120 |
| RANAGHAT | 120 |
| ARAMBAGH | 119 |
| BURDWAN | 120 |
| BOLPUR | 119 |
| MIDNAPUR | 119 |
| BANKURA | 116 |
| SILIGURI | 124 |
| MALDA / BALURGHAT | 118 |
| FALAKATA | 126 |
| ALIPURDUAR | 128 |

CONTACT-80160 91101

আগামিকাল
প্রকাশিত হবে
আজকাল খেলা
সম্পাদক
অশোক দাশগুপ্ত

স্পেনের মুঠোয় বিশ্বকাপ!

তীরে এসে তরী ডুবল লিওনেল মেসির আর্জেন্টিনার। তৃতীয় বিশ্বকাপ ফাইনাল খেলেও দ্বিতীয় ট্রফি এল না। লা মাসিয়ায় তাঁর উত্তরসূরিরা বিশ্বকাপ নিয়ে গেলেন মেটলাইফ থেকে, তিকিতাকায়। উনচল্লিশের মেসিকে বিদায়ী ‘গার্ড অফ অনার’ দিয়ে, মাঠেই। সম্মান পেলেন মেসি, কিন্তু ফিফার অদ্ভুত সিদ্ধান্তে পেলেন না সোনার বলও!




স্বর্গে পিকে–অমলের বিশ্বকাপ আলোচনা
দেবাশিস দত্ত

২ বিশেষ লেখা
রোনাল্ডো নাজারিও
ফিলিপ লাম

আমেরিকা থেকে দুরন্ত প্রতিবেদন
রাজর্ষি গাঙ্গুলি
অরুণাভ সেনগুপ্ত

বিশ্বকাপের নানারকম
সুতপা ভৌমিক ♦ স্বরূপ গোস্বামী
অনির্বাণ সেনগুপ্ত ♦ অরিত্র বসু ♦ প্রসূন চন্দ
সায়ন গুপ্ত ♦ আর্চি রজার্স ♦ দীপ্তাংশু মণ্ডল
রাকেশ ঝা ♦ কংসারি কয়াল

বিশ্বকাপের সব ম্যাচের ফল, পুরস্কার
সুমন বন্দ্যোপাধ্যায়

শুরু কলকাতা ফুটবল লিগ
সম্পদ চৌধুরী

উইম্বলডন
সুপ্রিয় মুখোপাধ্যায় ♦ সুমন বন্দ্যোপাধ্যায়

ক্রিকেট নিয়ে
নজরুল ইসলাম ♦ বিশ্বজিৎ দাস ♦ সুপ্রিয় মুখোপাধ্যায় ♦ অশোক রায়

নিয়মিত
খেলবই ♦ বিতর্ক ♦ স্কোরবোর্ডের সংলাপ ♦ অ্যাডভেঞ্চার স্পোর্টস

মাত্র ৩০ টাকা